


প্রকাশক শ্রীআশুতোষ ধর আশুতোষ লাইব্রেরী ধন্য নং কলেজব্লীট, কলিকাতা।

३७२०






## কলিকাতা।

৬৫।১ নং বেচ্চাটার্জির খ্রীট, "শিশু প্রেস" হইতে শ্রীশরচক্র সরকার দারা মুদ্রিত।








## সাগরপুলিনে।

সন্ধ্যা সমাগতা প্রায়। সূর্য্যদেব কিরণমালা আহরণ করিয়া অন্তগমনোন্মুখ হইয়াছেন। তাঁহার লোহিত বর্ণে স্থনীল আকাশ রঞ্জিত হইয়াছে; সমুদ্রের নীল জলে সে রক্তিমাতা প্রতিকলিত হইয়া স্থন্দর দেখাইতেছে।

এমন সময়ে সাগরতীরস্থিত পর্বতের পাদমূলে দাঁড়াইয়া এক কিশোরী প্রকৃতির মনোরম শোভা সন্দর্শন করিতেছেন। তাঁহার মস্তকের উপর অসীম আকাশ—সম্মুখে অপার স্থনীল সাগর—



একে এমন মনোমদ স্থান; তাহাতে আবার সান্ধ্য প্রকৃতির মনোমুগ্ধকর দৃশ্য—কিশোরী যতই দেখিতেছেন, ততই মুগ্ধ হইতেছেন। তাঁহার মনপ্রাণ যেন সেই প্রাকৃতিক সৌন্দর্য্যের অণু-পরমাণুতে প্রবেশ করিয়াছে। তাঁহার দেহযন্তি ধ্যাননিরতা যোগিনীর স্থায় নিশ্চল ও নিম্পন্দভাবে দণ্ডায়মান রহিয়াছে।

সান্ধ্য-সমীরণে কিশোরীর দোলায়মান কেশ-কলাপ আকাশে মেঘের সঞ্চার দেথাইতেছে— আবার বসনাঞ্চলে যেন কত বিচ্যুতের খেলা খেলিতেছে। তাহাতেও তাঁহার ধ্যান ভঙ্গিতেছে না।

উত্তাল-তরক্ষ-সঙ্কুল সমুদ্র, তালে তালে নাচিয়া নাচিয়া কিশোরীর অলক্ত-রঞ্জিত পদ-যুগল ধৌত করিয়া দিতেছে, ইহাতেও তাঁহার ক্রক্ষেপ নাই। কিশোরীর প্রাণ-শৃত্য দেহ যেন বাহ্য প্রকৃতির কিছুই দেখিতেছেনা, কিছুই শুনিতেছে না।

সহসা এক যুবতী আসিয়া কিশোরীর পশ্চান্তাগে দণ্ডায়মানা হইলেন। যুবতী, কিশোরীকে অম্বেষণ করিতেই সমুদ্র-তীরে উপস্থিত হইয়াছেন। কিন্তু তাঁহার বিমুগ্ধ ভাব দেখিয়া নিজেই মুগ্ধ হইলেন। তিরস্কার করিতে আসিয়া, নিজেই তিরস্কৃত হইলেন। তিনি কিশোরীকে আর সম্বোধন করিতে সাহস পাইলেন না। কিয়ৎক্ষণ এইভাবে অতিবাহিত হইলে, যুবতীর চমক ভাঙ্গিল, সন্ধ্যা সমাগতা দেখিয়া, কিশোরীকে ডাকিলেন—"স্বভদ্রা!" "স্বভদ্রা!!"

যুবতীর স্নেহবিজড়িত, বীণাবিনিন্দিত স্বর কিশোরীর কর্ণ-কুহরে প্রবেশ করিল না। তাঁহার ধ্যানও ভাঙ্গিল না।

তখন যুবতী স্থভদার চিবুক ধারণপূর্বক

へ 水

> বলিলেন—"স্বভদ্রা, সন্ধ্যা হইয়াছে, এভাবে আর কতক্ষণ এখানে থাকিবে ?"

> গাঢ় নিদ্রাভিভূত ব্যক্তিকে সহসা জাগরিত করিলে, সে যেমন কিয়ৎকাল কিংকর্ত্রাবিমূঢ় হইয়া থাকে, স্বভদ্রার অবস্থাও ঠিক তেমনই হইল। তিনি ষেন এ ঘটনার কিছুই বুঝিতে পারিলেন না। যুবতী আবার ডাকিলেন। এবার অতি আদরে স্বভদ্রার গলা জড়াইয়া ধরিলেন, এবং স্নেহভরে বলিলেন—"এস দিদিমণি আমার—প্রাণস্থী আমার, সন্ধ্যা হইয়াছে, চল বাড়ী যাই।"

তথন কিশোরীর ধ্যান ভাঙ্গিল। দেখিলেন— বাল্য-জীবন-সঙ্গিনী বৌদিদি সত্যভামা, তাঁহার গ্রীবা বেষ্টন করিয়াছেন। অমনি আবেগভরে বলিয়া উঠিলেন—

"বৌদিদি, বৌদিদি, দেখ দেখ, অপার সমুদ্রের সহিত অসীম আকাশের সন্মিলনে কি স্থন্দর ভাব ধারণ করিয়াছে। তাহারা যেন



পরস্পরকে প্রাপ্ত হইবার জব্দু লালায়িত, উভয়েই যেন কি এক মহান্ উদ্দেশ্যে পরস্পরের প্রতি ধাবিত হইতেছে। দূরে—বহু দূরে ফাইয়া যেন তাহাদের স্বাতন্ত্র্য বিলুপ্ত হইয়াছে। সাগরের সহিত মিলিত হইয়া যেন অসীম আকাশ সসীম হইয়াছে—আর তাহাদের ধরাধরির আগ্রহ নাই, ধরিবার জন্ম ছুটাছুটি নাই, সেখানে তাহারা ধীর, স্থির, প্রশান্ত ।"

সত্যভামা এই কথায় যোগ দিয়া বলিলেন,—
"ঠিক বলিয়াছ দিদিমণি আমার, যে যাহাকে
চাহে, সে তাহাকে পাইলে এই প্রকার ধীর,
স্থির, শান্তভাবই ধারণ করিয়া থাকে। এই
দেখ না, তোমাকে না পাইয়া কত উদ্বেগ হইয়াছিল—কত স্থানে খুঁজিয়াছি—কত ছুটাছুটি
করিয়াছি—প্রাণে কত অশান্তি আসিয়াছিল!
কিন্তু,যেমন পাইয়াছি, অমনিই সকল যাতনা দূর
হইয়াছে। প্রাণে যেন কত শান্তি আসিয়াছে।"
এই কথা বলিতে বলিতে সত্যভামা স্বভদ্রাকে




সম্নেহে বাহুপাশে বৈষ্টন করিলেন, কতই
আদর মমতা জানাইলেন। পরক্ষণে বলিলেন
—"এস দিদিমণি আমার, সূর্য্যদেব অস্তমিত
প্রায়, চল এখন বাড়ী যাই।"


স্কুভদ্রা এক পদও নজিলেন না—তাঁহার প্রাণ যেন এখনও প্রকৃতির নিকট হইতে ফিরিয়া পান নাই। বিনীত ভাবে বলিলেন—

"না বৌদিদি, এখনও স্থ্যদেব অস্তমিত হন নাই। একটুকু অপেক্ষা কর, প্রাণ ভরিয়া এই মনোরম দৃশ্য আর একটুকু দেখিয়া যাই।" এই বলিয়া স্থভদ্রা সত্যভামার হস্ত ধরিলেন এবং আবেগভরে বলিতে লাগিলেন—

"ঐ দেখ বৌদিদি, সূর্য্যদেব অস্তাচলে আরোহণপূর্বক সন্ধ্যা সমাগমে কি শান্তভাব ধারণ করিয়াছেন! সন্ধ্যার সহিত মিলিত হইবার জন্ম তাঁহার কত আগ্রহ ছিল্ল—সন্ধ্যার অভাবৈ প্রাণে কত জালা ছিল। এক্ষণে সন্ধ্যাকে পাইয়া, সকল জালা—সকল







"দেখিয়াছি, দেখিয়াছি; সূর্য্যদেবের এইরূপ লীলা খেলা বহুকাল হইতে দেখিয়া আসিতেছি। আমাদের মিলনের স্থুখ পূর্ণ হইয়াছে, স্কুতরাং সূর্য্যদেব আমাকে আর তোমার মত সুখী করিতে পারিবেন না। তুমি এখন মিলনের ব্যাখা রাখ, সন্ধ্যা হইয়াছে, শীঘ্র বাড়ী চল। নতুবা এখনই তোমার দাদা আসিয়া উপস্থিত হইবেন।"

এই বলিয়া সত্যভামা স্থভদ্রার হস্ত ধারণে অগ্রসর হইতে লাগিলেন। কিন্তু স্থভদ্রা বাধা দিয়া বলিলেন,—

<sup>%</sup>দেখ দেখ বৌদিদি, আর একটি রমণীয় দৃশ্য দেখ। ঐ গিরিনদী কত চঞ্চল গতিতে পর্বত হইতে নামিতেছে। তাহার প্রাণে যেন কত স্থালা, কত




যন্ত্রণা। কোথাও যেন স্থির হইয়া থাকিতে পারিতেছে না। কিন্তু সমুদ্রের সহিত সম্মিলিত হইবামাত্রেই যেন, তাহার সে জালা—সে যন্ত্রণা ঘুচিয়াছে, আর সে চাঞ্চল্য নাই, সে ছুটাছুটি নাই। তাহার প্রাণে যেন কত স্থুখ, কত শান্তি। সে যেন এই শান্তি-নিকেতন পরিত্যাগ করিয়া অহ্যত্র যাইতে পারিতেছে না। তাই একই স্থানে আবর্ত্তাকারে বারম্বার ঘুরিয়া বেড়াইতেছে।"

এই কথা বলিয়াই স্কৃত্ত্যা, বৌদিদির ক্ষন্ধো-পরি মস্তক রাখিয়া, তাঁহার মুখের দিকে তাকাইয়া পুনরায় ধীরভাবে বলিতে লাগিলেন—

"হাঁ, বৌদিদি, মিলনে কি এতই স্থ্ৰ, এতই শান্তি ?"

"এখন বাড়ী চল দিদিমণি আমার, তোমার দাদাকে যাইয়া বলি—তোমার ওগিনী মিলনের জন্ম পাগল হইয়াছে শীঘ্র তাহাকে একটি মনের মাসুষ আনিয়া দাওঁ। তখন






সত্যভামার কথায়, স্থভদ্রা ঈষৎ লচ্ছিতা হইয়া কাতরম্বরে বলিতে লাগিলেন—"একি কথা বৌদিদি ? আমি প্রাকৃতিক মিলনের কথাই বলিয়াছি; তাহাতে আর দোষ কি ? তবে তুমি দাদাকে এইরূপ ভাবের কথা বলিবে কেন ?"

"যদি কোন দোষই না থাকে, তবে তোমার দাদা শুনিবেন, তাহাতেই বা দোষ কি ?"—এই বলিয়া সত্যভামা কটাক্ষে স্থভদ্রার প্রতি চাহিলেন।"


"আমি যাহা বলিয়াছি, দাদার নিকট যদি
ঠিক সেই কথাগুলি বল, তাহাতে কোন দোষ
হইকে না। কিন্তু তুমি যে তাহার অহ্যরূপ
ব্যাখ্যা করিয়া বলিতে চাও ?" এই কথা বলিয়া
স্থভদ্রা কাতরনয়নে সত্যভামার দিকে চাহিয়া



রঙ্গময়ী সত্যভামার নিকট সে প্রার্থনা আদৃত হইল না। তিনি রঙ্গ করিয়া বলিতে লাগিলেন—"না, আমি অহ্যরূপ ব্যাখ্যা করিব না। তুমি যাহা বলিয়াছ, ঠিক সেই কথাগুলিই তোমার দাদাকে বলিব। তাহাতেই তোমার দাদা বুঝিবেন—মিলনের জহ্য পাগল না হইলে, কেহ এমন মিলনের গুণ কীর্ত্তন করে না। আমি নিশ্চিত বলিতে পারি যে, একথা শুনিবামাত্রই তোমার দাদা এই মিলন-রোগের উপযুক্ত উষধের ব্যবস্থা করিবেন, আমরাও শীঘ্রই দারকাতে মিলন-উৎসবে মত্ত হইব, তুমিও মিলন-স্থখ-সাগরে অবগাহন করিবে।"

সত্যভামার কথা শেষ. না হইতেই তাঁহাদের পশ্চাৎ দিক্ হইতে কেহ বলিলেন—

"কাহার সূঙ্গে মিলন হইতেছে সত্যভামা ?"



সত্যভামা এই কথা বলিয়াই পশ্চাৎ দিকে চাহিয়া শ্রীকৃষ্ণের প্রতীক্ষা করিতে লাগিলেন। কণ্ঠস্বরে শ্রীকৃষ্ণের আগমন বুঝিতে পারিয়া, স্বভদ্রা নীরবে পলাইলেন। কৃষ্ণ দেখিলেন, স্বভদ্রা চলিয়া গিয়াছেন। তখন রঙ্গ করিয়া সত্যভামাকে বলিলেন—"কৈ সত্যভামা, স্বভদ্রা কোথায় ?"

"এই যে আমরা তুই জনে মিলিয়াই রহিয়াছি।" এই বলিয়া সত্যভামা স্বভুলাকে পার্শস্থিতা মনে করিয়া, তাহার গলদেশে হস্ত স্থাপনের রুখা চেফা করিলেন। তাহা দেখিয়া কৃষ্ণ উচ্চ হাস্থ করিয়া উঠিলেন। লক্ষিত্রা সত্যভামা বলিলেন—"পোড়ারমুখী পলার্কি কোঞ্য়য় ?"

মাধব এই কথা লইয়া কিছুকাল সত্যভামার সহিত রঙ্গ করিলেন, কিন্তু মানিনীর মানের ভয়ে বেশী ঘাঁটাইলেন না। সত্যভামাও স্বভদাকে খুঁজিয়া বাহির করিতে চেষ্টা করিতে লাগিলেন।

"বৃথা চেক্টা, সে একক্ষণে উচ্চানবাটীতে প্রবেশ করিয়া সন্ধ্যা-বন্দনার ব্যবস্থা করিতেছে। চল, আমরাও সেখানে যাই।" এই বলিয়া শ্রীকৃষ্ণ সত্যভামার হস্ত ধারণ করিয়া ধীরমন্থর গমনে নানা বিষয়ের আলাপ করিতে করিতে উচ্চান-বাটীর দিকে অগ্রসর হইলেন।

শ্রীকৃষ্ণ বলিলেন, "সভ্যভামা, আজ এক
নৃতন সংবাদ দিতেছি। আমার প্রাণস্থা
অর্জুন তীর্থদর্শন উপ্লক্ষে দ্বারাবতীর নিকটে
আসিয়াছেন। আমি আগামী কল্য তাঁহাকে
আনিতে যাইব, তোমরা তাঁহার অভ্যর্থনার সকল
আয়োজন করিও। কাল তাঁহাকে এখানেই
আনিব, পরে দ্বারকার তাঁহার অভ্যর্থনার ব্লিশেষ
বন্দোবস্ত করিব। তোমাদিগকে এই সংবাদ
দিতেই আমি এখানে আসিয়াছি।"



অর্জ্জনের আগমন সংবাদ শুনিয়া সত্যভামার প্রাণে অতুল আনন্দের সঞ্চার হইল। শ্রীকৃষ্ণের মুখে দিবারাত্রি যাঁহার প্রশংসা শুনিয়া থাকেন, যাঁহাকে পাইলে শ্রীকৃষ্ণ অন্য সকলকে ভুলিয়া যান, তাঁহাকে দেখিবার জন্ম কোতৃহল হইল।

অর্জ্জনের প্রসঙ্গ শেষ হইলেই সত্যভামা অতি গন্তীরভাবে শ্রীকৃষ্ণকে বলিতে লাগিলেন, "স্বভদার বয়স হইয়াছে, তাহার বিবাহের কোন চেফী দেখা উচিত নয় কি? না ভগ্নীকে চিরকুমারী ত্রত অনুষ্ঠান করিতে উপদেশ দিয়াছ?"

শ্রীকৃষ্ণ কিছুকাল চিন্তা করিয়া বলিলেন
"কাহার বিবাহের চেন্টা করিব সত্যভামা ?
স্বভদ্যার বিবাহের বয়স হইয়াছে সত্য; কিন্তু
ও বয়সে স্ত্রীলোকের মনে যে যে ভাবের সঞ্চার
হয়, স্বভদ্রাতে তাহার কিছু লক্ষ্য করিয়াছ কি ?
সে যে উদাসিনী, সে কি কখনও স্বামীর





মর্য্যাদা বুঝিবে, না স্বামীর যত্ন জানিবে, সে কি স্বামীকে ভালবাসিতে পারিবে? সে যে স্বস্টি-ছাড়া মেয়ে।"

"সে দোষ কি তাহার, না তোমার ? তুমি বালিকা হৃদয়ে নিকাম ধর্মের বীজ বপন করিয়াছ, তাহাতে সে আত্মস্থ ভূলিয়া গিয়াছে। তাহার মন-প্রাণ সে ভগবান্রূপী দাদার চরণে সমর্পণ করিয়াছে—দাদাই তাহার যথা, দাদাই তাহার সর্বস্থ। যে দাদার মনস্তপ্তির জন্ম সকল করিতে পারে—দাদাকে এত ভালবাসিতে, এত যত্ন করিতে পারে, সে কি স্বামীকে ভালবাসিতে, স্বামীকে আদর যত্ন করিতে পারিবে না ? তবে তাহার উপযুক্ত স্বামী হওয়া চাই।"

এই বলিয়া সত্যভামা শ্রীকৃষ্ণের মুখের দিকে চাহিলেন। কিন্তু তাঁহাকে অস্থমনক্ষ দেখিয়া বলিলেন, "ভগ্নীর বিরাইের কথা শুনিয়াই যে নির্বাক, নিস্পন্দ! ভগ্নীরূপা





শিষ্যাকে অন্মের হস্তে সমর্পণ করিতে বুঝি প্রাণ চাহিতেছে না ?"

তাহা নয় সত্যভামা, তাহা নয়। স্কৃত্রা যে আমার কত আদরের, কত যত্নের ধন তাহা ত জান ? সেই সরলা বালিকার কথা মনে হইলে, আমি আত্মহারা হইয়া যাই। তাহাকে কত আদরে পালন করিয়াছি, কত যত্নে শিক্ষা দিয়াছি! সেই স্থশিক্ষার ফলে স্কৃত্রার হৃদয়ে সাংসারিক কালিমা বিদূরিত হইয়া ধর্মাবীজ অন্ধুরিত হইয়াছে; আমার আশস্কা হইতেছে—সেই পবিত্র হৃদয়ে ভোগবাসনা আর প্রবেশ করিতে পারিবে না।" এই বলিয়া শ্রীকৃষ্ণ আবার অন্যমনস্ক হইলেন। সত্যভামা বাঙ্গ করিয়া বলিলেন, "যেমন গুরু, শিষ্যা ত তেমনই হুইবে ?"

শ্রীকৃষ্ণ হাসিয়া বলিলেন—"কেন ? তাহার গুরুর যিনি গুরু, সেই শ্রীমতী সত্যভামা কি তাঁহার প্রাণসখীকে দিবারাত্রি নিকটে রাখিয়া নূতন কিছু শিক্ষা দিতে পারিবেন না ?"

সত্যভামা প্রণয়-গর্বব-দৃপ্ত হইয়া বলিলেন— "দেখিও পারে কি না—আগে তুমি বর আনিয়া দাও।"

শ্রীকৃষ্ণও উৎসাহের সহিত বলিলেন— "কালই আমি বর আনিতে যাইব।"

"তবে কি অর্জ্জুনকেই স্কুভদার বর মনোনীত করিয়াছ ?"

সত্যভামা এই কথা বলিয়া বিশ্মিতভাবে শ্রীক্রঞ্চের দিকে চহিলেন।

শ্রীকৃষ্ণ আদর করিয়া বলিলেন—"বিশ্বয়ের কারণ কি সত্যভামা ? অর্জ্জুনের মত শ্রেষ্ঠতম বর আর সমগ্র ভারতে মিলিবে কি ? জগতে অর্জ্জুন অদ্বিতীয় বীর। তাঁহাকে ভগ্নী সম্প্রদান করিতে পারিলে নিজকে সৌর্ভাগ্যবান্ মনে করিব। যখন নিয়তি তাঁহাকে যথা সময়ে মিলাইয়াছেন, তখন প্রাণে আশা জাগিয়াছে,



কিন্তু ভগবান সে আশা পূর্ণ করিবেন কি ? আমার সখা অর্জ্জন ব্রহ্মচারী, ভগ্নী স্বভদাও যোগিনী, ইহাদের মিলনের কোন সম্ভাবনা আছে কি ?" এই কথা বলিয়া শ্রীকৃষ্ণ করুণ-নয়নে সত্যভামার মুখের দিকে চাহিলেন।

সত্যভাষা শ্রীকৃষ্ণের মনের ভাব বুঝিতে পারিয়া উৎসাহের সহিত বলিলেন—"আছে,— আছে,—আছে,! নিশ্চয়ই মিলাব! সেই ব্রহ্ম-চারীর সঙ্গে যোগিনীকে নিশ্চয় মিলাব।"

এইরূপ আলোচনা করিতে করিতে শ্রীকৃষ্ণ ও সভ্যভামা রৈবতকের উন্থান বাটীতে উপস্থিত হইলেন। স্থভদ্রা পূর্বেবই আসিয়া-ছিলেন; এখন কৃষ্ণ ও সভ্যভামা আসিতেছেন দেখিয়া শয়নমন্দিরে প্রবেশ করিলেন। সেদিন-কার মত আর দাদাকে কি সভ্যভামাকে মুখ দেখাইলেন না।









### দ্বিতীয় অধ্যায়

#### রৈবতক।

কতিপয় বৎসর অতিবাহিত হইয়াছে. শ্রীকৃষ্ণ মথুরা পরিত্যাগ করিয়া দারাবতীতে ন্তন রাজধানী স্থাপন করিয়াছেন। স্থন্দর অট্রালিকা. নয়নাভিরাম উত্থান, স্বচ্ছতোয়া সরোবর, প্রশস্ত রাজবর্গু প্রভৃতিতে নব রাজধানী যেন অমরাবতীর সৌন্দর্য্যকেওপরাভব করিয়াছে। শ্রীকৃষ্ণ তথায় যাদবযাদবীগণসহ পরম শান্তিতে অবস্থান করিতেছেন।

্দারাবতী অতি স্থরক্ষিত্র নগরী।— তিন দিকে সমুদ্র, সম্মুখভাগে অত্যুচ্চ রৈবতক

29

পর্বত—প্রাচীরের স্থায় একদিক বেষ্টন করিয়া রহিয়াছে। এই পর্বত অতিক্রম না করিলে স্থলপথে দ্বারাবতীতে প্রবেশ করিবার অন্ত উপায় নাই। যে সকল গিরিসঙ্কট দিয়া প্রবেশ পথ রক্ষিত হইয়াছে, বাহির হইতে কেহই তাহা লক্ষ্য করিতে পারে না। রক্ষকগণ পর্বতের উপরে বাসস্থান নির্ম্মাণ করিয়া গুপ্তভাবে অবস্থান করে। মধ্যে মধ্যে তুর্ভেগ্ন তুর্গনির্মাণে শক্র-গণের প্রবেশ রুদ্ধ হইয়াছে। এই সকল চুর্গ অতিক্রমা করিলে পর্ববেতর অপর পার্শ্বে দারাবতী নগরী দৃষ্ট হইয়া থাকে। ঐ স্থান হইতে এক পথ দারাবতী নগরীতে প্রবেশ পূৰ্ববক শতমুখী গঙ্গার মত শতভাগে বিভক্ত হইয়া সাগরতীর পর্যান্ত বিস্তৃত রহিয়াছে। অপর এক পথ পর্নবতগাত্র অবলম্বন পূর্নবক উপত্যকার মধ্য দিয়া সমুদ্রতীরবৃত্তী পর্ববতের মূলদেশ পর্য্যন্ত গিয়াছে।

পর্বতের গাত্রস্থিত পথিপার্শ্বে একুঞ্চের



প্রমোদবন, নানা তরুলতায় ও পুষ্পপত্রে স্থানাভিত রহিয়াছে। প্রমোদবনের এক প্রান্তে গৃহপালিত পশুগণ শ্যাম-শঙ্গাচ্ছাদিত ভূমির উপর বিচরণ করিতেছে। আর এক পার্শ্বে ময়ুর, চন্দনা প্রভৃতি পক্ষিগণ দর্শকের নয়নরঞ্জন করিতেছে। কোথাও বা কোকিল, ময়না প্রভৃতি কলকণ্ঠ বিহঙ্গকুল পিঞ্জরাবদ্ধ থাকিয়া মধুরস্বরে শ্রোতার কর্ণ জুড়াইতেছে।

মধ্যভাগে বিচিত্র সরোবর। নিম্নস্থিত ফোয়ারা হইতে সলিল উথিত হইয়া সরোবরটি পরিপূর্ণ করিতেছে। রাজহংস, কলহংসী, চক্রবাক্ প্রভৃতি জলচর পক্ষিগণ সরোবরের জলে সর্ববদাই ক্রীড়া করিয়া থাকে। কুমুদ, কহলার, রক্তোৎপল, নীলোৎপল প্রভৃতি জলজ পত্রপুষ্পে সরোবরটি চিরশোভিত।

সরোবরের তীরে মনোরম মন্দির। মন্দিরের বহির্ভাগ বহুমূল্য মণিমুক্তায় খচিত-; অভ্যস্তরের শোভা আরও মনোরম। দেখিলে নয়ন জুড়ায়,






প্রাণে অতুল আনন্দ ঢালিয়া দেয়। ইহাই
শ্রীকৃষ্ণের বিলাস ভবন—প্রিয়তমা সত্যভামার
শান্তিনিকেতন। সত্যভামা রৈবতকে আসিয়া এই
গৃহেই বাস করেন। এখানে তাঁহার প্রিয়সখী
স্বভদ্রারও থাকিবার স্থান নির্দিষ্ট রহিয়াছে।


সমুদ্র-স্নাত-বায়ু এখানকার গ্রীষ্মকে দূরীভূত করিয়া দিয়াছে। শীত, গ্রীষ্ম সমভাবে অবস্থিতি করায়, বোধ হয় যেন এখানে চিরবসন্ত বিরাজ-মান। বিভিন্ন ঋতুর ফুলফল এখানে নিয়ত জন্মিয়া থাকে। এইরূপ স্থথের স্থান ভারতে অতি বিয়ল।

সত্যভামা, ভাঁহার প্রিয়সখী স্থভদ্রাসহ
মধ্যে মধ্যে এখানে আসিয়া বাস করেন। কারণ
এই স্থানটি স্থভদ্রার অতি প্রিয়। স্থভদ্রা
প্রকৃতিদেবীর পালিতা কত্যা। স্বাভাবিক সামাত্ত সৌনদর্য্যেও তাঁহার প্রাণে অতুল আনন্দের সঞ্চার
হয়। তিনি যে দিকে চাহেন, সেইদিকেই প্রকৃতির
নিত্য নৃতন মধুর লীলা দেখিয়া আত্মহারা হইয়া থাকেন। তিনি কখনও কোকিলের কুহুস্বর শুনিয়া স্বয়ং কুহুস্বরে সকলকে মুগ্ধ করেন, কখন কুরঙ্গিণীর সঙ্গে আনন্দে মৃত্য করেন, কখন বা অসীম আকাশ, অপার সমুদ্র দেখিয়া নিজের কুদ্রুত্ব উপলব্ধি করতঃ আত্মাভিমান ভুলিয়া যান। কখন নবীন নীরদে, স্থনীল সাগরে, শ্যামল তরুতে শ্রীকৃষ্ণের ছায়া অনুভব করিয়া তন্ময় হইয়া পড়েন।

ত্ততা প্রতিদিন রত্ববেদীন্থ রামকৃষ্ণের
মূর্ত্তি ব্রজের বেশে, বনফুলে সাজাইয়া, অপার
আনন্দ অনুভব করেন। তাহাদের চরণে
পুস্পাঞ্জলি দিয়া ও তাঁহাদের গুণাবলী কীর্ত্তন
করিয়া আপনাকে চরিতার্থ বোধ করেন। আর
সত্যভামা ত্বভদ্রার মুখে কৃষ্ণগুণ শুনিয়া,
আত্মত্থে বিভোর হন এবং তাঁহার পশ্চাৎ
পশ্চাৎ ঘুরিয়া বেড়ান। বলরাম ও শ্রীকৃষ্ণ উভয়েই
ভদ্রার উপাস্থ—কিন্তু ভক্তবৎসল শ্রীকৃষ্ণ তাঁহার
ভক্তিতে মুগ্ধ—আর বলরাম ভক্তিডোরে বাঁধা।



আমোদ আহলাদ হইয়া থাকে।









# রৈবতকে রুক্রিণী।

আজ রৈবতকের উন্থান বাটীতে আনন্দের
সীমা নাই। শত শত দাসদাসী উন্থান পরিকার
পরিচছন্ন করিতেছে। সত্যভামা এবং স্থভদ্রা
তাহা পর্য্যবেক্ষণ করিতেছেন। এক স্থান শত বার
সাজাইতেছেন, শতবার ভাঙ্গিতেছেন, তবু যেন
তাহাদের মনের মত হইতেছে না। বেলা দ্বিতীয়
প্রহর অভিবাহিত না হইতেই গৃহ, বাগান,
তোরণ প্রভৃতি কারুকার্য্যখচিত হইন্না অপরূপ
সৌলর্ম্য ধারণ করিল।



স্থভদা আজ বহুষত্ম করিয়া সত্যভামাকে রত্মালকারে ভূষিতা করিলেন। সত্যভামাও মনে প্রাণে স্থভদাকে বিচিত্র বসন-ভূষণে সাজাইতেছেন, আর মনে মনে বলিতেছেন—"একেই ত এ ভূবনমোহন রূপ, ততুপরি এত সাজসঙ্জা, ইহাতেও কি ব্রহ্মচারীর মন ভূলিবে না ?" মনে মনে কৃষ্ণ-উদ্দেশে প্রার্থনা করিতেছেন—"ঠাকুর, তোমার ইঙ্গিতে এ কাজে হাত দিয়াছি, দেখিও যেন লক্ষা না পাই।"

উভয়ের সাজসঙ্জা শেষ হইয়াছে। সত্যভামা দর্পণে মুখ দেখিতেছেন। সকল অবয়বের
অলক্ষার পরিচ্ছদাদি নিপুণভাবে পরীক্ষা করিতেছেন। স্থভদা হাসিয়া বলিলেন—"না বৌদিদি,
আমি কোন অংশে কোন ক্রটী রাখি নাই। দাদা
তোমাকে যে বেশে দেখিতে ভাল বাসেন, আমি
ঠিক সেই বেশেই তোমাকে সাজাইয়াছি। এ
সঙ্জা দাদার মনস্তৃত্বির জন্য—তোমার সৌন্দর্য্য
বৃদ্ধির জন্য নহে।"

"আর তোমার এই সাজসঙ্জা কাহার মনস্তুটির জন্ম স্থভদ্রা ?" এই কথা বলিয়া সত্যভামা কুটিলকটাক্ষে স্থভদ্রার দিকে চাহিয়া উত্তরের অপেক্ষা করিতে লাগিলেন।

"ইহা আমার আরাধ্য দেবদেবীর মনস্তৃত্তির জন্য। দেবদেবীর সম্প্রেহ অন্যুরোধে, এই উৎসবের দিনে গৈরিক বসন পরিত্যাগ করিয়াছি এবং রত্মালঙ্কারে সজ্জিত হইয়াছি। আমার সাজসজ্জা দেখিয়া যদি তোমরা স্থখী হওবৌদিদি, তবে আমি সাজিব না কেন ? আমি ত তোমাদের সেবিকা, তোমাদিগকে স্থখী করিতে পারিলেই আমার জীবন সফল মনে করি। দাদা আমার আরাধ্য দেবতা, তুমি আরাধ্যা দেবী। তোমরা দয়া করিয়া আমার ভালবাস, তাই তোমাদের কাছে আমার আবদার। না হ'লে, তোমাদের নিকট আমি তুচ্ছ হইতেও তুচ্ছ। তোমাদের চরণেও স্থান পাইবার যোগ্যা নহি।" -

ভক্তিভাবে এই কথাগুলি বলিতে বলিতে



স্থভদার চক্ষু প্রেমাশ্রুতে পূর্ণ হইয়া উঠিল। সত্যভামার চক্ষুও ছলছল করিতে লাগিল।

"না, দিদিমণি আমার, তোমার দাদার স্থায় তুমিও আমার হৃদয়ে স্থান পাইবার যোগ্যা। আমিত তোমাতে তোমার দাদার ছারা দেখিয়া আত্মহারা হই! তাই তাঁহার অভাবে তোমাকে বক্ষে রাখিয়া কত স্থখ পাই। তুমি যে আমার কিরপ যত্নের, তাহা তুমি বুকিতে পার।" সত্যভামা এই বলিয়। তাঁহাকে কত আদর করিতে লাগিলেন, কত স্নেহ মমতা দেখাইলেন। তাঁহাকে বক্ষে ধরিয়া যেন কত শান্তি পাইলেন। আনন্দাশ্রুতে তাঁহার নয়ন্যুগল পরিপূর্ণ হইল এবং বলিলেন,—"তোমার স্থায় সৌভাগ্যবতী কে আছে দিদিমণি ?"

"হাঁ, বৌদিদি, যে জন নিয়ত গোলোকধামে বাস করিয়া, লক্ষ্মী-সরস্বতীসহ নারায়ণ নিত্য দর্শন করিতেছে, তাহার মত সৌভাগ্যবতী আর কে আছে ? যাহার দাদা নারায়ণ, বৌদিদি



সত্যভামা—সরস্বতী ও কৃক্মিণী—লক্ষ্মী, তাঁহাদের যে সেবিকা ও স্নেহের অধিকারিণী—তাহার মত সোভাগ্যবতী আর কে আছে বৌদিদি? তোমরা সোভাগ্যবতী করিয়াছ, জাই আমি সোভাগ্যবতী, নচেৎ আমি কে ?"

এই কথা বলিতে বলিতে স্তভ্যা আত্মহারা হইলেন। তথন অনূরে কোলাহল আরম্ভ হইল। দ্বারকা হইতে পুত্রকত্যাগণসহ করিণী রৈবতকে আসিয়াছেন এবং স্লেহভরে—
"কোথায় স্থভদ্রা ? কোথায় সত্যভামা ?" বলিয়া ডাকিতে ডাকিতে সেখানে উপস্থিত হইয়াছেন। কর্মিণীকে দেখিবামাত্র, সত্যভামা আত্মহারা-স্থভদ্রার কাণে কাণে "এস স্থভদ্রা, দিদি আসিয়াছেন" এই বলিয়া ছুটিয়া যাইয়া ক্রম্বিণীর চরণে প্রণাম করিলেন।

"পতি—দোহাগিনী হও" এই ঘলিয়া আশীর্বাদ করিতে করিতে কক্সিণী সত্যভামাকে আদর করিয়া বক্ষে ধারণ করিলেন। সত্যভামা



সপত্নীর মুখে রমণীগণের চিরবাঞ্ছিত আশীর্বাদ শুনিয়া আনন্দে বিভোর হইয়া পুনর্বার রুক্মিণীর চরণধূলি গ্রহণ করিলেন।

পরক্ষণেই স্থভদ্রা রুক্মিণীকে প্রণাম করিলেন। "শীঘ্র পতিপুত্রবতী হও" বলিয়া রুক্মিণী আশীর্নবাদ করিলেন। সম্মেহে তাঁহার মস্তক আঘ্রাণ লইলেন। তখন সত্যভামা আহলাদিত হইয়া বলিলেন—"দিদির আশীর্ববাদ রুথা হইবে না। স্থভ্দা, শীঘ্রই তোমার মনের মত পড়ি লাভ হইবে।" এই কথা বলিয়া উচ্চহাস্য করিয়া উঠিলেন।

কৃষিণী আনন্দের সহিত সত্যভামাকে বলিলেন:—"তোমার মুখে কুলচন্দন পড়ুক। নারায়ণ যেন আমার আশীর্বাদ সফল করেন।" এই বলিয়া কৃষ্ণিণী স্বভদ্রাকে বক্ষে টানিয়া লইলেন এবং বলিতে লাগিলেন—"স্বভদ্রা, আজ তোমাকে এসাজে বেশ মানাইয়াছে। আজ তোমাকে দেখিয়া বড়ই স্থী হইয়াছি, অলুলায়িত

কেশ, আর উদাসিনীর বেশ, এবয়সে কি শোভা পায় ? নিজেই দর্পণের কাছে দাঁড়াইয়া দেখ, আজ তোমাকে কত স্থুন্দর দেখাইতেছে। এ বেশে কি তোমার নারায়ণের সেবা হয় না ?"

"বাল্যকাল শিক্ষার সময়। সেই সময়ে বিলাসী হইলে শিক্ষার ব্যাঘাত জন্মে। স্থতরাং সংযতিতিত্ত ব্রক্ষাচর্য্য ব্রত অবলম্বন করিয়া শিক্ষা করিতে হয়। তোমার দাদাও সেই জন্ম তোমার প্রতি এই কঠোর ব্রক্ষাচর্য্য ব্যবস্থা করিয়াছিলেন। তোমার শিক্ষার সময় অতিবাহিত হইয়াছে। সকল বিষয়ে শিক্ষা লাভ করিয়া তুমি রমণীর আদর্শ হইয়াছ। তোমার দাদা বলিয়াছেন—"আমার যাহা কিছু ছিল সমস্তই স্থভদ্রাকে দিয়াছি। কি শস্ত্র কি শাস্ত্র সকল বিষয়েই স্থভদ্রা আমার সমকক্ষ। তোমরা আমাতে যে সকল গুণ দেখিতে পাও, তাহার সমস্ত গুণগুলিই স্থভদ্রাতে প্রতি কলিত হইয়াছে।"


স্বভদ্রা এইরূপ আত্মপ্রশংসা শুনিয়া






লজ্জিতা হইলেন। কৃষ্ণপুত্রগণ তখন তাঁহাকে আনন্দের সহিত ঘিরিয়া ধরিলেন। স্কুভদ্রা তাহাদিগকে যথাযোগ্য আদর স্নেহ দেখাইয়া তাহাদের সঙ্গে অন্যত্র চলিয়া গেলেন।

এদিকে সত্যভামা রুক্মিণী দিদিকে মন্দিরের সাজসজ্জা ও উচ্চানের শোভা দেখাইয়া তাঁহার সহিত বিশ্রামাগারে প্রবেশ করিলেন এবং কৃষ্ণার্জ্জ্বন সম্বন্ধীয় নানা কথায় সময় অতিবাহিত করিতে লাগিলেন।







বেলা তৃতীয় প্রহর অতীত হইয়াছে।
তথনও সথাসহ শ্রীকৃষ্ণ রৈবতকে প্রবেশ করেন
নাই। যতই বেলা হইতেছে, সত্যভামার উদ্বেগ
ততই বাড়িতেছে। তিনি আর বিশ্রামগৃহে থাকিতে পারিলেন না। ছুটিয়া স্থভদার
নিকট উপস্থিত হইলেন। দেখিলেন—শয়নগৃহে
বিসয়া একাকিনী স্থভদা কি ভাবিতেছেন।
তাঁহার চিন্তান্সোতে বাধা দিয়া সত্যভামা
বলিলেন,—"স্থভদা, আজ আমাদের বড়ই
সৌভাগ্য যে, জগতের অদ্বিতীয় বীরের দর্শন
পাইব।"

শৃত্তা বিস্মিত হইয়া বঁলিলেন,—"কেন ? বিনি জগতের অন্বিতীয় বীর, আমরা ত প্রতি দিনই তাঁহাকে দেখিয়া এবং তাঁহার পূজা করিয়া কৃতার্থ হইতেছি। ইহা অপেক্ষা আর বেশী সোভাগ্য কি হইবে বৌদিদি? বিনি অন্তুত বীরম্ব দেখাইয়া অমন্তক মণি উদ্ধার করিয়া-ছিলেন,—যে বীরম্বের পুরস্কার স্বরূপ তোমার পিতা অমন্তকসহ তোমাকে দান করিয়াছেন, সেই বীরম্বের কথা কি ভুলিয়া গেলে?" এই-রূপ ভাবে দাদার বীরম্ব বর্ণন করিতে করিতে স্বভদ্রার মুখ উজ্জ্বতর হইয়া উঠিল।

শীক্ষের বীরত্বকাহিনী শুনিয়া সত্যভামা
মনে মনে উৎফুল হইয়া উঠিলেন, কিন্তু স্ভদ্রাকে
উত্তেজিত করিবার জ্বাত্য ব্যঙ্গ করিয়া বলিলেন,

—"ওঃ, বুঝিয়াছি ভুমি তোমার দাদার বীরত্বের
কথা বুলিতেছ? হাঁ তিনি বীরই বটে, তিনি
যে পূর্বজন্মে জাম্ববানের গুরু ছিলেন, ভাগ্যে সেই
পরিচরে সে যাত্রা রক্ষা পাইয়াছিলেন, এবং

জস্তাবতীও লাভ করিয়া ছিলেন। নচেৎ কি হইত কে .জানে ?" এই বলিয়া উত্তরের অপেক্ষায় স্বভদ্রার মুখের দিকে চাহিয়া রহিলেন।

স্বভদ্রা এই কথা শুনিয়া উত্তেজনার সহিত বলিতে লাগিলেন—"কেন বৌদিদি, "তুমি কি জাননা, দাদা বড় বৌদিদির উদ্ধার সাধন সময়ে একাকী রুকা ও শিশুপালকে সসৈত্যে পরাজিত করিয়াছিলেন। সেইরূপ বীরত্বের তুলনা কোথায় ?" স্বভদ্রা উৎসাহের সহিত এই কথা বলিতে না বলিতেই সত্যভামা উচ্চহাস্থের সহিত বলিলেন—"উদ্ধার সাধনের সময়ে নয় স্থভদা, উদ্ধার সাধনের সময়ে নয়—চুরি করিবার সময়। সাধু ভাষায় বলিতে গেলে. क़िक्किगी-इद्रग ममर्य निवाशिक शलावरनव वीवव দেখাইয়াছিলেন বটে। এই বীরত্বের প্রশংসার ভাগ তোমার দাদার অপেক্ষা রথের অশ্ব দয়েরই অধিক প্রাপ্য-সারথি দারুকেরও কিছু বাহাতুরী থাকিতে পারে।"





90

সতাভামার কথায় স্ভদ্রা একটুকু অপ্রতিভ হইলেন কিন্তু নিরস্ত হইলেন না। তিনি উৎসাহের সহিত বলিতে লাগিলেন—"দাদার বীরত্বের তুলনা কোথায় ? তিনি বাল্যকালে যে সকল বীরত্ব দেখাইয়াছেন, অন্য ব্যক্তির জীবনে কখনও সেইরপ বীরত্ব কাহিনী শুনিয়াছ কি?—

"তিনি হুগ্ধ পোষ্ট শিশুর অবস্থায় পুতন। নামক ভীষণা রাক্ষসীকে বিনাশ করিয়াছিলেন। শৈশবে বকাস্থর অঘাস্থর প্রভৃতি কংশের প্রেরিত গুপ্ত শত্রুদিগকে বিনাশ করিয়া আত্মরক্ষা করিয়া ছিলেন।

তারপর দাদার কৈশোরের বীরত্ব-কথা মনে কর দেখি ? কংশ তাঁহাদিগকে বিনাশ করিবার জন্মই ধন্মুর্যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন। কিন্তু দাদা সরল প্রাণে যজ্ঞের নিমন্ত্রণ রক্ষা করিতে গিয়াছিলেন। যখন তাঁহারা কংশের সিংহ্বারে উপস্থিত হইলেন, তখন চান্মুর ও মুপ্তিক নামক কংশাসেনাপতিদ্বয় নিরক্ত্র বোড়শব্যীয় বালক





ষয়কে হঠাৎ আঁক্রমন করিল। তাঁহারা অভাবনীয় আক্রমনে ভীত বা ব্যতিব্যস্ত হইলেন না। তাঁহাদের শরীরে যেন অযুত হস্তীর বল সঞ্চারিত হইল। নিরস্ত্র ভাতৃষয় বীরম্বয়কে মল্ল যুদ্ধে অনায়াসে বিনাশ করিলেন। সৈম্মগণ তাঁহাদের অন্তত বীরহ দেখিয়া প্রাণভয়ে পলায়ন করিল।


কিয়দ্র অগ্রসর হইতে না হইতেই কুবলয় নামক মত্তহন্তী তাঁহাদিগকে আক্রমণ করিল। দাদা বাম হস্তে তাহার পুচ্ছ ধরিয়া চক্রাকারে ঘুরাইতে ঘুরাইতে বহুদূরে নিক্ষেপ করিলেন— তাহাতেই হন্তী পঞ্চত প্রাপ্ত হইল।

যখন তাঁহারা কংশের সভায় প্রবেশ করিলেন—সৈত্য সামস্ত তাঁহাদের স্লিগ্ধ-মধুর-নয়নানন্দ দায়ক মূর্ত্তিতে, সেই কঠোর ভাব দেখিয়া ভাত হইয়া পলায়ন করিল। কংশ নিরুপায় হইয়া একাকীই সেই নিরস্ত্র বালকদ্বয়কে আক্রমণ করিলেন। দাদা তখন তাঁহার অক্ত কাড়িয়া লইয়া মল্লযুদ্ধে আহ্বান করিলেন।
একদিকে সেই ভারতের শ্রেষ্ঠবীর কংশ, অপর
দিকে ষোড়শবর্ষীয় বীর শ্রীকৃষ্ণ—সভাশুদ্ধ লোক
দর্শক মাত্র। এ অবস্থায় কে জিতে, কে হারে,
দেখিবার জন্ম সকলেই উদ্বিয়। তাহারা যখন
দেখিল দাদা কংশকে পাতিত করিয়া বক্ষের উপর
বসিয়াছেন, এবং বাম হস্তে সবলে গলদেশে
এবং তাঁহার প্রাণ বায়ু বাহির করিতেছেন, তখন
সকলেই আনন্দ ধ্বনি করিয়া উঠিল। তিনি এক
দিকে কংশকে নিধন করিলেন অপর দিকে
মথুরা অধিকার করিলেন। কিন্তু নিজে রাজ্য
গ্রহণ না করিয়া কংশের পিতাকেই সিংহাসনে
বসাইলেন! এখন বলত বৌদিদি এরপ বীরত্ব
আর কাহারও জীবনে শুনিয়াছ কি ?"

এই কথা বলিয়া স্থভদ্রা আগ্রহের সহিত সত্যভামার দিকে চাহিলেন। তিনি মনে ভাবিয়া-ছিলেন—এবার আর সত্যভামার আপত্য করিবার কোনু কারণ নাই, নিশ্চয়ই তিনি দাদাকে সর্ব্ধ 26

প্রধান বীর বলিয়া স্বাকার করিবেন। কিন্তু
"চোরা না শুনে ধর্মের কাহিনী।" সত্যভামা
শ্রীকৃষ্ণের বীরহ কাহিনী শুনিয়া উৎফুল্ল হইলেন
বটে, কিন্তু কিছুতেই তাহা স্বীকার করিলেন না।
বলিলেন—"হাঁ ইহা বীরহ বটে—ভাগ্যে তোমার
বড় দাদা সঙ্গে ছিলেন! তোমার ছোট দাদার
ভাগে ইহার কত্টুকু অংশ আছে কিরুপে বুঝিব।
আর সেই বীরত্বের পরিণামও ত এই দেখি—
জরাসন্ধের ভয়ে মথুরা ছাড়িয়া দারকায়
পলায়ন!"

"বৌদিদি তুমি ভুল বলিতেছ; দাদা কি
জরাসন্ধের ভয়ে দ্বারকায় পলায়ন করিয়াছেন ?
তাহা কখনই নহে। যতবার জরাসন্ধ মথুরা
আক্রমণ করিয়াছে, দাদা প্রত্যেক বারেই তাহাকে
পরাজয় করিয়াছেন। তিনি জানেন—জরাসন্ধ যত্ত্ববংশীয়দের অবধ্য। এই পুনঃ পুনঃ আক্রমণে
অসংখ্য প্রাণী হত্যা হইতেছে। করুণ-হৃদয় দাদা
সেই জন্মই মথুরা ছাড়িয়া স্বারকায় আসিয়াছেন,



তোমার দাদার নিন্দা করিয়া তোমাকে দুঃখিত করা আমার উদ্দেশ্য নহে। তোমার দাদা নিজেই বলিয়াছেন "অর্জ্জুনই ভারতে অদ্বিতীয় বীর।" আজ সেই অর্জ্জুনের আগমন হইবে, সেই জনাই আমি বলিয়াছি—আজ আমাদের সেই অদ্বিতীয় বীরের সাক্ষাৎ লাভ হইবে। তোমার দাদার মুখে অর্জ্জুনের বীরত্ব কাহিনী যাহা শুনিয়াছি,তাহার মধ্যে কেবল দ্রোপদীর স্বয়ন্থর কথাই এখন তোমাকে বলিতেছি—মনোযোগ পূর্বক শ্রবণ কর!—

"দ্রোপদীর পিতা ক্রপদরাজ জগতের অন্বিতীয় বীরকে কন্সা সম্প্রদান মানসে মৎস্যচক্র নির্মাণ করেন। অতিউচ্চে একটী মৎস্থ স্থাপিত রহিয়াছে; নিম্নে একটী চক্র অনবরত ঘুরিতেছে। চক্রের ঠিক মধ্য স্থলে কেবলমাত্র একটী বাণের ফলকের প্রবেশ পথ আছে। নিম্নে সলিলাধার পূর্ণ স্বচ্ছ বারি। তাহাতে দৃষ্টি রাখিয়া যিনি চক্রের ছিল্ল পথে বাণ প্রবেশ করাইয়া মৎস্থের চক্ষু বিদ্ধ করিতে পারিবেন, ক্রোপদী তাহাকেই মাল্য প্রদান করিবেন।



ভারতের রাজ্যে রাজ্যে এই কথা ঘোষণা করা হইয়াছে। বীরভূমি ভারতের বীরগণ সকলেই স্বয়ম্বর সভায় সমবেত হইয়াছেন। অসংখ্য মহামহাবীরের সমাবেশে স্বয়ম্বর সভা অপূর্বব শ্রী ধারণ করিছে।


নানা বেশভূষায় সজ্জিতা দ্রৌপদী বরমালা হস্তে স্বয়ন্থর সভায় প্রবেশ করিলেন। তাঁহার রূপের প্রভায় বীরহৃদয়ে আকাঞ্চনীর অনল জ্বলিয়া উঠিল। কিন্তু মৎস্টচক্রের দিকে দৃষ্টি করিয়া নিরাশার আশক্ষায় তাহাদের চিত্তকে আকুল করিয়া তুলিল।

যখন প্রসিদ্ধ প্রসিদ্ধ বীরগণ ক্রমে ক্রমে মংস্থ চক্রভেদ করিতে অসমর্থ হইলেন, তখন অন্যান্য বীরের হৃদয় ভাঙ্গিয়া গেল। ধমুর্বনাণ ধরিতে আর কাহারও সাহস হইল না।

দ্রৌপদীর স্বয়ন্থরে বাধা জন্মিল দেখির।
ভদীর ভাতা ধৃষ্টগুল্প দ্রৌপদীসহ সমস্ত ক্ষতিয়
মণ্ডলীর মধ্যে বিচরণ করিয়া দ্রৌপদী লাভের







পারে, অন্তের বুঝিবার সম্ভাবনা নাই। অতএব যে ব্যক্তি লক্ষ্যবিদ্ধ করিতে যাইতেছে তাঁহাকে আমাদের বাধা দেওয়া কর্ত্তরা নহে। যে কার্ব্যে শত শত ক্ষত্রিয় অসমর্থ হইয়াছে, সেই কার্ব্যে ত্রাক্ষণ সভার একজন অপারগ হইলে আক্ষাণদের কলক্ষের কোন সম্ভাবনা নাই। আপনারা সকলে আশীর্বাদ করুণ— যুবক সফল মনোরথ হইয়া আপনাদের আনন্দবর্দ্ধন করিবেন।" তখন আক্ষণ-গণ নিরস্ত হইলেন। ক্ষত্রিয়গণের হাস্ত কোলাহলও নীরব হইল।

যুবক ধীরমন্থর গমনে লক্ষ্য বিদ্ধ করিবার স্থানে উপস্থিত হইলেন। তাঁহার অজামুলন্থিত বাহু এবং পদ্ম পত্রের স্থায় নেত্র যুগলে ক্ষত্রতেজ যেন ভুগাচছাদিত বহ্নির স্থায় উন্তাসিত দেখিরা সকলে বিশ্বিত হইলেন। যুবক ধন্মুর্বাণ গ্রহণ করিয়া জলের ছায়ায় লক্ষ্য দেখিতে লাগিলেন।

তাঁহার ধনুধারণের অপূর্বর কৌশল ও লক্ষ্য



সুভদু

লক্ষ্যের অভিনব উপায় নিদ্ধারণ দেখিয়া ক্ষত্রিয় সভায় হুলস্থূল উপস্থিত হইল। সকলে বিস্ময় বিস্ফারিত নেত্রে লক্ষ্যের দিকে লক্ষ্যু করিয়া রহিলেন। মূহুর্ত্তের মধ্যে একটা বাণ চক্রপথ অতিক্রম করিয়া মৎস্য চক্ষু বিদ্ধ করিল। আক্ষণণ আনন্দ ধ্বনি করিয়া উঠিলেন। ক্ষত্রিয়গণ ক্রকুটা ভক্ষে স্ব স্থ মনোক্ষোভ প্রকাশ করিতে লাগিলেন,কিস্তু তাঁহারালক্ষ্য বিদ্ধ স্থীকার করিলেননা। যুবক তাহাতেও বিচলিত হইলেননা। আর একটা বাণ নিক্ষেপ করিয়া মৎস্থাটিকে দ্বিশু করিলেন। চক্ষ্মবিদ্ধ মৎস্থ নিম্নে পতিত হইল, তথন আর কাহারও অস্বীকার করিবার কোন কারণ রহিল না।

জৌপদী বরমাল্য সহ যুবককে বরণ করিতে আসিলে, যুবক তাঁহাকে বারণ করিলেন। ইতি মধ্যে ক্ষত্রিয়রাজগণ যুবককে ধন, রুত্ন, রাজ্য প্রদানের প্রলোভন দেখাইয়া জৌপদীর স্থায় রমণীব্র লাভের চেষ্টা করিলেন। কিন্তু যুবক



কিছুতেই স্বীকার করিলেন না। অবশেষে ক্ষত্রিরগণ বলপূর্বক দ্রোপদী গ্রহণে বন্ধ পরিকর

ইইলেন। লক্ষ লক্ষ বীর এক সঙ্গে যুবককে আক্র
মণ করিল। স্বয়ম্বর সভা তখন ভীষণ যুদ্ধক্ষেত্রে
পরিণত ইইল। যুবক একাকী সমস্ত রাজগণকে
পরাজিত করিয়া দ্রোপদীকে রক্ষা করিতে সমর্থ

ইইলেন। তাঁহার ধন্ম ধারণ সার্থক হইল।

যুবকের বীরত্বে সকলে বিস্মিত ও ভীত হইয়া
তাঁহাকে আর আক্রমণ করিতে সাহস পাইল না।

তখন মেঘমুক্তশশীর ন্যায় যুবক দ্রোপদীকে সঙ্গে
করিয়া অপর ভাত্চতুষ্টয়ের, সহিত মিলিত

ইইলেন। মাতৃসকাশে উপস্থিত ইইয়া মাতার
নির্দ্দেশ অনুসারে পঞ্চভাতার দ্রোপদীকে বিবাহ
করিলেন।

তোমার দাদ।, যুবকের এই একদিনের বীরত্ব দেখিয়া তাঁহার সথ্য ভিক্ষা করিলেন। শেষে পরিচয়ে জানিলেন, যুবক তাঁহার পিতৃস্বসা কুস্তীর তৃতীয় পুক্র অর্জ্ন, হস্তিনাপুরের রাজ।



পাণ্ডুর পুত্র। তুর্ফ্রোধনের ষড়যন্ত্রে জাতুগৃহদাহের পর হইতেই পঞ্চপাণ্ডব মাতৃসহ ছদ্মবেশে ভিক্ষা দারা জীবিকা নির্ননাহ করিতেছিলেন। এই কারণে স্বয়ন্ত্রর সভায় ব্রহ্মচারীর বেশে বসিয়া ছিলেন। যিনি একাকী লক্ষ্ণ লক্ষ্ণ নরপতিকে পরাজিত করিতে পারেন, তিনি কি বীরশ্রেষ্ঠি নহেন ?"

অর্চ্ছনের বীরত্ব কাহিনী শুনিতে শুনিতে বীরবালা স্তভ্যা উৎফুল্ল হইয়া উঠিলেন, তাঁহার মুখ আরক্তিম হইল, ধমনীতে যেন তড়িদেগে রক্তন্ত্রোত প্রবাহিত হইতে লাগিল। উৎসাহের সহিত বলিয়া উঠিলেন—"হাঁ বীরের মত বীর বটে! কিন্তু দাদা যদি লক্ষ্য বিদ্ধ করিতে অসমর্থ হইতেন, তবে বরং ইহাকে দাদার উপরে স্থান দিতে পারিতাম। কিন্তু দাদাত লক্ষ্য বিদ্ধ করিতে প্রয়াস পান নাই। দ্রৌপদী লাভের জন্ম যুদ্ধ করিয়াও অর্চ্জ্যনের নিকট প্রাজিত হন নাই।"





"শক্তি থাকিলে কি তিনি বসিয়া থাকিতেন ? যিনি ক্রমণীর লোভে দারকা হইতে স্থদূর ভীম্মক রাজার রাজ্যে গিয়াছিলেন, তিনি স্বয়ম্বর সভায় উপস্থিত থাকিয়া, দ্রৌপদীর মত রমণীরত্বের লোভ কিছুতেই সম্বরণ করিতে পারিতেন না। লক্ষ্ম লক্ষ্ম পরাজিত রাজগণের মধ্যে যে তিনিও একজন ছিলেন না, তাহাই বা কে বলিবে ?" সত্যভামা এই কথা বলিয়া উচ্চহাস্য করিতে লাগিলেন।

স্থভদা অর্জ্জনের বীরত্বে মুগ্ধা হইয়াছিলেন; সাগ্রহের সহিত পঞ্চপাণ্ডবের বিবরণ সত্যভামার নিকট শুনিতে ইচ্ছুক হইলেন। কিন্তু সত্যভামা মধ্যে মধ্যে শ্রীকৃষ্ণ সম্বন্ধে যে সকল অসম্বন্ধ মন্তব্য প্রকাশ করিতেন, তাহা স্থভদার প্রাণে সহ্য হইল না। তথন বিরক্তির সহিত বলিলেন—

"ভাল, তোমার অর্জ্জনই জগতে অদিতীয় বীর, তাঁহার বীরত্ব নিয়া তিনি থাকুন, আর তুমি তাহা জগতে প্রচার কর। কিন্তু বৌদিদি তোমার্ পারে ধরি, তাঁহাকৈ শ্রেষ্ঠ করিতে যাইয়া, তুমি আমার দাদার বিরুদ্ধে অযথা নিন্দা প্রচার করিও না। তিনি তোমার স্বামী, স্বামীনিন্দা মহাপাপ।" এই বলিয়া স্কৃত্যা সত্যভামার পারে পড়িয়া কাঁদিতে লাগিলেন।

সত্যভামা লজ্জিতা হইলেন। স্থভদ্রার ভ্রাতৃভক্তির আতিশয় দেখিয়া বিশ্মিত হইলেন। মনে যেন আনন্দের উৎস উথলিয়া উঠিল। তখন সম্মেহে স্থভদ্রাকে উঠাইয়া আদর করিয়া বলিতে লাগিলেন—"আমায় ক্ষমা কর দিদিমণি, আমার অস্থায় হইয়াছে। যে কথায় তুমি মনে কয়্ষ্ট পাও, এমন কথা আর বলিব না। এতক্ষণ তোমার সঙ্গে পরিহাস করিতেছিলাম।

সত্যভামার কথায় বাধা দিক্কা স্থভদ্রা বলিলেন—"তুমি ভুল বুঝিয়াছ বৌদিদি, দাদা বলিয়াছেন—পরিহাস ছলে স্বামী নিন্দান্ত দূরের কথা—পরনিন্দাও করিতে নাই ম সাধারণতঃ লোকনিন্দা করাই পাপ, তার উপর পতি-নিন্দা!



স্তভ্রার কথা শেষ করিতে না দিয়া সত্যভামা বলিলেন—"থাক্, থাক্! বন্ধ্যার পুত্রশোক যেমন অসম্ভব, তোমার নিকট হইতে পতিনিন্দা বা পতিসেবার উপদেশ গ্রহণও ঠিক সেইরূপ। অগ্রে বিবাহ হউক—পতিলাভ কর, তখন দেখিবে প্রয়োজনমত পতিনিন্দা করিতে হয় কিনা ? এবিষয়ে তোমার দাদার অপেক্ষা আমা-দের অভিজ্ঞতা অনেক বেশী।"

সত্যভামা এই বলিয়া স্থভদার দিকে
কটাক্ষপাত করিলেন। বিষণ্ধবদনা স্থভদা তাহা
লক্ষ্য করিবার অবসর পাইলেন না। সত্যভামা
স্থভদাকে বিষণ্ধ দেখিয়া নানারূপ আদর মমতা
জানাইলেন। সদাহাস্থময়ী স্থভদার বিষণ্ধতা দূর
করিবার জন্ম তাহাকে লইয়া প্রমোদবনে
প্রবেশ করিলেন।

## পঞ্চম অধ্যায় আবাহন।

অস্তাচলাবলম্বী সূর্ব্যের রশ্মি পৃথিবীর নিম্নভাগ পরিত্যাগ করিয়া বৃক্ষাগ্রভাগে আশ্রয় লইয়াছে। উভ্তানের পুশকলিকাগুলি প্রস্ফুটিত হইয়া মনোহর শোভা ধারণ করিয়াছে। মৃত্যমন্দ গন্ধবহ পুশসৌরভে ফ্বাসিত হইয়া সৎসঙ্গের মপূর্বর মহিমা ঘোষণা করিতেছে। মধুকর পুশ হইতে পুশান্তরে মধু সংগ্রহ করিয়া গুণ গুণ রবে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছে। বসন্তের চিরসহচর কোকিলের কৃত্তানে প্রাণ আকৃল করিয়া তুলিতেছে।

এমন কমনীয় বাসন্তী সন্ধ্যার প্রাক্ভাগে রৈব-ভক্তের প্রমোদবনে বসিয়া এক কিন্দোরী একা গ্রমনে মালা গাঁথিভেছেন। আর এক যুবতী পুস্পর্কের সৌন্দর্য্যে ঈর্মান্থিত হইয়া পুষ্পাচয়ন পূর্ববর্ক বক্ষগুলির সৌন্দর্য্য হরণ করিতেছেন। উভয়েই, স্ব কার্য্য এরূপ মনোযোগের সহিত সম্পাদন করিতেছেন যে, অন্য বিষয়ে লক্ষ্য করিবার ভাঁহাদের অবসর নাই।

প্রথে। শ্রীকৃষ্ণ প্রাণস্থা অর্জ্জুন সহ সেই পথেই বৈবতকে প্রবেশ করিলেন কিশোরী কি যুবতী কেইই তাহা লক্ষ্য করিলেন না। শ্রীকৃষ্ণ আপন মনে চলিতেছেন, অর্জ্জুন নৃতন স্থানের নৃতন শোভায় মুগ্ম ইইয়া ইতস্ততঃ নিরীক্ষণ করিতেছেন। সহসা তাহার দৃষ্টি মালারচনায় নিবিষ্টমনা কিশোরীর উপর পড়িল। চরণ মচল ইইল। সবিশ্বয়ে নির্ণিমেষ নয়নে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন। একি! উন্থান শোভার্বন-কারিণী অপূর্বব প্রস্তর-মূর্ত্তি। শিল্পীর কি নির্মাণ কৌশল এমন কারুকার্যা স্থাণোভিত সর্ববাঙ্গ স্থান বৃত্তি আর কোগাও তো দেখি

নাই। না, না—এ যে সতা সতা মালা গাঁথিতেছে ! এ মানবী—না দেবী ? মানবে কি কখনও এরূপ সৌনদর্যা সম্ভবে ? আহা কি রূপ ! কি লাবণা ! ইনি নিশ্চয়ই বনদেবী।

অর্জুন এইরূপ জন্ননা কল্পনা করিতে করিতে দ্রুত গমনে শ্রীক্রফের নিকটবর্তী হইয়। জিজ্ঞাসা করিলেন—"সথে! ঐ উল্লানশোভা দেবী প্রতিমা—"

অজ্ঞুনের প্রশ্ন সম্পূর্ণ না হইতেই শ্রীকৃষ্ণ বলিলেন—"এ যে আমার ভগ্নী স্বভদ্রা!"

সর্জ্জুন বিশ্বায়ে আবার স্বভদ্রার প্রতি দৃষ্টি পাত করিলেন।

শ্রীকৃষ্ণ যখন বলিলেন—"এয়ে আমার ভর্গা স্কুড্রা," তখন স্কুড্রা ও সত্যভামার চমক ভাঙ্গিল—তাঁহাদের চিরপরিচিত বীণা-বিনিন্দিত স্থললিত স্বর এককালীন উভয়ের কর্ণ-কুহরে প্রবেশ করিল। উভয়েই সেই মধুর





সর অনুসরণে দৃষ্টিপাত করিয়া দেখিলেন— কৃষ্ণার্জ্জ্ন তাঁহাদের অদূরে।

সহসা অর্জ্জ্নকে ঐরপ ভাবে দেখিয়া সভ্যা লক্ষায় মস্তক নত করিলেন। অর্জ্জ্নও লিচ্ছিত হইয়া শ্রীক্ষথের অনুসরণ করিলেন। কিন্তু চক্ষু একেবারে ফিরাইয়া লইতে পারিলেন না— যাইতে যাইতে গ্রীবাবক্র করিয়া কুটিলকটাক্ষে সেই সৌন্দর্য্য দর্শনে প্রয়াস পাইতে লাগিলেন।

মুভদ্রা ক্ষপার্জ্জুনের অবরবে অচিন্তনীয়
সাদৃশ্য অ্নুভব করিয়া আর একবার দেখিতে
চেফা করিলেন। কিন্তু লঙ্জা তাঁহাকে বাধা
দিল। তিনি অবনত মস্তকেই গোপনে সে
নৃর্ত্তি দেখিতে প্রয়াস পাইলেন, কিন্তু তাঁহার সে
বাসনা পূর্ণ হইল কিনা তিনিই জানেন।

সূত্যভাষা দূর হইতে অর্জ্জ্নের ভাব লক্ষ্য করিতেছিলেন। শ্রীকৃষ্ণের দিকে চাহিয়া, যেন তাঁহার বাঞ্ছিত কার্য্যের চরিতার্থতার সম্ভাবনা জ্ঞাপন করিতে লাগিলেন। সত্যভামা সাক্ষেতিক শব্দ করিবামাত্র
হঠাৎ চারিদিক হইতে অভ্যর্থনাসূচক বাল্ত
বাজিয়া উঠিল। বন্দীগণ অগ্রসর হইয়া
এক দল যতুবংশের, অপর দল কুরুবংশের
বন্দনা-সঙ্গীত আরম্ভ করিল। কুঞ্চার্জ্জুন
পরস্পারের হস্তধারণ পূর্বিক তাহাদের মধ্য দিয়া
ধীরমন্থর গমনে মন্দিরে প্রবেশ করিলেন।
শীক্ষণ, করিলী ও সত্যভামাকে অর্জ্জুনের নিকট
পরিচিত করিয়া দিলেন। কিন্তু স্ভভ্রাকে তখন
ভাকিয়া পাইলেন না।

কৃষ্ণার্জ্জুন দর্শন করিয়া স্থভদ্রার মনোভাব একটুকু বিচলিত হইয়াছিল। কৃষ্ণার্জ্জুনের আকৃতিগত সাদৃশ্য দেখিয়া উভয়কে একস্থানে সন্মিলিত ভাবে দেখিবার আকাজ্জা স্থভদ্রার প্রাণে জাগিয়া উঠিল। কিন্তু তেমন স্থোগ কিরূপে ঘটিবে, এই চিন্তা করিতে করিতেই স্থভ্জার মন বিচলিত হইল। তখন তাঁহার মালা গাঁথাও শেষ হইয়াছে। সন্ধ্যা সমাগতা দেখিয়া



aa

নারায়ণের মন্দিরে প্রবেশ করিয়া স্বীয় করস্থিত পুস্পহারে কৃষ্ণবলরামের মূর্ত্তি সাজাইলেন এবং স্বয়ং আরতি করিতে আরম্ভ করিলেন।

মনে কোন কারণে অশাস্তি উপস্থিত হইলে, হয় শ্রীকৃষ্ণের মুখনিঃস্থত মধুরবাণী শুনিয়া, না হয় রামকৃষ্ণমূর্ত্তির সেবা করিয়া স্তভ্যা সেই অশাস্তি বিদূরিত করিতেন।

শ্রীকৃষ্ণ অর্জ্যুনের নিকট হইতে তাহার তীর্থ

শ্রমণ বৃত্তান্ত শুনিবার উচ্ছোগ করিতে ছিলেন,
এমন সময়ে সারতির শঙ্কঘণ্টাধ্বনি তাঁহার
কর্ণকুহরে প্রবেশ করিল। অন্থকার আরতিতে
একটু বিশেষত্ব অন্থভব করিয়া শ্রীকৃষ্ণ
বৃষিলেন,—স্বভদ্রা নিজেই আজ আরতি
করিতেছেন। স্বয়ং তাহার ভক্তি অর্ঘ্য গ্রহণ
করিতে চলিলেন এবং অর্জ্জুনকেও সঙ্গেলইলন।

অর্জ্জুন দেখিলেন—এক কিশোরী দক্ষিণ হস্তে পঞ্চপ্রদীপ ও কাম হস্তে ঘণ্টা বাজাইয়া a &

সুভদ্রা

কৃষ্ণবলরামমূর্ত্তির আরতি করিতেছেন। কিশোরী ভক্তিতে বিহবলা, বাহিরের কোন বিষয়ে তাঁহার লক্ষ্য নাই; তিনি প্রাণের মধ্যে ভগবানকে স্থাপন করিয়া যেন আনন্দসাগরে মগ্র রহিয়াছেন।


সম্মুখন্থ রত্নবেদীতে রামক্ষের যুগলমূর্ত্তি—
ব্রজবেশে— ত্রিভঙ্গিমঠামে অবস্থিত। অর্জ্জুন
বিশ্বরের সহিত একবার রত্নবেদীতে ও
একবার পার্যন্তিত শ্রীকৃষ্ণের দিকে দৃষ্টিপাত
করিতেছেন। অর্জ্জুনের প্রাণে বাসনা
জাগিতেছে— আর একটা পঞ্চপ্রদীপ পাইলে,
তিনি প্রাণ ভরিয়া তাঁহার পার্যন্তিত সজীব মূর্ত্তিটীকে
আরতি করেন দ অর্জ্জুন বিশ্বরে অভিভূত
হইয়া বলিলেন— "সথে, দেবতা স্বয়ং উপস্থিত
থাকিতে তাঁহার প্রতিমৃত্তির পূজা কেন ?"


শ্রীকৃষ্ণ হাসিয়া বলিলেন—"পূজকের স্থবিধার জন্ম।"

অর্জ্বন দেখিতেছেন—কিশোরীর ভক্তি-

মুগ্ধতন্ময়ভাব, প্রেমাশ্রুপূর্ণলোচন, আর আরতি কালীন অঙ্গভঙ্গী। যতই দেখিতেছেন, ততই মুগ্ধ হইতেছেন। তিনি ভক্ত দেখিবেন, কি ভগবান দেখিবেন, তাহার কিছুই ঠিক করিয়া উঠিতে পারিতেছেন না। পার্শস্থিত সজীব দেবতার দিকে চাহিয়া দেখিলেন—তিনি নিম্পান্দ, নিশ্চল; তাঁহার প্রাণ যেন ভক্তের অর্ঘ্য গ্রহণ করিতে প্রস্তর মূর্ত্তিতে প্রবেশ করিয়াছে; প্রস্তর মূর্ত্তিও যেন পূর্ববাপেক্ষা উজ্জ্বলতর হইয়াছে।

স্থভদার আরতি শেষ হইল। শঙ্খঘণ্টার বাগুধ্বনি নীরব হইল। বসনাঞ্চলভাগে গলদেশ বেষ্টন করিয়া স্থভদা সাফীঙ্গে প্রণাম করিলেন। প্রাঙ্গনের দিকে চাহিয়া দেখিলেন—"কৃষ্ণার্জ্জুন দণ্ডায়মান।" তখন লঙ্জায় ত্রিয়মাণা হইয়া অন্য পথে প্রস্থান করিলেন। পূজকগণ অগ্রসর হইয়া অপরাপর কার্য্য সকল সম্পন্ন করিতে লাগিলেন।







প্রকৃত পক্ষেই শ্রীকৃষ্ণ শুনিয়া বলিলেন—"কি হইয়াছে সত্যভামা ?"

সত্যভামা বলিলেন—"স্থভদ্র। বিণাম করিতে আসিয়াছে, অনুমতির অপেক্ষ। করিতেছে।"

শ্রীকৃষ্ণ স্নেষ্ঠ বিজড়িত স্বরে বলিলেন—
"অমুমতি কেন, ভদ্রা ? অর্জুন যে আমার স্থা
— অভিন্ন হৃদয়; তাঁহার নিকটে আসিয়া প্রণাম
করিবে, তাহাতে আর লজ্জা কি ? তুমি
নিঃসঙ্কোচে আসিতে পার।"

স্থভদা ধীরমন্থরগতিতে কৃষ্ণ সমীপে উপস্থিত হইয়া, প্রথম তাঁহাকে প্রণাম করিয়া পদধূলি মস্তকে লইলেন। পরে অর্জ্জুনকে প্রণাম করিয়া যেমন পদধূলি লইতে হস্তপ্রসারণ করিলেন, অমনি অর্জুন সীয় দক্ষিণ হস্তে স্থভদার দক্ষিণ হস্ত ধারণ পূর্বকি পদধূলি গ্রহণে বাধা দিয়া বলিলেন—"আপনি দেবী, আপনার কৃষ্ণ-ভক্তির শতাংশের একাংশ পাইলে আমি আমাকে চরিতার্থ বোধ করিতাম। আমি আপনার প্রণাম গ্রহণের অযোগ্য।"

পরস্পারের হস্ত-সংস্পার্শে তাঁহাদের প্রাণের
মধ্যে যেন কি বৈত্যতিক ক্রিয়া সম্পন্ন হইল।
কিছুকালের জন্ম তাঁহারা নিশ্চল নিস্পন্দ
অবস্থায় রহিলেন। সতাভামা পুনঃ পুনঃ
শঙ্খধনি করিলেন। শ্রীকৃষ্ণ জিজ্ঞাসা করিলেন
—"কি হইল, সত্যভামা ?" গবাক্ষ পথে
মুখ বাহির করিয়া, হাসিতে হাসিতে সত্যভামা
বলিলেন—"বিশেষ কিছু নয়—'ঝ্লাণিগ্রহণ'।

অর্জ্ন সভ্রোর হস্ত ছাড়িয়া দিলেন—
স্থভ্রো বাস্তভাবে সরমজড়িত-চরণে সে স্থান
হইতে প্রস্থান করিলেন। কিন্তু অর্জ্জুনের
ক্ষায়ে তাঁহার প্রতিমূর্ত্তি প্রতিফলিত রাখিয়া
গোলেন,—প্রাণে যেন কি এক ত্রাশার চিত্র
আঁকিয়া দিলেন। অর্জ্জুন একটু বিচলিত
হইলেন। মুখে বিষাদের ছায়া দৃষ্ট হইল;
অথচ অন্তরে যেন আনন্দের প্রোত বহিতে

লাগিল! চিস্তাকুল চিত্তে অধোবদনে বসিয়া রহিলেন।

সত্যভামা অন্তরাল হইতে গবাক্ষ পথে সর্জ্জনের ভাব লক্ষ্য করিতেছিলেন, আর মনে মনে হাসিতেছিলেন। ভাবিতেছিলেন ঔষধের ক্রিয়া আরম্ভ হইয়াছে। হঠাৎ অর্জ্জনের মনো-ভাবের পরিবর্ত্তন দেখিয়া এবং শ্রীকৃষ্ণকে অন্ত-মনস্ক দেখিয়া তাঁহাদের নিকটে উপস্থিত হইলেন। তথন রক্সময়ী সত্যভামা বলিতে লাগিলেনঃ—

"ব্রক্ষচারী মহাশয়, মণিপুরের কথা মনে
পড়িল কি ? কোথায় ভারতের পূর্ব-প্রান্তত্ত্ব
মণিপুর— আর কোথায় পশ্চিম প্রান্তে সাগরোপকুলস্থিত রৈবতক পর্বত। এখানে চিত্রাঙ্গদা
কোথায় ? এতদূরে আসিয়াও কি ব্রক্ষচর্য্যের
দোহাই দিয়া মনকে স্থির করিতে পরিলেন না ?
ধয়্য আপনাদের ব্রক্ষচর্য্য, ধয়্য আপনাদের
সংযম শিক্ষা।"





সহসা শত শত বাণ বিদ্ধ হইলেও বোধ হয় অর্জুনের মনে যত কফট না হইত, সত্যভামার মিষ্ট তিরস্কারে তাঁহার ততোধিক কষ্ট হইয়াছিল। কি করেন—লজ্জায় ঘুণায় আরও কিছকাল অধোমুখে রহিলেন। পরে কাতর শ্রীক্রফের দিকে চাহিলেন। শ্রীক্রফ দেখিলেন সত্যভামার তিরস্কার অর্জ্জনের প্রাণে বড়ই লাগিয়াছে। তিনি অর্জ্জনের চিত্ত-বিনোদনের জন্ম বলিলেন,---"চল সখে, বৈৰতকের দর্শনীয় স্থানগুলি তোমাকে দেখাইয়া আনি। বিশেষতঃ দারাবতীর প্রবেশ-দার রৈবতককে আমি কিরূপ ভাবে স্থরক্ষিত করিয়াছি, তোমার মত জগতের অদ্বিতীয় বীরকে তাহা দেখান নিতান্ত প্রয়োজন। আমি আরও আশা করি, তোমার নিকট এবিষয়ে অধিকতর উপদেশ পাইব। দ্বারাবতীর প্রবেশ দার যেরপে স্থুদুট ও স্থকৌশলে নির্দ্মিত, তাহাতে আমি বিশাস করি, আমার ভগ্নী স্বভদ্রা একাকিনী ধসুৰ্ব্বাণ হস্তে কোন একস্থানে সঙ্জিতা থাকিয়া

এক অক্ষোহিণী সৈত্যের আক্রমণ হইতে দারা-বতীকে রক্ষা করিতে পারে।"

অর্জুন বিস্মিত হইয়া বলিলেন—"সখে, বল কি ? কিশোরী বালিকার এতগুণ ?— মৃণাল-কোমল ভুজে এত শক্তি ?"

শীকৃষ্ণ আত্মহারা হইয়া বলিতে লাগিলেন—
"সংখ, সংখ, সুভদ্রা জগতে অমূল্য রত্ন; এ রত্ন
ধরায় তুপ্প্রাপ্য। আমার দ্বারাবভীতে দ্বিভীয়
নাই, জগতে আছে কি না জানি না। স্থভদ্রার
রূপ তুমি স্বচক্ষে দেখিয়াছ—কিন্তু গুণ
বর্ণনাতীত, আমি কথায় তোমাকে কিরূপে
বুঝাইব ?"

এই শুনিয়া অর্জ্জুন বিশ্মিত ভাবে, উৎফুল্ল নয়নে শ্রীকৃষ্ণের মুখের দিকে চাহিয়া রহিলেন। তাঁহার নয়নদ্বয় যেন প্রার্থনা জানাইল— কৃষ্ণমুখ-নিঃস্ত স্বভদ্রার গুণামৃত পান কঁরিবার জন্ম তাঁহার চিত্ত-চকোর উৎক্ষিত।

শ্রীকৃষ্ণ আনন্দিত চিত্তে বলিতে লাগিলেন





শ্রীকৃষ্ণ আনন্দিত চিত্তে বলিতে লাগিলেন—
"সখে, আজ তোমাকে আমার জীবনের শেষ
বোড়শ বৎসরের নিরবচ্ছিন্ন স্থ্য-স্মৃতির আভাষ
দিতেছি; এই স্থ্য-স্মৃতি স্থভদ্রার জীবনের সঙ্গে
বিজ্ঞতিত।

"মথুরা অধিকার করিয়া স্থখশান্তিতে বাস করিতেছি, জরাসন্ধ পুনঃ পুনঃ আক্রমণ করিয়াও আমার কিছুই করিতে পারিতেছে না। সেই সমর বিমাতা রোহিণীর গর্ভ হইতে স্বভদ্রা ভূমিষ্ঠ হইল। অকলঙ্ক চন্দ্রসম তাহার মুখখানি দেখিয়া প্রাণে যেন একপ্রকার অনির্বাচনীয় স্নেহের সঞ্চার হইল। কৌস্তভের স্থায় সতত তাহাকে বক্ষে রাথিয়া কতই স্থা ইইতে লাগিলাম।

"স্তুজা মাতাপিতার যত্নে, আমার স্নেহে, শুক্লপক্ষের চন্দ্রকলার স্থায় দিন দিন বৃদ্ধি পাইতে, লাগিল। যতই বড় হইতে লাগিল, ততই আমার স্নেহ বাড়িতে লাগিল। আমি আর তাহাকে ফেলিয়া দূরে থাকিতে পারিতাম না। যখন পাঁচ বৎসরের হইল, যতু করিয়া তখনই তাহাকে শিক্ষা দিতে আরম্ভ করিলাম। ক্রমে ক্রমে তাহাকে শাস্ত্রের সঙ্গে শস্ত্র বিভাও শিক্ষা দিতে লাগিলাম। তাহাকে যখন যে বিষয় উপদেশ দিয়াছি, যেন পূর্বজন্মের সংস্কার বশে, শুনিবামাত্রই তাহা শিথিয়া লইত। আমার যতটুকু বিভা বৃদ্ধি ছিল, স্থভদা স্বীয় অসাধারণ প্রতিভাবলে অল্প সময়ের মধ্যেই তাহার সমস্ত টুকু আয়ত্ত করিয়া ফেলিল। শুধু আয়ত্ত কেন,—সে তাহা পরিচালনা করিয়া যতুবংশের প্রত্যেকের উপর প্রভুত্ব স্থাপন করিয়াছে।

"যতুবংশের প্রধানপুরুষ পিতা বস্থদেব, দাদা বলরাম, সকল কার্য্যেই স্থভদার পরামর্শ জিজ্ঞাসা করেন। মাতা দৈবকী ও রোহিণী, এবং পত্নী রুক্মিণী তাহাকে না জিজ্ঞাসা করিয়া কোন কার্য্য করেন না। অভিমানিশী সত্যভামা মুহুর্ত্তের জন্মও স্থভদাকে ছাড়িয়া থাকিতে পারেন না। আর স্থভদ্রা ভক্তি-ডোরে আমাকে চির-দিনের জন্ম বাঁধিয়া রাখিয়াছে।"

আবেগ ভরে এই কথা গুলি বলিতে বলিতে শ্রীকৃষ্ণের চক্ষু অশ্রুপূর্ণ হইয়া আসিল, তাঁহার পূর্বব-ম্মৃতি-জনিত স্থুখের চিন্তায় হৃদয় উদ্বেলিত হইয়া উঠিল,—প্রাণে যেন অতুল আনন্দের সঞ্চার হইল, তিনি নীরব হইলেন।

অর্জ্ন তন্ময় ভাবে স্থভদার শিক্ষার বিষয় গুলি শুনিতে ছিলেন। শিক্ষার প্রত্যেক বিষয় স্থভদার রূপের সহিত তাঁহার হৃদয়পটে উপস্থিত হইয়া, যেন তাঁহাকে প্রত্যক্ষ করাইতে লাগিল। তখন অর্জ্জন এই রাজ্য ছাড়িয়া যেন স্বপ্ন রাজ্যে অবস্থান করিতেছেন। স্বভদ্রা তাঁহার নিকট শস্ত্র ও শাস্ত্রের পরীক্ষা দিতেছেন। অর্জ্জ্ন এক একটি প্রশ্ন করিতেছেন—স্থভদ্রা যেন অনায়াদে সে প্রশ্নের উত্তর দিতেছেন। অর্জ্জ্ন মধ্যে মধ্যে বাঃ বাঃ বলিয়া বিশ্বয় প্রকাশ করিতেছেন,—আবার যেন এই রাজ্যে ফিরিয়া

শ্রীকৃষ্ণের বর্ণনা শুনিতেছেন এবং সবিম্ময়ে বলিতেছেন—"এত রূপ—এত গুণ!"

শ্রীকৃষ্ণ অমনি নীরবতা ভঙ্গ করিয়া বলিয়া উঠিলেন—"এ আর কি গুণ, অর্জুন ? এ ত তাহার শিক্ষা! সামান্য পশুপক্ষীও যত্ন পাইলে এইরূপ শিক্ষা লাভ করিতে পারে। তাহার হৃদয়ের তুলনায় ইহা কিছুই নহে। তাহার হৃদয় অতি উচ্চ—অতি পবিত্র। সে হৃদয়ের ভক্তি, দয়া, স্নেহ, মমতা অতুলনীয়।"

এই কথা বলিয়া শ্রীকৃষ্ণ পুনর্বার বলিতে লাগিলেন—"অজ্বন! স্বভদার ভক্তিতে বালক সাজিয়া তাহার পূজা গ্রহণ করিতে হইয়াছে। তাহার প্রদত্ত মৃত্তিকা উপচারে অমৃতের স্বাদ পাইয়াছি। পঞ্চখণ্ডকাষ্ঠে কল্লিত পঞ্চপ্রদীপের আরতিতে যেন কত আনন্দ অমুভব করিয়াছি। বাল্যের সেই ভক্তির খেলায় তাহার হৃদয়ে প্রকৃত ভক্তির সঞ্চার হইয়াছে, গত্র কল্য তাহার নিদর্শন পাইয়াছ।" এই পর্যান্ত বলিয়া শ্রীকৃষ্ণ

63

বেন কি ভাবিতে লাগিলেন। অর্জ্জুন আবেগ ভরে বলিলেন—"সখা ধন্য তুমি, ধন্য স্কুভন্তা, এমন দাদা না পাইলে ভগ্নী কথনও এমন হইতে পারে না।"

"সথে, স্বভদ্রার স্নেহ, দয়া, সার্বজনীন।
সেথানে আত্মপর, শক্রমিত্র ভেদ নাই। যেখানে
রোগী, যেখানে তাপী—সেইখানে স্বভদ্রা শান্তি
রূপে উপন্থিত। পশুপক্ষী ও তৃণপুষ্পে তাহার
দয়া সমভাবে বিরাজিত। স্বভদ্রার দয়া ক্ষ্মিতের
নিকট খাত্মরূপে—তৃষিতের নিকট সলিলরূপে—
সর্বত্র-ব্যাপিনী। যে স্থানে পশুপক্ষী অনাহারে
মরিতেছে, যে স্থানে দরিদ্র ভিক্ষুক ক্ষ্মায়
কাঁদিতেছে—সেই স্থানে স্বভদ্রা প্রের সেবায়
দিন যাপন করে। তুমি বহুমূল্য রত্মালস্কারে
তাহাকে সাজাইয়া দাও, ফিরিয়া আসিলে
দেখিবে—যথাসর্বস্ব দীন তুঃখীকে বিতরণ করিয়া
সে নিরাভরণা যোগিনীর স্থায় নীরবে গৃহকোণে

বসিয়া আছে। গালি দাও—মন্দ বল—তবু তাহার
মুখে মৃতুমন্দ হাসি। সে হৃদয়ে ক্রোধ নাই,
হিংসা নাই, দ্বেষ নাই।" শ্রীকৃষ্ণ বলিতে
বলিতে ছিন্নতার বীণার স্থায় সহসা নীরব
হইলেন। আকাশ পানে তাকাইয়া কি যেন
ভাবিতে লাগিলেন।


"যিনি অন্তের তুঃখে সর্বস্থ দান করেন, তিনি কি এ হতভাগ্যের তুঃখে শুধু স্বীয় মনটুকু দিতে পারেন না ?" ভাবে বিভোর অর্জ্জুন মনে মনে স্বভদ্রা সম্বন্ধে জল্পনা কল্পনা করিতে করিতে প্রকাশ্য ভাবে উল্লিখিত কথাগুলি বলিয়া যেমন চক্ষু মেলিলেন, দেখিলেন—সম্মুখে সত্যভামা। অমনি লজ্জায় চক্ষু মুদ্রিত করিলেন।

"আর চক্ষু মুদ্রিত করিতে হইবে না সন্ন্যাসী ঠাকুর! আপনাকে বেশ চিনিয়াছি। এখন বেলা দ্বিতীয়প্রহর অতীত, অন্নব্যঞ্জন প্রস্তুত।' সত্বর আসিয়া স্নানাহার সম্পন্ন করুন।" –

সত্যভাষার ঝকারে শ্রীকৃষ্ণের চমক ভাঙ্গিল।







একদিন শ্রীকৃষ্ণের নির্দেশ অমুসারে, অর্জুন তাঁহার তীর্থদর্শনজনিত অভিজ্ঞতা এরপ স্থমধুর ওজিম্বিনী ভাষায় বর্ণনা করিলেন যে, শ্রোতৃমগুলী নির্বাক নিস্পন্দভাবে তাঁহার বচনস্থা পান করিতে লাগিলেন। স্থভদ্রা রমণীগণের এক পার্ষে সত্যভামার নিকটে বসিয়া উহা শুনিতেছিলেন। তিনি অনিমেষ নেত্রে অর্জুনের মুখের দিকে এইরূপ ভাবে চাহিয়াছিলেন যে, তিনি শুনিতেছেন কি দেখিতেছেন, সত্যভামা তাহা বৃঝিতে পারিলেন না।

আর এক দিন শ্রীকৃষ্ণের আদেশে অর্জ্জুনের অস্ত্র-ক্রীড়া প্রদর্শিত হইল। একখণ্ড প্রশস্ত সমতল ভূমি ক্রীড়াস্থল-রূপে নির্দ্দিষ্ট ইইয়াছে। তাহার চতুর্দ্দিক বেষ্টন করিয়া দর্শক মণ্ডলীর ক্রন্থ আসন স্থাপিত। তাহার উপরিভাগে মণ্ডলাকার দ্বিতল কাষ্ঠমঞ্চে স্ত্রীলোকদিগের ক্রন্থ পৃথগাসন নির্দ্দিষ্ট রহিয়াছে।

ক্রীড়া আরম্ভের পূর্ব্ব হইতেই নিম্নের এবং

উপরের উভয় আসনই যাদব যাদবাগণে পূর্ণ হইয়া গিয়াছে। সকলে সোৎস্কুক নেত্রে ক্রীড়া আরম্ভের প্রতীক্ষা করিতেছেন।

বস্তুদেব ও বলরামের আদেশক্রমে ঐকুঞ্চের নির্দেশে অন্ত্র-ক্রীড়া আরম্ভ হইল। অর্জ্জুন অস্ত্রক্রীড়া দেখাইয়া সকলকে মুগ্ধ করিলেন। অজুনি ধুমুকের জ্যা আকর্ণ আকর্ষণ করিয়া অন্তত কৌশলের সহিত অনবরত বাণ**রু**ষ্টি করিতেছেন। সভাস্থিত বীরগণ উহা নির্ণিমেষ নয়নে দেখিতেছেন ও অৰ্জ্জ্নকে সাধুবাদ প্রদান করিতেছেন। রমণীগণ অজ্জুনের উপর অসংখ্য পুষ্প রৃষ্টি করিতে লাগিলেন। সহসা তাঁহার মস্তকোপরিস্থিত রমণীগণের আসন হইতে একছড়া পুস্পহার এমন স্থকৌশলে পতিত হইল যে, উহা ঠিক তাঁহার গলদেশ বেষ্টন করিয়া রহিল। অৰ্জুন উর্দ্ধ দিকে চাহিয়া দেখিলেন— যবনিকা অন্তরালে স্বভদ্রা। তাঁহাদের চারি চকু মিলিত হইল। লচ্জিতা স্বভদ্রা বিদ্যুদ্ধ প্রস্থান

করিলেন। পার্শ্বন্থিত সত্যভামা মৃত্যুমন্দ হাসিরা উঠিলেন। অতঃপর অর্জ্জুনের বাণবৃত্তি শেষ হইল। শ্রীকৃষ্ণ অর্জ্জুনের হস্ত ধরিয়া সভাগৃহ হইতে বহির্গত হইলেন। অর্জুনও যন্ত্রবৎ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ চলিতে লাগিলেন।

সে দিন সমস্ত রাত্রি অর্জুনের নিদ্রা হইল না। কেবল ভাবিলেন 'একি স্বভদ্রার অনুরাগের চিহ্ন, না সত্যভামার প্রসাদ ?'

অর্জুন রৈবতকে প্রথম দিন স্থভদ্রাকে দেখিয়া তাঁহার রূপে মুগ্ধ হইয়াছিলেন। তাঁহার নারায়ণের আরতি দর্শন করিয়া আরও মোহিত হইয়াছেন। সত্যভামার মুখে পাণিগ্রহণের কথা শুনিয়া বিশ্বিত হইয়াছিলেন। কৃষ্ণ মুখে তাঁহার শিক্ষা, দীক্ষা ও গুণাবলী শ্রবণ করিয়া তাঁহাকে পাইবার আকাজ্ঞ্ফা প্রাণে জাগরিত হইয়াছিল। কিন্তু আজ এ মাল্যপ্রদান ব্যাপার তাঁহাকে একেবারে আকুল করিয়া তাঁহাকে একেবারে আকুল করিয়া তাঁহার জ্ঞান। তথ্য তাঁহার জ্ঞান।







তিনি সমস্ত জগত যেন স্থভদ্রাময় দেখিতে লাগিলেন। কিন্তু দেখিলে কি হইবে, পাইবার উপায় কি ? প্রাণ থাকিতেও কৃষ্ণের নিকট এ প্রস্তাব করিতে পারিবেন না। একমাত্র উপায় সত্যভামা। সঙ্কল্প করিলেন—কাল পায়ে পড়িয়া সত্যভামার নিকট স্থভদ্রা ভিক্ষা চাহিবেন।

## সফ্টম অধ্যায় আত্মদান।

মৃভদা অজ্বনের আগমন দিনে প্রথম তাঁহাকে দেখিয়াছেন। শ্রীকৃষ্ণের আকৃতির সহিত অজ্বনের আকৃতির সাহত অজ্বনের আকৃতির সাদৃশ্য দেখিয়া পুনঃপুনঃ তাঁহাকে দেখিতে তাঁহার বাসনা হয়। কিন্তু দ্রীস্থলভ লজ্জা সে বাসনা পূর্ণ করিতে দেয় নাই। তিনি আরতির সময় তাঁহাদিগকে দেখিয়াই পলায়ন করেন। শ্রীকৃষ্ণকে প্রণাম করিতে যাইয়া তৃতীয় বার দেখেন। যখনই তিনি অজ্বনের

প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়াছেন, তখনই যেন তাহা অৰ্জুনের চক্ষে প্রতিফলিত হইয়াছে। স্থতরাং স্থভদ্রা অৰ্জুন-মূর্ত্তি প্রাণ ভরিয়া দেখিতে পারেন নাই। যতই বাধা পাইতেছেন, ততই যেন তাঁহার আগ্রহ বাড়িতে লাগিল। তখন চুরি করিয়া দেখিবার বাসনা জাগিল। আমি তাঁহাকে দেখিব, তিনি যেন আমাকে না দেখেন—এইরূপ অবস্থার অনুসন্ধান চলিতে লাগিল। কিন্তু সত্যভামা সদাসর্ববদা তাঁহার সঙ্গে সঙ্গে থাকেন। তাঁহার কথায় বার্ত্তায় আলাপ ব্যবহারে স্বভদ্রা বুঝিলেন—তিনি যেন অজুনের প্রতি তাঁহার আসক্তি বৃদ্ধির জন্ম পুনঃ পুনঃ অজ্জুনের গুণ-বর্ণনা করেন: স্বভদ্রা ও অর্জ্জনের ক্ষণস্থায়ী দর্শনের বন্দোবস্ত করেন। কিন্তু কাহারও বাসনা তৃপ্তির উপায় দেন না, স্বতরাং তাঁহাদের পরস্পরের আগ্রহ ক্রমেই বাড়িতে লাগিল।

স্ত্ত আছি । অৰ্চ্চ্ নকে দেখিছে লালায়িত হইলেন। অৰ্চ্চ্ নের গুণাবলী পুনঃ পুনঃ শ্রবণের জন্য ব্যস্ত হইলেন। সত্যভামা প্রথম প্রথম নিজে আগ্রহ পূর্ববক শুনাইয়াছেন। কিন্তু ষখন দেখিলেন স্নভজা অর্জুন-প্রসঙ্গ শুনিতে উৎস্থক, তখন তাহা বন্ধ করিয়া দিলেন। কোন কারণে অর্জ্জুনের কথার উল্লেখ করিতে হইলে তাহা অতি অল্ল কথায় শেষ করিয়া দেন। স্নভজার তাহাতে তৃপ্তি হয় না। অতৃপ্ত বাসনা মনকে আরও উত্তেজিত করিয়া তুলে।

স্তুজা ইহাও লক্ষ্য করিয়াছেন—কৃষ্ণ অর্জ্জ্নকে সথা বলিয়া সম্বোধন করেন, সথার মত ব্যবহার করেন। কিন্তু অর্জ্জ্ন কৃষ্ণের প্রতি ঠিক সখ্যভাব দেখাইতে পারেন না। তাঁহাদের সমপ্রাণতা থাকিলেও অর্জ্জ্ন শ্রীকৃষ্ণকে অনেক উর্দ্ধে আসন দিয়াছেন। অর্জ্জ্ন ভাবেন—শ্রীকৃষ্ণ তত্ব অর্জ্জ্নকে আলিঙ্গন করিতে চাহেন, তত্তই যেন অর্জ্জ্ন তাঁহার চরণে পড়িতে ইচ্ছা করেন। এই ভাবটি স্কুজ্রার মনে কড়ই ভাল

লাগিয়াছে—ইহাতে অর্জ্জুনের মনোভাবের সহিত স্বীয় মনোভাবের একতা বিগুমান রহিয়াছে।

স্বভদ্রার উদ্দেশ্য জগতে কৃষ্ণপূজা প্রচার করা। দারাবতীতে তিনি শ্রীক্লফের ঈশরত্ব প্রচার করিয়াছেন। দ্বারাবতীর বাহিরেও তাহা প্রচারের উপায় খুঁজিতেছিলেন। অর্জ্জনের কৃষ্ণভক্তি লক্ষ্য করিয়া তাঁহার প্রাণে জাগিয়াছে—অর্জ্জনের দ্বারাই ইহা সম্ভব হইতে পারে। তবে তাঁহাকে উত্তেজিত করে কে ? আজ নিকটে পাইয়া শ্রীকৃষ্ণ সম্বন্ধে একটি কথাও তাঁহাকে বলিতে পারিতেছেন না. কৃষ্ণভক্তি প্রচার সম্বন্ধে কোন অমুরোধ জানাইতে পারিতেছেন না। অর্জ্জন দারাবতী ত্যাগ করিলে, কৃষ্ণ ছাড়িয়া থাকিলে, তাঁহাকে স্মারণ করাইয়া দিবে কে ? তথন স্বভদ্রার প্রাণে অর্জ্জনের সঙ্গে মিলনম্পৃহা জাগিল। ভদ্রার্জ্জনের মিলন ইইলে জগতে কৃষ্ণ-মহিমা কৃষ্ণভক্তি প্রচারিত হইতে পারে সত্য, কিন্তু এ মিলনের উপায় কি ?




তখন সত্যভামার সমুদ্রতীরের মিলন ব্যাখ্যার কথা স্থভদ্রার মনে পড়িল। অর্জ্জুনের পদধূলি গ্রহণ সময়ে তিনি হস্তে ধরিয়া বাধা দিতে সত্যভামা অমনি শব্ধ বাজাইয়া "পাণিগ্রহণ" বলিয়া তামাসা করিয়াছিলেন। একদিন স্বেচ্ছায় দাদার নিন্দা করিয়াও অর্জ্জুনের প্রাধান্ত স্থাপন করিতে চেন্টা পাইয়াছিলেন। বড়বৌদিদির আশীর্বাদের কথাও তাঁহার মনে হইল—"পতি-পুত্রবতী হও" সঙ্গে সঙ্গে সত্যভামার সেই তামাসাও মনে পড়িল—"দিদির আশীর্বাদ বৃথা হইবে না স্থভদ্রা, শীঘ্রই তোমার মনের মত পতিলাভ হইবে।"

বড় বৌদিদি সেদিন বলিয়াছিলেন "বিবাহ নারীজীবনের প্রধান ধর্মা। স্বামীর সঙ্গে মিলন ভিন্ন জীবনের পূর্ণতা হয় না। ধর্ম্মকর্ম্মের পূর্ণ ফল নাই। নারী পুরুষের অর্দ্ধাঙ্গিনী এবং সহধর্ম্মিণী। স্বামীই স্ত্রীর একমাত্র উপাস্থ। স্বামীর উপাসনা ভিন্ন দেবতা সম্ভুষ্ট থাকেন না।" ইহাই নাকি দাদার উপদেশ। তবে কি;ভন্তার

সাধনায় তিনি সম্ভুষ্ট নহেন ? সত্যই কি তিনি এই ব্রহ্মচর্য্যের বিরোধী ? বড় বৌদিদির কথা ত দাদার কথার প্রতিধ্বনি। তবে কি সত্য সত্যই বিবাহ করিতে হইবে ? যদি বিবাহই করিতে হয়, তবে কাহাকে বিবাহ করা যায় ?

তখন একটি একটি করিয়া সত্যভামার বর্ণিত অর্জ্জুনের গুণাবলী স্থভদার মনে উদিত হইতে লাগিল। তাঁহার অনস্ত গুণের মধ্যে অর্জ্জুন স্থভদার মত কৃষ্ণভক্ত, তাঁহাকে পাইলে জগতে কৃষ্ণভক্তি প্রচার অবশ্যস্তাবী। ইহাই তাঁহার মনের মধ্যে উদর হইতে লাগিল। যদি দাদা বিবাহ করিতে আদেশ করেন তবে অর্জ্জুনকেই বিবাহ করিবেন—আর যদি ব্রহ্মচর্য্য পালন করানই দাদার উদ্দেশ্য হয়, তবে অর্জ্জুনের মূর্ত্তি দাদার মূর্ত্তির পাশে রাখিয়া তাঁহাকে পূজা করিবেন।

"দাদা, কখনও স্বাতন্ত্র্য অবলম্বন করিয়া কোন কার্য্য করি নাই। আজ্ব, তোমার অসাক্ষাতে, তোমার অনুমতির অপেক্ষা না করিয়া



## নবম অধাায় বিবাহের মন্ত্রণা।

সন্ধ্যাবন্দনাদি সম্পন্ন করিয়া বস্থদেব জপ করিতে বসিয়াছেন। রোহিণী ও দৈবকী তাঁহার সেবা-শুশ্রাষায় নিরতা। দৈনিক নির্মামুসারে কৃষ্ণবলরাম আসিয়া তাঁহাদিগকে প্রণাম করিয়া নির্দিষ্ট আসনে উপবেশন করিলেন। জ্যেষ্ঠামুক্রমে অন্থান্থ যাদবগণ আসিলেন, তাঁহারাও গুরুজনদিগকে প্রণাম করিয়া স্ব স্থ নির্দ্দিষ্ট আসনে উপবেশন করিলেন। প্রতিদিন সন্ধ্যার পরে বস্থাদেবের ঘরে
সন্মিলিত ইইয়া তাঁহারা পরস্পরের মতামত
গ্রহণ পূর্ববিক ভবিষ্যতের কর্ত্তব্য অবধারণ করেন,
আজও সেই উদ্দেশ্যে সকলে সমবেত হইয়াছেন।
উপস্থিত প্রসঙ্গ সকল, প্রস্তাবিত, সমর্থিত ও
স্থিরীকৃত হইলে, শ্রীকৃষ্ণ গম্ভীরভাবে পিতা ও
দাদাকে সম্বোধন পূর্ববিক স্বভদ্রার বিবাহের প্রস্তাব
করিলেন।

যত্নংশীয় সকলেই একবাক্যে বলিলেন—
"এখনই স্থভদ্রার বিবাহ দেওয়া কর্ত্তব্য, কিন্তু
স্থভদ্রা যাহাতে উপযুক্ত পাত্রে অর্পিত হয়,
তাহাই আমাদের বাসনা।"

"আমারও তাহাই ইচ্ছা", ইহা বলিয়াই বলরাম কি যেন ভাবিতে লাগিলেন। স্থভদ্রার
বিবাহের প্রস্তাব শুনিবা মাত্রেই বলরামের
মনে এক নৃতন চিন্তা প্রবেশ করিল।
তিনি মনে মনে স্বীয় প্রিয়তম পাত্রের
অমুসন্ধান করিতে লাগিলেন। যেই



প্রিয়-শিশ্য রাজচক্রবর্তী ছুর্য্যোধনের কথা মনে হইল, অমনি তাঁহার মুখ উৎফুল্ল হইয়া উঠিল।


শ্রীকৃষ্ণ দাদার মুখের ভাব অবলোকন করিয়া শঙ্কিত হইলেন। দাদা কোন প্রস্তাব করিবার পূর্বেবই তিনি বলিতে লাগিলেন—

"আমার মতে অর্জ্জুন স্থভদ্রার পক্ষে অতি উত্তম বর। এইরূপ বর দ্বিতীয় মিলিবার সম্ভাবনা নাই। যদি সকলের অভিমত হয় তবে আমি কল্যই তাঁহাকে স্থভদ্রা সম্প্রদানের ব্যবস্থা করিতে পারি।"

এই প্রস্তাব শুনিবামাত্র বস্থদেব হইতে
যত্তবংশীয় বালক পর্য্যস্ত আনন্দের সহিত সমর্থন
করিয়া উঠিলেন। দৈবকী ও রোহিণী আহলাদের
সহিত বলিয়া উঠিলেন "ক্লফের ইচ্ছাই পূর্ণ
হউক।" অস্তঃপুরস্থিত মহিলাগণও আনন্দ
প্রকাশ করিয়া যেন ইহা অমুমোদন করিলেন।


অর্জ্জনের নাম শুনিয়া বলরাম গর্জ্জন করিয়া বলিলেন—"কখনই নহে, কখনই নহে। আমি






এই কথা বলিয়া বলরাম গুরুজনদের পদধূলি
লইয়া প্রস্থান করিলেন। আর কাহারও কোন
কথা শুনিবার অপেক্ষা করিলেন না। যতুবংশীয়গণ বলরামের কথার প্রতিবাদ করিয়া তুর্য্যোধন
সম্বন্ধে নানারূপ মন্তব্য প্রকাশ করিতে লাগিলেন।
কৃষ্ণ এবং বলরামের ব্যবহারের সমালোচনাও
করিলেন।

শ্রীকৃষ্ণ তাঁহাদের মন্তব্যে বাধা জন্মাইয়া কহিলেন,—"দেখ, শত হইলেও তোমরা বালক, দাদার সিদ্ধান্তের উপর তোমাদের কোনরূপ মন্তব্য প্রকাশ সঙ্গত নহে। মাতাপিতা ভিন্ন তাঁহার কথার প্রতিবাদ করিবার দ্বিতীয় ব্যক্তি নাই। তিনি শ্রমন তোমাদের অভিমতের অপেক্ষা করেন নাই,







বলরামের পণ, দ্বারাবতীতে রাষ্ট্র হইয়া গিয়াছে। সত্যভামা, অজ্জুন ও স্থভদ্রা ভাবিয়া অস্থির হইতেছেন। এখন উপায় কি ?

অর্জ্জুন, স্থভদ্রার জন্ম উন্মন্ত। স্বয়ং
সত্যভামার নিকট স্থভদ্রাকে পাইবার প্রস্তাব
করিয়াছেন। প্রাণস্থা কৃষ্ণকে বলিতে সাহস
পান নাই, লজ্জা আসিয়া যেন তাঁহার কণ্ঠরোধ
করিয়াছিল। "নিশ্চয়ই তোমাকে স্থভদ্রা দান
করিব—" সত্যভামা এই বলিয়া অর্জুনকে
আশাস দিয়াছেন। অর্জুন তাঁহার বাক্য, কৃষ্ণ বাক্যের প্রতিধ্বনি বলিয়াই বিশাস করেন;
সে আশাস বাক্যে অর্জুন আনন্দসাগরে ময়
ইইয়াছেন। তিনি দিবারাত্রি স্থভদ্রা-মূর্ত্তি হাদয়ে
ধ্যান করিয়া, স্তোত্র স্বরূপ তাঁহার গুণাবলী
আলোচনা করিতেছেন। "অসামান্য রূপগুণের



আধার স্থভদ্রা তাঁহারই হইবে" মনে মনে এই কল্পনা করিয়া আনন্দ সাগরে ভাসিতেছেন।

উদাসিনী স্বভদ্রার প্রাণে এখন নৃতন ভাব জাগিয়াছে। তিনি যেন প্রাণে প্রাণে কি একটা অভাব অথুভব করিতেছেন। যে প্রাকৃতিক দৃশ্য দেখিয়া স্বভদ্রা মুগ্ধ হইয়া যাইতেন, এখন তাহাতে আর তিনি মুগ্ধ হইতে পারেন না—সঙ্গে ষেন অপর কেহ একজন থাকিলে প্রাণ ভরিয়া দেখিয়া তৃপ্ত হইতে পারিতেন। নারায়ণের আরতি করিতে যান—আরতি তেমন প্রানস্পর্শী হয় না। 'দক্ষিণ পার্শে আর কেহ থাকিলে-যেন উভয়ে মিলিয়া আরতি করিলে ভাল হইত। এইরূপ প্রত্যেক কার্য্যেই ষেন স্বভদ্রার প্রাণের ভিতর কি একটা অভাব অমুভূত হইতেছে। সদা-হাস্থময়ী স্থভদার ভিতরে একটু বিষাদের পড়িয়াছে। ইহা যে অজ্জুনের অভাব জনিত সত্যভামা তাহা বুঝিয়াছেন। স্থভদার মনের ভাবও প্রকাশ হইয়া পড়িয়াছে। একদিকে সত্যভামা, স্থভদ্রাকে অর্জুনের হস্তে সম্প্রদান করিতে প্রক্তিশ্রুত; অপর দিকে বলরাম স্থভদ্রাকে প্রিয়শিষ্য তুর্য্যোধনকে সম্প্রদান করিতে বদ্ধ-পরিকর। এখন উপায় কি ?

সত্যভামা, করযোড়ে প্রার্থনা করিতেছেন—
"প্রভু, তোমার আদেশেই স্থভদ্রার্জ্জুনের মিলন
কার্য্যে ব্রতী হইয়াছিলাম। উভয়কে মিলনোমুখ
করিয়াছি। এখন এ বিজ্ঞাট কেন? তুমি
কি ইহার কোন প্রতিবিধান করিবে না।" সত্যভামা এই বলিয়া আকুল প্রাণে কাঁদিতেছেন।

বে সত্যভামা, স্থভদাকে মুহূর্ত্ত না দেখিয়া থাকিতে পারেন না, আজ তিনি তাঁহাকে আদে দিখিতে যান নাই। তিনি অর্জ্জুনকে প্রতিদিন আশাস দিয়া প্রলোভিত করিয়াছেন, অর্জ্জুন তাঁহার মুখে স্থভদাগুণ শুনিয়া মুগ্ধ, স্থভদা পাইবার আশায় আশাসিত, আজ সেই অর্জ্জুনের সঙ্গেও দেখা করেন নাই।

যদি বলরামের পণই ঠিক থাকে, তবে

স্থভদ্রা সমুদ্রে ঝাঁপ দিবে। একাকী অর্জ্ভুন কুরুকুল যতুকুল নির্মাল করিবে; রক্ত স্রোতে দারকা রঞ্জিত হইবে, সমুদ্রের নীল জ্বলেও লোহিত আভা বিস্তার করিবে। ইহার প্রতি-বিধানের কোন উপায় নাই কি ?

প্রভুকে জিজ্ঞাসা করি—তিনি নিশ্চিন্ত; দাদার বিরুদ্ধে কোন কথা বলিবেন না। হাসি মাখা মুখে বলেন—

"স্তুদ্রা বীরের বীরত্বের পুরস্কার! অর্জ্জুনের ক্ষমতা থাকিলে, অবশ্যই সে স্তুদ্রা গ্রহণে সমর্থ হইবে।"


তিনি যেন ইঙ্গিতে বলেন—অর্জ্জুন বল পূর্ববক স্থভদ্রা গ্রহণ করুক। এখন অর্জ্জুনকে স্থভদ্রা দান করিলেও আত্মবিচ্ছেদে যতুবংশ ধ্বংস হইবে। তুর্য্যোধনকে স্থভদ্রা দান করিলেও অর্জ্জুন কুরু-বংশ ও যতুবংশ ধ্বংস করিতে পারে। উপায় কি ? স্থভদ্রা মরিলে কি ইহার শান্তি হয় ? সে আত্ম- ত্যগী উদাসিনী, যদিও প্রেমের স্বাদ পাইয়াছে

—মনের মানুষ দেখিয়াছে, তথাপি স্বীয় সতীত্ব
রক্ষার জন্ম অবশ্যই আত্ম ত্যাগ করিবে। তাহাতে
কি হইবে? যতুবংশে আত্মবিচ্ছেদ ঘটিবে।
আর অর্জ্জুন কি শূন্য হৃদয়ে ফিরিয়া যাইবে?
য়াহারা তাঁহার স্বভ্রা লাভের অন্তরায়, তাঁহাদিগকে কি জীবিত রাখিবে? অসম্ভব। অর্জুন
এখন স্বভ্রাগত প্রাণ, স্বভ্রার সঙ্গে সে যে

সমুদ্রে ঝাঁপ দিবেনা, তাহাই বা কে বলিবে 🤊


সত্যভাষা এইরূপ অনেক চিন্তা করিলেন, অনেক ভাবনা ভাবিলেন। সকল দিক রক্ষা হয়, এমন কোন উপায় নির্দেশ করিতে পারিলেন না। তখন নিরুপায় হইয়া মনে মনে সঙ্কল্প করিলেন—শ্রীকৃষ্ণের ইচ্ছাই পূর্ণ হউক—স্বয়ং স্থভদ্রাকে অর্জুনের করে আজই অর্পণ করিব। কাল অর্জ্জুন স্থভদ্রাকে হরণ করিয়া ইন্দ্রপ্রস্থে প্রস্থান করুক। ইহাতে যতুকুলের ভাগ্যে যাহা আছে তাহাই হইবে।






## একাদশ অধ্যায় সম্প্রদান।

স্তুজা ব্রশ্বচর্য্য ব্রতধারিণী—স্তুজ্ঞা সংযমে আদর্শ স্থানীয়া। এতদিন অর্জ্জুনের প্রতি অনুরাগ, তাঁহার হৃদয়ে অস্তঃসলিলা ফল্প নদীর ভায় প্রবাহিত হইতেছিল। বাহিরে কিছুই প্রকাশ পায় নাই। সত্যভামাও তাঁহার মনোভাব সম্পূর্ণরূপে বুঝিতে পারেন নাই। তিনি এই মাত্র বুঝিয়াছেন—স্তুজ্ঞা অর্জুনের প্রতি অনুরাগিণী। তাহাকে কথনও বিমর্ষ দেখিলে পরিহাসচ্ছলে



ভাব জানিয়াই তিনি সে প্রস্তাব করিয়াছেন।



আমি বড় দাদার আদেশই বা লজ্জন করিব কেমন করিয়া? দাদা ঘাঁহার কথার প্রতিবাদ করিতে পারেন না, আমি সে কথার কেমনে প্রতিবাদ করিব? না, যাই বড় দাদার চরণে ধরিয়া ভিক্ষা চাহিব।" এই বলিয়া স্থভ্জা চলিলেন; এমন সময়ে সত্যভামা আসিয়া তাঁহার পথ রোধ করিয়া, বলিলেন—"কোথা যাও স্থভ্জা?"

"বড় দাদার পায়ে ধরিয়া ভিক্ষা চাহিতে— তিনি যেন আমার ব্রহ্মচর্য্যায় বাধা না জন্মান।" স্থভদ্রা ধীর ভাবে এই কথা বলিয়া অগ্রসর হইতে লাগিলেন।


সত্যভামা বলিলেন—"তিনি যদি সে ভিকা না দেন ?"





"দিবেন—অবশ্য দিবেন। জ্ঞান ত বৌদিদি বড়দাদা আমাকে কত স্নেহ করেন, আমার কত আবদার রাখেন। বড়দাদার ক্রোধ শাস্তির একমাত্র উপায় আমি। যে দিন ক্রোধে প্রলয় ঘটাইতে প্রস্তুত হন, দ্বারাবতীর সকলে ভয়ে কম্পবান থাকেন, সে দিন ত আমারই আবদারে সে ক্রোধাগ্রি নির্ব্বাপিত হইয়া থাকে। আজ তাঁহার পায়ে ধরিব, ভিক্ষা চাহিব, আর কিছু নয় তাঁহার মুখের একটি কথা—"তুমি চিরকুমারীই থাক।"

স্তুজা এই কথা বলিয়া পুনর্বার অগ্রসর হইলেন। সত্যভামা আবার বলিলেন—"যে পণ, পিতা বস্থানেব, মাতা রোহিণী ও দৈবকী পুনঃ পুনঃ অসুরোধ করিয়াও ভাঙ্গিতে পারেন নাই—বরং পূর্বাপেক্ষা দৃঢ়তর হইয়াছে—সেই কথা নিয়া তুমি কোন্ সাহসে যাইতেছ ? আর তোমাকে না হয় সম্মতি দিলেন। কিন্তু দুর্য্যোধন যে সদল বলে আসিতেছেন, তাঁহাকে কিরাইবেন




কি বলিয়া ? তুর্য্যেধনই বা সহজে ফিরিবেন কেন ? ভীম্ম, দ্রোণ, কর্ণ প্রভৃতি মহারথী তাঁহার সঙ্গে আসিতেছেন ; তখন যাদবদের অবস্থা কি হইবে ভাবিয়াছ কি ? তুমি বিবাহ করিলে না, অর্জ্জন—যে তোমার জন্ম মরিতে বসিয়াছে, তাঁহার উপায় হইবে কি ?"

তখন স্থভদ্রা ব্যাকুল ভাবে বলিলেন—
"আমি অর্জ্জুনও চাহিনা—ছুর্য্যোধনও চাহিনা,
আমি চাহি—বেরূপ আছি সেইরূপ থাকি। বড়
দাদা তাঁহার শিশ্ব ছুর্যোধনকে বুঝাইয়া বিদায়
দিবেন আর তোমরা তোমাদের স্থাকে বুঝাইয়া
বিদায় কর। যতুবংশের সকল বিপদ দূর হউক,
আমি আমার ব্রহ্মচর্যা। নিয়া থাকি।"

"অর্জুনের জন্ম অশ্রুপাত দূর হইবে কিসে?" সত্যভামার এই কথার উত্তরে স্কুড্রা বলিলেন—"যতুবংশের সম্মান রক্ষার জন্ম এ অশ্রু ত সামান্ম, তুষানল ব্যবস্থাও সহ্ম করিতে পারিব। অর্জুনকে পাইবার আশা ত ভোগ "তুমি ত শান্তিলাভ করিবে স্থভদ্রা! আমার উপায় কি হইবে?" এই কথা বলিতে বলিতে সহসা অর্জুন সেখানে উপস্থিত হইলেন। সত্য-ভামাকে দেখিয়া বলিলেন "আঃ বৌদিদি যে, আজ আমার স্থপ্রভাত!—মেঘের সঙ্গেই জল।

"মেঘের জল আর পান করিতে হইবে না, বজুের ভয়েই পলাইতে হইবে। তুর্য্যোধন সদল বলে বজুরূপে আসিতেছেন।" এই বলিয়া সত্যভামা অর্জুনের মুখের দিকে চাহিলেন। দেখিলেন—সেই মুখের প্রফুল্লভা আর নাই,




অর্চ্জুন উত্তেজিত ভাবে বলিলেন—"মৃত্যা যদি সত্যসত্যই আমাকে আত্মসমর্পণ করিয়া থাকে, ওসখা শ্রীকুফের যদি ইহা অমুমোদিত হর, তবে সমস্ত পৃথিবী একত্রিত হইলেও অর্চ্জুনের কেশ পর্যান্ত কম্পিত হইবে না।" এই কথা বলিয়া অর্চ্জুন কাত্রনয়নে মৃত্যদার দিকে চাহিয়া বলিলেন—"মৃত্যা, ইতি পূর্নের বৌদিদিকে বাহা বলিয়াছ তাহা কি সত্য ?"

স্ভদ্রা অশ্রুপূর্ণ নয়নে নীরবে অর্জ্জুনকে প্রাণ ভরিয়া দেখিতে ছিলেন। অর্জ্জুনের প্রশ্নে, সহসা সেই নীরবতা ভঙ্গ করিয়া যেন বীণাধ্বনি আরম্ভ হইল—লজ্জা পরিত্যাগ করিয়া বলিলেন— "আপনার পায়ে ধরিয়া প্রার্থনা করিতেছি, যদি আমাকে পাইবার আশা মুহুর্ত্তের জন্মও আপনার হৃদয়ে সঞ্চার হইয়া থাকে, তবে তাহা ভুলিয়া যান। যদুবংশের মঙ্গল বিধান করুন।" "স্তুজা, আমার হৃৎপিণ্ড উৎপাটিত না হইলে স্তুজা-প্রাপ্তির আশা ভুলিতে পারিব না। আর আমিই নাহয় তোমার অনুরোধে ভুলিয়া—তোমারই মত, প্রীকৃষ্ণের দক্ষিণে স্তুজ্জা-মূর্ত্তি স্থাপন করিয়া মানসপটে পূজা করিলাম—কিন্তু হুর্য্যোধন ভুলিবে কেন? সে যদি বহুবংশের অমঙ্গল বিধান করে, তখন কি হইবে?" এই বলিয়া অর্জ্জন স্তুজ্জার মুখের দিকে কাতর নয়নে চাহিলেন। স্তুজ্জা আকুল প্রাণে কাঁদিয়া উঠিয়া বলিলেন—"বৌদিদি, বৌদিদি, তবে যতুবংশ রক্ষার উপায় কি হইবে?"

94

সত্যভামা বলিলেন—"শ্রীকৃষ্ণের ইচ্ছাই পূর্ণ হইবে। যখন তিনি স্বয়ং প্রস্তাব করিয়াছেন— অঙ্জুনকে স্বভ্রমাদান করিবেন, তখন সমস্ত পৃথিবী রসাতলে গেলেও তাহার অত্যথা হইবে না। ইহাতে যত্নুবংশের অদৃষ্টে যাহাই ঘটুক।"

তখন অর্জ্জন উৎসাহের সহিত বলিলেন— "যদি ইহাই শ্রীকৃষ্ণের ইচ্ছা বৌদিদি, তবে আর



অর্জুনের বীরগর্বের স্কৃত্রা উৎফুল্ল হইয়া উঠিলেন—এবং কাতর প্রাণে বলিলেন— "আপনার এই বীরম্বই যে যতুবংশের কাল হইবে। আপনার বাণাঘাতেই যে যতুকুল নির্ম্মূল হইবে।

"সে আশক্ষা বিন্দুমাত্রও করিও না স্কৃত্রা!

শ্রীকৃষ্ণ অনুমতি দিলে, এখনই তোমাকে
লইয়া এখান হইতে প্রস্থান করিতে পারি।
কৃষ্ণ ভিন্ন, সমস্ত যতুকুল আমাকে আক্রমণ করুক
—আমি হাসিতে হাসিতে আত্মরক্ষা পূর্বকক
তোমাকে লইয়া প্রস্থান করিব। তাহাতে
পৃষ্ঠ-প্রদর্শন করিব না। আমি এই গাণ্ডীব
স্পর্শ করিয়া প্রতিজ্ঞা করিতেছি—যাদবের একবিন্দু রক্তেও ভূমি রঞ্জিত হইবে না।"

অর্জুনের প্রতিজ্ঞায় স্থভদাও সত্যভামার

মুখ উজ্জ্বলতর হইরা উঠিল। সত্যভামা বলিলেন

—"তাহাই ঠিক। আগামী কল্য তোমার
মুগয়ার জন্য শ্রীকৃষ্ণের রথ প্রস্তুত থাকিবে।
তুমি রথসহ রৈবতকের বাহিরে অবস্থান
করিও। আমরা স্থভ্রা সহ রৈবতক প্রদক্ষিণ
করিয়া যখন রৈবতকের বহির্দেশে যাইব, তখন
তুমি স্থভ্রাকে তোমার রথে উঠাইয়া প্রস্থান
করিবে। প্রতিজ্ঞা স্মরণ রাখিও—যাদবের
এক বিন্দু রক্তেও যেন পৃথিবা রঞ্জিত না হয়।"
এই বলিয়া সত্যভামা অর্জ্জ্বনের দক্ষিণ হস্তের
উপর স্থভ্রার দক্ষিণ হস্ত স্থাপন করিয়া বলিলেন

—"অর্জ্জুন, আজ আমার বুকের ধন, বুক ছিঁড়িয়া
তোমার করে সমর্পণ করিলাম। দেখিও ইঁহার
থেন অযত্মনা হয়।"


"বৌদিদি, কৃষ্ণাদেশ ভিন্ন একার্য্যে কখনও সম্মত হইতে পারি না।" এককালে ভদ্রার্জ্ঞ্ন উভয়েরই মুখ হইতে এই বাক্টের প্রতিধানি




হইল—এক বীণার তুই তারে যেন একই স্থরের ক্ষার দিল।

"আর আমি বুঝি শ্রীকৃষ্ণের কিছুই না আমার বাণী কৃষ্ণাদেশের প্রতিধ্বনি বলিয়া জানিবে।" এই বলিয়া সত্যভামা প্রীতি-গর্বব-দীপ্ত নয়নে উভয়ের মুখের দিকে চাহিলেন।

তথন ভদ্রাৰ্জ্ব "তথাস্ত্র" বলিয়া সত্য-ভামার চরণে প্রণাম করিলেন। তাঁহাদের প্রাণে যেন অতুল আনন্দের সঞ্চার হইল। সত্যভামাও তাঁহাদিগকে স্বেহাশীর্বাদে সম্বুষ্ট করিয়া সুভদ্রাকে লইয়া প্রস্থান করিলেন।





সুভ্যা

## দ্বাদশ অধ্যায় অপূর্বব-সারথি।

সত্যভামার উপদেশ মত অর্চ্জুন রথসহ রৈবতক-প্রান্তে উপস্থিত রহিয়াছেন। যাদবীগণ সহ স্থভদা রৈবতকের অর্চনান্তে প্রদক্ষিণ করিতেছিলেন, এমন সময় সহসা অর্চ্জুন রক্ষিগণ পরিবেঞ্চিত যাদবীগণের মধ্যে প্রবেশ করিয়া স্থভদ্রার হস্ত ধারণ করিলেন, এবং ;তাঁহাকে লইয়া রথে উঠিলেন। স্থভদ্রা মন্ত্রমুগ্ধবৎ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ আসিলেন।

স্তভাকে এইরূপ ভাবে অর্জ্জ্নের রথে উঠিতে দেখিয়া, যাদবীগণের মধ্যে মহা কোলাহল উপস্থিত হইল। "অর্জ্জ্ন স্নতভ্রাহরণ করিতেছে" বলিয়া একটা রোল উঠিল। রক্ষীগণ অর্জ্জ্নকে বাধা দিতে প্রস্তুত হইল। ঘারকায় সংবাদ গেল।





রক্ষীগণ অর্জ্জ্নকে আক্রমণ করিলে— অর্জ্জ্ন তাহাদিগকে পরাজিত করিলেন। ইতিমধ্যে যাদব-কুমারগণ নারায়ণীদেন। সহ সেই স্থানে উপন্থিত হইয়া অর্জ্জ্নকে যুদ্ধে আহ্বান করিলেন, এবার দারুক বিপদে পড়িলেন। কৃষ্ণপুত্রদের বিরুদ্ধে কি প্রকারে রথ চালনা করিবেন ? অর্জ্জ্নের পুনঃপুনঃ অন্যুরোধ সত্তেও যখন দারুক রথ ফিরাইতে সম্মত হইলেন না, তখন অর্জ্জ্ন তাহাকে পাশ অস্ত্রে রথস্তম্ভে বন্ধন করিলেন, এবং স্বয়ং, এক পদে অশ্বরজ্ম ও অপর পদে কয়া ধারণ পূর্বক যাদবগণের দিকে রথ চালনা করিলেন। তখন উভয় হস্তে বাণবর্ষণে যাদবগণের আক্রমণ হইতে আত্মরক্ষা করিতে লাগিলেন, কিন্তু একটি বাণও কাহারও শরীরে বিদ্ধ করিতে চেফা

অর্জ্জুন স্বয়ং রথী, স্বয়ং সারথী। এইরপ অবস্থায় অসংখ্য যাদবসৈন্তের আক্রমণ হইতে অর্জ্জুনের আত্মরক্ষা করা একটুকু অস্কৃবিধা জনক

দেখিয়া প্রভদ্রা অর্চ্ছুনের চরণযুগল হইতে অশ্বক্ষরু ও কষা গ্রহণ করিয়া সার্থির আসনে উপবেশন করিলেন। তিনি এমন কৌশলে রথ চালনা করিতে লাগিলেন যে, অর্জ্জুনকে আত্মরক্ষা করিতে আর কোন কফ্টই পাইতে হইল না। এমন ক্ষিপ্রগতিতে ইতস্ততঃ করিতে লাগিল, যে, যাদবগণ লক্ষ্য স্থির রাখিতে পারিলেন না। অনির্দিষ্ট লক্ষ্যে বাণক্ষেপণ করিতে করিতে তাঁহারা অবসন্ন হইয়া পড়িলেন, এবং তাঁহাদের তুণ শৃত্য হইল। তাঁহারা যুদ্ধ-ক্ষেত্রে আর তিষ্ঠিতে পারিতেছেন না। তাঁহারা **ক্ষর্ভ্**নের বীরত্ব দেখিয়া মুগ্ধ হইয়াছিলেন। অর্জ্জুনের শরনিক্ষেপ-কৌশলে তাঁহারা অত্যন্ত বিশ্মিত হইয়াছিলেন। অৰ্জ্জ্ব অসংখ্য বাণৰুষ্টি করিয়া কেবল মাত্র ভাঁহাদের আক্রমণে বাধা জন্মাইতেছেন, কিন্তু একটি রাণেও কাহাকে বিদ্ধ করিতেছেন না। তথন তাঁহার। মনে করিলেন-অর্জ্বন অদিতীয় বীর, তিনি শক্রভাবে আক্রমণ

করিলে তাঁহাদের অধিকাংশ সৈন্য বিনাশ করিতে পারিতেন। শত্রুতা করা তাঁহার উদ্দেশ্য নহে, তিনি কেবল মিত্রভাবেই তাঁহাদের নিকট হইতে আত্মরক্ষা করিতেছেন। এইরূপ অবস্থায় অর্জুনের সঙ্গে যুদ্ধ করা সঙ্গত কিনা, সে বিষয়ে রামক্ষের অনুমতি লওয়া উচিত। এই মনে করিয়া সাত্যকি সয়ং ক্ষেবলরামের নিকট উপস্থিত হইলেন।

পূর্বব হইতেই সাত্যকির মনে সন্দেহ হইতেচিল— শ্রীকৃষ্ণের ইচ্ছার বিরুদ্ধে অর্চ্জুন কখনও
সভদ্রা হরণ করেন নাই। অর্জুনের বিরুদ্ধে
যুদ্ধ করা শ্রীকৃষ্ণের ইচ্ছার বিরুদ্ধ। চক্রথারীর
কৃটচক্রেই এইরূপ ঘটনা ঘটিয়াছে। তাঁহারা
বলরামের আদেশে যুদ্ধে আসিয়াছেন, বলরাম
যুদ্ধসাজে সজ্জিত হইয়া শ্রীকৃষ্ণের অপেক্ষায়
আছেন। কিন্তু তাঁহাদের আসিতে বিলম্ব
হইতেছে, দেখিয়া সাত্যকি ভাবিলেন যে হয়ত
শ্রীকৃষ্ণ অন্যরূপ কৌশল অবলম্বন করিয়াছেন।



বলরাম যুদ্ধার্থ সজ্জিত হইয়া শ্রীকৃষ্ণের অপেক্ষায় দাঁড়াইয়া আছেন। অপমানে, ক্রোধে তাঁহার সর্ববশরীর কম্পিত হইতেছে। অর্জ্জুন তাঁহার ভগ্নীহরণ করিয়াছে, যত্নকুলে কলঙ্ক দিয়াছে—কোন্ প্রাণে তাহা সহু করিবেন।

শ্রীকৃষ্ণকে ডাকিতে লোক গিয়াছে, কিন্তু লোকও ফিরিতেছে না—শ্রীকৃষ্ণও আসিতেছেন না। ভ্রাতার ব্যবহারে বলরাম আরও ক্রুদ্ধ হইলেন। হলধর হল ফেলিয়া বিমর্যভাবে বসিয়া পড়িলেন।

ধীরভাবে শ্রীকৃষ্ণ আসিয়া দাদার পদধূলি লইলেন। করযোড়ে বলিলেন—"দাসের প্রতি কি অমুমতি হয় ?"



ক্রোধ কম্পিতস্বরে বলরাম বলিলেন—
"এখনও জিজ্ঞাসা করিতেছ—কি অসুমতি হয় ?

দুগ্ধ দিয়া যে কালসর্প পুষিয়াছিলে, তাহার বিষদংশন কি তুমি এখনও অনুভব করিতে পার
নাই ? তোমার প্রাণসখা যে কুল কলস্কিত
করিয়া প্রাণের ভগ্নী স্বভদ্রাকে হরণ করিয়াছে,
তাহা কি শুন নাই ? তাহার প্রতিফল না দিয়া
কি অপমানের ডালা শির পাতিয়া লইতে হইবে ?

চক্রেধর, শীঘ্র চক্র ধর।" বলরামের কথা শেষ

হইতে না হইতেই যুদ্ধক্ষেত্র হইতে সাত্যকি
ক্রতপদে আসিয়া উপস্থিত হইলেন।

শ্রীকৃষ্ণ শশব্যস্তে কহিলেন—"সাত্যকি যুদ্ধ-ক্ষেত্রের অবস্থা বর্ণন কর।"

প্রণাম করিয়া সাত্যকি করবোড়ে বলিতে লাগিলেন—"প্রভু, এমন অন্তুত যুদ্ধ কখনও দেখি । ভীষণ যুদ্ধ হইতেছে, কিন্তু এক বিন্দুও রক্তপাত নাই। অর্জ্জুন কেবল মাত্র আত্মরক্ষা করিতেছেন, কাহাকেও বাণবিদ্ধ করিতেছেন না।

অথচ আপনার নারায়ণী সেনা ও কুমারগণ যুদ্ধে অবসন্ন হইয়া পড়িয়াছেন। কিছুতেই আর যুদ্ধ-ক্ষেত্রে স্থির থাকিতে পারিতেছেন না। আপনাদের অনুমতির জন্ম আমাকে পাঠাইয়াছেন। আর এক আশ্চর্য্য ঘটনা যে—আপনার ভগ্নী স্থভদ্রা দেবা অর্জ্জনের রথে সার্থির আসনে বসিয়া রথ চালাইতেছেন। এমন রথ-চালন-কৌশল আমি ইতিপূর্বের কখনও দেখিনাই। রথ বিত্যাৎবেগে সৈশুমগুলীর চতুর্দিকে ঘুরিতেছে, কখন কোন দিকে যাইতেছে, কেহ লক্ষ্য করিতে পারিতেছে না। কখন বা মেঘের আড়ালে থাকিয়া বিদ্যাতের খেলা খেলিতেছে, কখন বা উল্ধা পিণ্ডের স্থায়, নয়ন ধাঁধিয়া, এক প্রান্তে আবিভূত ও প্রান্তান্তরে তিরোহিত হইতেছে। এই রথ চালনার কৌশলেই অর্জ্জনকে লক্ষ্য করিয়া কেহ বাণ নিক্ষেপ করিতে পারিতেছে না। স্বভদার অন্তত রথচালনার কথা শুনিয়া বলরাম আনন্দিত হইয়া উঠিলেন। ভগ্নীর





গৌরবে আপনাকে গৌরবান্বিত মনে করিতে
লাগিলেন। প্রাণে যেন তাঁহার অতুল আনন্দের
সঞ্চার হইল। আগ্রহের সহিত জিজ্ঞাসা
করিলেন—"অর্জ্জুন রথ পাইল কোথায় ?"
সাত্যকি কহিলেন—"সুগ্রীবাদি হয়যুক্ত ভগবানের
রথ।"

20%

তথন বলরাম উত্তেজিতস্বরে বলিলেন—
"আমি বুঝিয়াছি এই সকলই তোমার চতুরতা।
আমার বাসনা বার্থ করিবার জন্মই তোমার এই
কৌশল। তুমি নিজের রথ অর্জ্জুনকে দিয়া ভগ্নী
হরণে উপদেশ দিয়াছ। এখন কোন্ মুখে তাহার
সঙ্গে যুদ্ধ করিতে যাইবে ? তজ্জন্মই নীরব হইয়া
রহিয়াছ। আমাকে এইরপ ভাবে অপমান
করিবার কি আবশ্যক ছিল ?" এই বলিয়া
বলরাম কিছুকাল চিন্তা করিয়া বলিলেন—"না
আমারই ভুল হইয়াছিল, শ্রীকৃষ্ণের ইচ্ছাই
সর্বথা পূর্ণ হয়, ইহা জানিয়াও তাহার অন্যথা
করিতেছিলাম।"

শ্রীকৃষ্ণ তথন করবোড়ে বলিলেন—ইহাতে
আমার কোন দোষ নাই দাদা; আমার রথে
অর্জুন সর্ববদাই ভ্রমণ করেন। আজ সেই ভাবেই
গিয়াছেন। আমার নিকট তাঁহার জিজ্ঞাসা
করিবারও আবশ্যক হয় নাই। আমি ইহা জানিও
না। যদি আমার অনুমতিতেই রথ গ্রহণ
করিবে, তবে দারুকই নিজে রথ চালাইত;
স্বভ্রমার রথ চালনার প্রায়োজন হইত না।


তখন বলরাম আগ্রহের সহিত সাত্যকিকে জিজ্ঞাসা করিলেন—"দারুক কোথায় ?" সাত্যকি উত্তর করিলেন—"দেখিলাম—তিনি রথ দণ্ডের সহিত বন্ধন দশায় অবস্থিত।"

"তখন শ্রীকৃষ্ণ উৎসাহের সহিত বলিলেন—ইহাতেই বুঝিতে পারেন— আমার কোন দোষ
নাই। আমার অনুমতি পাইলে দারুক কখনও
বন্ধন দশায় থাকিত না। এই ঘটনা হইতে আমি
ইহাই বুঝিতেছি—সুভদ্রা অন্ধ্রুল, অনুরক্ত,
ঘুর্য্যাধনের সহিত বিবাহের প্রস্তাবে সতীয়

স্তুভ্র

নাশের আশক্ষায়, অর্জুনকে আত্মসমর্পণ করিয়াছে। অর্জ্জুনও ক্ষত্রিয়-বিধি অনুসারে অনুরক্তা কল্যাকে হরণ করিয়াছেন। ইহাতে অর্জুনেরই বা দোষ কি? স্বভুদ্রা অর্জুনের প্রতি অনুরক্তা না হইলে যাদবগণের বিরূদ্ধে স্বয়ং অর্জ্জুনের রথচালনা করিতেছে কেন?" যখন এই সকল কথা হইতেছিল, তখন বস্থুদেব, দৈবকী, রোহিণী প্রভৃতি আসিয়া উপস্থিত হইলেন—তাঁহারা বাস্ত হইয়া বলিলেন—"রামকৃষ্ণ!, এখন উপায় কি?"

শ্রীকৃষ্ণ বিনীতভাবে বলিলেন—"স্কৃত্যা উপযুক্ত পাত্রেই আত্ম-সমর্পণ করিয়াছে। অর্জ্জুন স্কৃত্যা-হরণ করিয়া পলায়ন করেন নাই। তিনি ধীরভাবে জানাইতেছেন—স্কৃত্যা আমার প্রতি অনুরক্তা—আমিও তাঁহাকে পাইবার যোগ্য। এক দিকে বিশাল নারায়ণী সেনা অপর দিকে একাকা অর্জুন। এইরপ যুদ্ধেও অর্জ্জুন পশ্চাৎপদ হইতেছেন না। তাঁহার



শীকৃষ্ণ বাধা দিয়া বলিলেন—"না মা, অর্জুন যতুবংশের প্রতি শক্রতা প্রকাশ করেন নাই। অর্জুন শক্রতা সাধন করিলে এত ক্ষণে যতুবংশ নির্মান করিতে পারিতেন। কিন্তু তাহা করেন নাই। অর্জুন তোমাদের কুমারগণের শরীরে একটি বাণও বিদ্ধ করেন নাই। তোমাদের নারায়ণী সেনার একবিন্দু রক্তও রণক্ষেত্রে পতিত হয় নাই।


অর্জ্জুন অদিতীয় বীর এবং যাদবের অকৃত্রিম বন্ধু। আমি এখনও প্রস্তাব করিতেছি, যুদ্ধে ক্ষাস্ত দিয়া অর্জ্জুনকে সাদরে আহ্বান করতঃ তাঁহার আশ্চর্যাজনক বীরত্বের পুরস্কার স্বরূপ স্কুজ্জাকে দান করা হউক। তখন সকলেই ধীরত্ব ও মিত্রভায় সম্ভুষ্ট হইয়া যাদবগণের ক্রোধ ও অভিমান দূর হইলেও, বলরামের হইল না। কিন্তু উপায় নাই—ভগ্নী যখন স্পেচ্ছায় অর্জুনকে আত্মদান করিয়াছে, তখন বলপূর্বক তাহাকে অপরের হস্তে সমর্পণ করিয়া, ভগ্নীর প্রতি নারীধর্ম্ম বিরুদ্ধ কার্য্যের ব্যবস্থা করিতে পারেন না। অগত্যা বলরাম সম্মত হইয়া বলিলেন—"অর্জুনের বীরত্বের ও মিত্রভার পুরস্কার স্বরূপ আমি নিজে তাহাকে ভগ্নী দান করিব।" এই বলিয়া ভল্রার্জ্কুনকে আনিবার জন্য সাত্যকিকে প্রেরণ করিলেন।

ইতিমধ্যে তুর্য্যোধন বরবেশে সজ্জিত হইয়া
সমৈয়ে সেনাপতিবৃন্দের সহিত যুদ্ধক্ষেত্রে
উপস্থিত হইলেন। তিনি অর্জুন ও যাদবের
যুদ্ধ দেখিয়া বিস্মিত হইলেন। অধিকতর
বিস্মিত হইলেন—স্কুজ্রার রথ চালনায়।
তুর্য্যোধনের পরামর্শে কর্ন, অর্জুনকে পরাজিত
করিয়া স্কুজ্রা গ্রহণে বদ্ধপরিকর হইলেন।

ভীম গদাহন্তে তাঁহার পথরোধ করিলেন। এই রূপ ঘটনা যে ঘটিবে, ভীম তাহা পূর্নেবই জানিতেন। অর্জ্জুন যুধিষ্ঠিরের অনুমতির জন্ম ইতি পূর্নেবই দৃত প্রেরণ করিয়াছিলেন। এই জন্মই ভীম ছুর্য্যোধনের সঙ্গে সমৈন্যে বর্ষাত্রী রূপে উপস্থিত হইয়াছিলেন।


কুরুনৈত্মগণ, যাদবসেনার সহিত মিলিত হইয়া অর্জ্জুনকে আক্রমণ করিল। ঘোরতর যুদ্ধ বাধিল। অর্জ্জুনের বিশ্বয়কর বাণবর্ধণে কুরুসেনা ছিন্ন ভিন্ন হইয়া পড়িতে লাগিল। এমন সময় সাত্যকি আসিয়া যতুবংশীয়দিগকে যুদ্ধে বিরত রাখিয়া, সয়ং নিরস্ত্র অবস্থায় অর্জ্জুনের নিকট উপস্থিত হইলেন এবং রামকৃষ্ণের অভিমত জ্ঞাপন করিলেন। অর্জ্জুন তাঁহাদের আদেশ শিরোধার্যা করিয়া ধসুর্ববাণ পরিত্যাগ করিলেন।

সাত্যকিকে দেখিয়া স্থভদ্রা বড়ই লজ্জা পাইলেন, এবং সার্থির আসন ত্যাগ করিয়া রথের কোণে লুকাইলেন। অর্জুন দারুকের



যাদবদিগকে অর্জ্জুনের অভ্যর্থনা করিতে দেখিয়া, ভীমা, দ্রোণ ও কর্ণকে যুদ্ধ করিতে নিষেধ করিলেন। অর্জ্জুন স্থভদ্রা লাভ করিলেন— তুর্যোধন নিরাশ-হৃদয়ে হস্তিনায় প্রস্থান করিলেন।

স্ভাদ্রা ও অর্জ্জুনের রথ দারাবর্তীতে উপস্থিত হইলে, স্বরং বলরাম তাঁহাদিগকে অভার্থনা করিলেন, মহাসমারোহে তাঁহাদের বিবাহ উৎসব সম্পন্ন হইল। এইরূপে যাদব ও পাণ্ডব মিলনে উভয় পক্ষই আনন্দিত হইলেন।



## চতুর্দ্দশ অধ্যায় ইন্দ্রপ্রস্থ।

অর্চ্চুন দ্বাদশবর্ষ ব্রহ্মচর্য্য ব্রত অবলম্বন পূর্বক তীর্থ ভ্রমণ করিয়া, বিধিলজ্বন জনিত পাপের প্রায়শ্চিত্ত করিলেন। প্রভাস তীর্থে তাঁহার দ্বাদশবর্ষ সম্পূর্ণ হইল। সেখান হইতে তিনি দ্বারাবহীতে ফিরিয়া সখা ক্ষঞ্চের সহিত পুনার্ম্মালিত হইলেন। অর্চ্চুনকে পাইয়া দ্বারা-বহাতে আবার আনন্দ স্রোত প্রবাহিত হইল।

তুই বৎসর অদর্শনের পরে স্বীয় আরাধা দেবতার দর্শন পাইয়া, স্থভ্জা আনন্দ-সাগরে মগ্ন হইলেন। "এতদিনে আমার সাধনায় সিদ্ধিলাভ হইল, আরাধ্য দেবতা দর্শন দিয়া কুতার্থ করিলেন।" এই বলিয়া স্থভ্জা অর্জুনের চরণে প্রণাম করিলেন এবং তাঁহার চরণ যুগল মস্তকে লইয়া চরিতার্থ হইলেন।

অর্জ্জুন সম্নেহে স্বভদাকে তুলিয়া বামপার্শে বসাইলেন। তখন তুই বৎসর, কে, কি ভাবে

>>9


কাটাইয়াছেন, তাহা পরস্পরকে বলিতে লাগিলেন। উভয়ে উভয়ের স্থ<sup>\*</sup>তুঃখে সহান্মু-ভূতি প্রকাশ করিয়া পরম পরিতোষ লাভ করিলেন।

বহুদিন হইল অর্জ্জুন ইন্দ্রপ্রস্থ পরিত্যাগ করিয়াছেন। মাতা ও ভ্রাতাদের অদর্শন জনিত তুঃখ তাঁহাকে ব্যাকুল করিয়াছে। সত্যভামা পুনঃ পুনঃ দ্রৌপদীর কথা উল্লেখ করিয়া পরিহাস করিতেছেন। তাঁহাদিগকে দেখিবার আশায় অর্জ্জুন ব্যাকুল হইয়া উঠিলেন।

শ্রীকৃষ্ণ, স্বভদ্রা ও অর্জ্জুনের ইন্দ্রপ্রস্থ যাত্রার সমস্ত আয়োজন করিলেন। নিজেও তাঁহাদের সহিত ইন্দ্রপ্রস্থে গমন করিলেন। মহারাজ যুধিষ্ঠির স্থভ্জাসহ কৃষ্ণার্জ্জুনের আগমনে আনন্দ-সাগরে মগ্ন হইরা, মহাসমারোহে তাঁহাদের অভ্যর্থনা করিলেন।

ইন্দ্রপ্রস্থ দেখিয়া স্কৃত্তনা মুগ্ধ হইয়াছেন। শেই স্থানটি যেন তাঁহার মনের মত। একমাত্র অজু নের কৃষ্ণভক্তি দেখিয়াই তাঁহাকে কৃষ্ণপূজা প্রচারের সহায় মনে করিয়াছিলেন। ইন্দ্রপ্রস্থে আসিয়া দেখিলেন, যুধিষ্ঠিরের কৃষ্ণভক্তি অর্চ্জুনের অপেক্ষাও বেশী। অগ্যান্য ভ্রাতৃগণও সর্ববদা কৃষ্ণ-সেবায় নিরত। আর দ্রৌপদীর কৃষ্ণ ভক্তির তুলনা নাই। স্বভদ্রা বুঝিতে পারেন না, ইহারা এমন কৃষ্ণ ভক্ত কেমন করিয়া হইলেন। নিজেই নিজেকে ধিকার দিতে লাগিলেন---আমি বালকোল হইতে যাঁহার নিকট থাকিয়া শিক্ষা দীক্ষা পাইয়া, যাঁহাকে দেবতা বুঝিয়া পূজা করিয়াছি, তাঁহাকে আমি যতটুকু চিনিতে না পারিয়াছি—ইঁহারা এত দূরে থাকিয়াও অতি অল্প দিন তাঁহার সাক্ষাৎপাইয়া, এইরূপ ভাবে চিনিলেন কেমনে ? ইহা ভাবেন আর আনন্দ-সাগরে মগ্ন হন। যিনি দ্বারকার বাহিরে কৃষ্ণপূজা প্রচারের সাহাষ্য পাইবেন বলিয়া অজুনিকে আত্ম-সমর্পণ করিয়া ছিলেন, তিনি দ্রেখিতেছেন— শ্রীকৃষ্ণ আপনা হইতেই জগতে প্রচারিত






হইয়াছেন। এই কথা ভাবেন—আর তাঁহার ভক্তির অভিমান চূর্ণ হইয়া যায়! তখন করবোড়ে প্রার্থনা করেন—"দাদা, তোমার বিষয় আমাকে কিছু জানিতে দাও নাই। অন্তকে যাহা দিয়াছ, আমাকে তাহাতে কেন বঞ্চিত রাখিয়াছ?"

পাশুব-পুরে স্বভ্রার কৃষ্ণভগ্নী বলিয়া যত আদর, অর্জ্জুনের স্ত্রী বলিরা তত আদর নাই। পাশুবগণ কৃষ্ণভগ্নী স্বভ্রাকে কৃষ্ণের মত শ্রদ্ধা করেন—কৃত্তী কন্সার মত স্নেহ করেন—আর দ্রোপদী—শ্রীকৃষ্ণের ভক্তিটুকু তাঁহার প্রতি প্রয়োগ করিতে পারিলে যেন কৃতার্থ হন। কৃষ্ণভগ্নী স্বভ্রা সকল বিষয়েই ইন্দ্রপ্রস্থের সকলেরই মন অধিকার করিয়াছেন। কেহ তাঁহার সেবা শুশ্রুষায় মৃগ্ধ—কেহ তাঁহার ক্ষেভক্তিতে মৃগ্ধ—কেহ তাঁহার স্ব্যাধারণ দরা দেখিয়া মোহিত। ইন্দ্রপ্রস্থের সকলেই স্বভ্রার অসাধারণ দরা দেখিয়া মোহিত। ইন্দ্রপ্রস্থের সকলেই স্বভ্রার অনুগত। এমন কি





## পঞ্চদশ অধ্যায় রাজসূয় যজ্ঞ।

শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে অবস্থান করিয়া যুধিষ্ঠিরকে রাজস্য় যজ্ঞ সম্পাদনের পরামর্শ দিলেন। যুধিষ্ঠিরও, স্বয়ং যজ্ঞেশর শ্রীকৃষ্ণকেই যজ্ঞ সম্পা-দনের সমস্ত ভার অর্পণ করিলেন। রাজ-চক্রবর্ত্তী না হইলে কেহ এই যজ্ঞ করিতে পারেন না। তথন জরাসন্ধ ভারত সম্রাট ছিলেন। কৃষ্ণের পরামর্শে ভীম জরাসন্ধকে বধ করিলেন। চারি ভাই চারিদিকে দিখিজয় করিয়া সমস্ত রাজগণকে অনুগত করিলেন। সকলেই যুধিন্ঠিরকে বহুমূল্য উপঢৌকন দিয়া সন্তুষ্ট করি-লেন। মহাসমারোহে যজ্ঞ সম্পন্ন হইল। যুধিন্ঠির ভারতের একছত্র সম্রাট হইলেন।

যজের নিয়মানুসারে উপস্থিত জনগণের
মধ্যে সর্ববপ্রধান ব্যক্তিকে যজের অর্ঘ্য প্রদান
করিয়া সম্মানিত করা হয়। ধর্ম্মরাজ যুধিষ্ঠির
শিশুপাল প্রভৃতির আপত্তি সত্ত্বেও, শ্রীকৃষ্ণকে
সেই অর্ঘ্য প্রদান করিয়া জগতে তাঁহার শ্রেষ্ঠিয়
প্রচার করিলেন। এই দৃশ্য দেখিয়া স্কৃত্যার
মনে অতুল আনন্দের সঞ্চার হইল এবং তাঁহার
আজীবনের কামনা এত অল্লায়াসে সিদ্ধ হইল
দেখিয়া, পাণ্ডবদের চরণে চিরবিক্রীত হইয়া
রহিলেন।

রাজসূয় যজ্ঞে ঈর্ষা-পরায়ন তুর্য্যোধন, পণবদ্ধ অক্ষক্রীড়ায় যুধিষ্ঠিরকে পরাজিত করিয়া তাঁহার রাজ্য ধন সমস্ত জয় করিলেন। পঞ্চপাগুব দ্রোপদীসহ বনে গেলেন। কৃষ্ণ স্থভ্যাকে SOM STATES

ঘারাবতীতে লইয়া গেলেন। তথন স্কৃত্রা একটি পুত্ররত্ন লাভ করিয়াছেন—তাঁহার নাম রাখিয়াছেন "অভিমন্যু।" অভিমন্যুকে স্কৃত্রা পালন করেন—মাতুল শ্রীকৃষ্ণ তাহাকে শিক্ষা দেন —বলরাম, সাত্যকি প্রভৃতি তাহার রক্ষণাবেক্ষণ করেন। তাঁহাদের শিক্ষা দীক্ষায় অতি অল্প বয়সেই অভিমন্যু জগতে অদ্বিতীয় বীর হইলেন। না হইবেনই বা কেন? যাঁহার পিতা অর্জ্জ্ন, মাতা স্কৃত্রদা, মাতুল স্বয়ং শ্রীকৃষ্ণ, তিনি জগতে অদ্বিতীয় বীর হইবেন তাহার আর বিচিত্র কি?

পাগুবগণ অজ্ঞাতবাসের সময় ছন্মবেশে বিরাট রাজ্যে বাস করিতে ছিলেন। অর্জ্জুন স্ত্রী-বেশে বৃহয়লা নামে, বিরাট রাজ তুহিতা উত্তরার শিক্ষাদান কার্য্যে নিযুক্ত ছিলেন। যখন তাঁহারা আত্মপ্রকাশ করিলেন—বৃহয়লাকে অর্জ্জুন জ্ঞানিয়া, বিরাটরাজ উত্তরাকে বিবাহ করিবার জ্ঞন্থ অর্জ্জুনকে অন্মুরোধ করিলেন। অর্জ্জুন ক্যার তাহাকে শিক্ষা দিয়াছেন, এই জ্ঞন্থ



উত্তরাকে নিজে গ্রহণ না করিয়া, পুত্র অভিমন্ত্যুর সহিত বিবাহ দিতে প্রস্তুত হইলেন। দ্বারাবতী হইতে কৃষ্ণ, অভিমন্ত্যুসহ বিরাট রাজ্যে আসিলেন। মহাসমারোহে অভিমন্ত্যু ও উত্তরার বিবাহ সম্পন্ন হইল। পাগুবদিগকে তাঁহাদের পূর্বব রাজ্য প্রাপ্তির বিষয়ে নানারূপ উপদেশ দিয়া, শ্রীকৃষ্ণ অভিমন্ত্যু ও উত্তরা সহ দ্বারাবতীতে প্রস্থান করিলেন। যখন বিনা যুদ্ধে তুর্য্যোধন সূচাগ্র ভূমি প্রদান করিতে অস্বীকার করিলেন, তখন যুদ্ধ ভিন্ন আর দ্বিতীয় উপায় রহিল না। পাগুব গণ যুদ্ধের আয়োজন করিতে লাগিলেন।

যাদবগণ মহাসমারোহে অভিমন্তা-উত্তরার বিবাহ-উৎসব সম্পন্ন করিলেন। স্কুভ্রা পুক্র ও পুক্রবধ্কে পরম ষত্নে গ্রাহণ করিলেন। কিন্তু মনে শান্তি পাইলেন না, অর্জুনকে দর্শন করিবার জন্ম উৎকণ্ডিত হইলেন। প্রীকৃষ্ণ স্কুভ্রদার বিরাট নগরে যাত্রার বন্দোবত্ত করিয়া দিলেন। অভিমন্তা, উত্তরাও তাঁহার সঙ্গে চলিলেন।



স্থভদ্র। যাত্রার সময় শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া প্রার্থনা করিলেন—"দাদা, সম্মুখে ভীষণ ভারত যুদ্ধ উপস্থিত, এসময়ে তোমার আশ্রিতদিগকে ভুলিয়া থাকিওনা।"

"তোমরাও নিরাশ্রয়কে আশ্রয় দিতে ভুলিওনা" এই বলিয়া শ্রীকৃষ্ণ স্থভদ্রাকে আশীর্ননাদ করিয়া বিদায় দিলেন।

## যোড়শ অধ্যায় আশ্রয় দান।

স্তুত্রা বিরাট রাজ্যে যাইতেছেন। পথে
গঙ্গাস্থানান্তে দেখিলেন—এক রাজা বৃক্ষশাখায়
ক্রশ্ব বাঁধিয়া গঙ্গাজলে আত্মহত্যা করিতে কৃতসঙ্কল্ল
হইয়াছেন। যেমন তিনি গঙ্গায় ঝাঁপ দিবেন—
ক্রমনি স্কুত্রা তাঁহাকে বাধা দিয়া বলিলেন—
"মহাশয়, আত্মহত্যা মহা পাপ—কেনু আপনি
পাপানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছেন ?"

স্থৃভদার মুখে সেই মাখা সত্পদেশ শুনিরা দণ্ডীর প্রাণ গলিয়া গেল। অশ্রুপূর্ণ লোচনে বলিলেন—"মা, ত্রিভূবনে কেইই যাহাকে আশ্রুয় দিতে পারিল না, তাহার আশ্রুয় স্থান এই গঙ্গা-গর্ভ ভিন্ন কোথায় হইবে ?"

স্কৃত্যা বিস্ময়ের সহিত বলিলেন—"আপনি কি জন্ম কাহার নিকটে আশ্রয় চাহিয়াছিলেন »"

"আমার প্রিয়তম। এই অধিনীটি রক্ষার জন্ম, পৃথিবীর সকলের নিকটে প্রার্থনা জানাইয়াছি, দেবতা মণ্ডলীরও দারস্থ হইয়াছি; কিন্তু কেহই আমাকে 'আশ্রয় দিতে সাহস পাইলেন না।" এই কথা বলিয়া দণ্ডী কাঁদিতে লাগিলেন।

স্থভদ্রা দণ্ডীকে শান্ত করিয়া বিশ্বায়ের সহিত বলিলেন—"আপনি অখিনীকে লইয়া এমন কি বিপন্ন হইয়াছেন, যে স্বৰ্গ মৰ্ত্তে কেহই আপনাকে আশ্রয় দিলেন না ?"

দণ্ডী পুনর্বার কাঁদিতে কাঁদিতে বলিলেনমা কৃষ্ণ আমার এই অশ্বিনীটিকে বল পূর্বক

W. 10

গ্রহণে প্রস্তুত হইয়াছেন। তাঁহার সহিত যুদ্ধ করিয়া ইহাকে রক্ষা করিতে পারি—এমন শক্তি আমার নাই। তাই একে একে ভারতের রাজ-গণের নিকট আশ্রয় প্রার্থনা করিয়াছি, কেহই আমাকে কুষ্ণের বিরুদ্ধে আশ্রয় দিলেন না। দেবরাজ ইন্দ্র এমন কি ব্রহ্মা বিষ্ণু, শিব প্রমুখ দেবগণও পশ্চাৎপদ হইলেন। পৃথিবী হইতে ধর্ম্ম লোপ পাইয়াছে—দেবতাগণ নিরাশ্রায়কে আশ্রয়দান ভুলিয়া গিয়াছেন। ক্ষত্রিয়গণও আশ্রিত বাৎসলাকে আর ধর্ম্মের অঙ্গ বলিয়া মনে করেন না। যে ক্ষত্রিয়রাজ ঔশিনর শিবি—নিজের দেহ হইতে মাংস কর্ত্তন করিয়া দিয়া একটি কপোতকে রক্ষা করিয়াছিলেন— সেইরূপ ক্ষত্রিয় রাজ আজ লুপ্ত হইয়াছেন!" স্থভদা বিম্ময়ের সহিত দণ্ডীরাজের কথা শুনিয়া আগ্রহের সহিত বলিলেন—"পাগুবদের নিকট গিয়াছিলেন কি ?" দণ্ডীরাজ কাতর ভাবে বলিলেন, "না মা, সেখানে যাইয়া কি ফল

ফলিবে ? কৃষ্ণ পাণ্ডবের সখা, পাণ্ডবগণ কি তাঁহাদের সখার বিরুদ্ধে কখনও আদাকে আশ্রায় দিবেন ? বরং বলবান পাণ্ডবের নিকট প্রস্তাব করিবা মাত্র, তাঁহারা আমায় বন্দা করিয়া অখিনী সহ কুষ্ণের নিকট পাঠাইবেন। মা, আমার মৃত্যুই শ্রোয়ং, তুমি আমার মৃত্যুতে বাধা দিওনা।"

পাণ্ডবগণ দণ্ডীরাজকে নিরাশ করেন নাই,
ইহা ভাবিয়া স্থভদার প্রাণে আনন্দের সঞ্চার
হইল। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন
পরের প্রিয় বস্তুতে দাদার এইরূপ লোভ জন্মিবার
কারণ কি ? দাদা ধর্ম্মের আশ্রায়, কোন দিন
এমন অধর্ম জনক কার্যো হস্তক্ষেপ করেন না।
তিনি যখন এই কার্য্যে প্রবৃত্ত, তখন নিশ্চয়ই
ইহাতে কোন গৃঢ় রহস্য আছে। আসিবার সময়
আমাকে উপদেশ দিয়াছেন—'তোমরাও নিরাশ্রায়
কে আশ্রায় দিতে ভুলিওনা।' আমি দাদার উপদেশ রক্ষা করিব—নিরাশ্রায় দণ্ডীকে আশ্রায় দিব।
আপ্রিত রক্ষার জন্য যদি দাদার বিরুদ্ধেও যুদ্ধ

করিতে হয় তাহাও করিব।" এইরপ ভাবিয়। স্বভদ্রা গলদশ্রু লোচনে—করযোড়ে মনে মনে প্রার্থনা করিলেন—"দাদা নিরাশ্রয় দণ্ডীকে আশ্রয় দিয়া তোমার বিরুদ্ধাচারী হইলাম। ইহার পরিণাম তুমিই জান। ইহার ফলাফল তোমার চরণে অর্পিত। প্রভু তোমার ইচ্ছাই যেন পূর্ণ হয়।"

তখন স্নেহপূর্ণ স্বরে দণ্ডীরাজকে বলিলেন, "তুমি আমাকে মাতৃ সম্বোধন করিয়াছ। মা কখনওকোন অবস্থায় সন্তানকে পরিত্যাগ করিতে পারে না। আমিও তোমাকে পরিত্যাগ করিব না। আমি তোমাকে আশ্রয় দিলাম, আমার শরীরে একবিন্দু রক্ত থাকিতে কেহ তোমাকে কি তোমার প্রিয়তমা অধিনীকে স্পর্শ করিতে পারিবে না।"

এই কথা শুনিয়া দণ্ডীরাজ বিম্ময়-বিস্ফারিত নেত্রে স্কুভদ্রার মুখের দিকে চাহিয়া রহিলেন। কর-যোড়ে বলিলেন "মা, আপনি দেবী না মানবী ?"



শিশুরাজ বিশ্মিত হইবেন না, পৃথিবী এখনও ক্ষত্রিয়শৃশ্য হয় নাই। ক্ষত্রিয় রমণী এখনও বাহুবলশৃশ্য হন নাই, এখনও তাঁহারা আঞ্জিতবাৎসল্যরূপ ক্ষাত্রধর্ম ভুলেন নাই। আপনি নিঃসঙ্কোচে আমার সঙ্গে আস্তন।" সভ্জা এই বলিয়া, দণ্ডীরাজকে, অশ্বপৃষ্ঠে আরোহন করিয়া, তাঁহাদের রথের সঙ্গে আসিতে অমুরোধ করিলেন। স্তম্ভিত দণ্ডীরাজ এক পদও নড়িলেন না। কর্যোড়ে কাতর নয়নে স্ভ্জার দিকে চাহিয়া যেন তাঁহার পরিচয় জানিতে চাহিলেন।

"দণ্ডীরাজ, তোমার শক্র—শ্রীকৃষ্ণের ভগ্নী—ভুবন বিজয়ী অর্জ্জুনের পত্নী—অভিমন্মার মাতা স্থভদ্রাই আজ তোমার আশ্রের দাত্রী।" স্বভদ্রা এই কথা বলিয়া দণ্ডীরাজাকে আরও বিশ্বিত করিলেন।

স্থভদ্রার বাক্য ভঙ্গিতে দণ্ডীরাজ কিংকর্ত্তব্য বিমৃত হইয়া পড়িলেন। স্থভদ্রার সঙ্গে যাইতে



সাহস পাইতেছেন না অস্বীকারও করিতে পারিতেছেন না। তখন যাইবেন কি থাকিবেন এই ভাবনায় ব্যস্ত হইলেন। স্বভদ্রা অভিমন্যুকে ডাকিলেন। অভিমন্থা উত্তরার সহিত অদূরে রখের উপর ছিলেন। অভিমন্যু মাতৃচরণে कतित्व. युज्जा आगीर्वाम कतिया विवासन "আজ আমাদের জীবনের সর্বেবাৎকৃষ্ট দিন, আজ এই গঙ্গাতীরে শপথ করিয়াছি—শরীরে একবিন্দু রক্ত থাকিতে আশ্রিত দণ্ডীরাজকে অস্তের হস্তে সমর্পণ করিব না। এই অন্মিনীসহ দণ্ডীরাজের ভার তোমার উপর নির্দেশ করিলাম। আমি আদেশ করিতে পারি,—তুমি ভিন্ন এমন কে আছে? স্থামী অদিতীয় বীর, আমি তাঁহার দৈবিকা, — ভাঁহার চরণে প্রার্থনা করিতে পারি : সৌ প্রার্থনা পূর্ণ করা না করা তাঁহার ইচ্ছা। পুত্রই মাতার একমাত্র আদেশর পাত্র। আমার বিশাস পুত্র কখনও মাতৃ আদেশ লজন করেন।" অভিমন্ত্র্য তখন গঙ্গাতীরে মাতার-চরণ স্পর্শ


করিয়া বলিতে লাগিলেন—"মা, আমার শরীরে একবিন্দু রক্ত থাকিতে এই অশ্বিনী কি দণ্ডী রাজের কেশও কেহ স্পর্শ করিতে পারিবে না।" দণ্ডীরাজ, অভিমন্তার মুখের দিকে, বিশ্বয়ে চাহিলেন। স্বভুদা অভিমন্তার কথায় বাধা দিয়া বলিলেন—"বৎস, প্রতিজ্ঞা করিবার পূর্বের শুন,—কাহার বিপক্ষে যুদ্ধ করিতে হইবে। যিনি এত দিন তোমাকে অপত্যনির্বিশেষে প্রতিপালন করিয়াছেন, শস্ত্র শাস্ত্র শিক্ষা দিয়া সর্ব্ব বিষয়ে নিজের সমকক্ষ করিয়াছেন,—সেই চিরউপাশ্ত-শুক্র—গো্বিন্দের বিরুদ্ধে! পাণ্ডবগণণ্ড যদি তাহাদের স্থার পক্ষে যুদ্ধ ক্ষত্রে আগমন করেন তবে তাঁহাদেরও বিরুদ্ধে!"


মাতার মুখে এইরূপ বাক্য শুনিয়া অভিমন্মা, বিশ্ময়ে তাঁহার মুখের দিকে চাহিলেন। প্রভ্রা ধীর, স্থির, গঞ্জীর ভাবে বলিতেলাগিলেন "আরও শুন—পৃথিবীর কোন রাজা দণ্ডীকে আশ্রয় দিতে সাহস পান নাই এবং ইন্দ্রাদি দেবগণ্



এমন কি ব্ৰহ্মা, বিষ্ণু, শিবও আগ্ৰয় দেন নাই। আমি আগ্ৰয় দিয়াছি বলিয়া ক্ৰুদ্ধ হইয়া যদি তাঁহারা যুদ্ধ করেন, তবে তাঁহাদের বিরুদ্ধেও যুদ্ধ করিতে হইবে।"

তখন অভিমন্তা অকম্পিত স্বরে বলিলেন—
"মা, অধিক আর কি বলিব, সমস্ত পৃথিবী
সমবেত হইয়া যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইলেও, তোমার
পুত্র জীবন থাকিতে যুদ্ধক্ষেত্রে পৃষ্ঠপ্রদর্শন
করিবে না।" এই বলিয়া মাতার চরণ ধূলি
পুনর্বনার মাথায় লইলেন এবং দণ্ডীরাজাকে অভয়
দিয়া সঙ্গে যাইতে অন্যুরোধ করিলেন। দণ্ডী
রাজও মন্ত্রমুগ্ধবৎ অশ্বিনীসহ তাঁহাদের সঙ্গে
সঙ্গে গমন করিলেন।






প্রভাগ দণ্ডাকে আত্রার দিয়া ভণ্ডরার সাহত পাণ্ডবদের অন্তঃপুরে প্রবেশ করিলেন। দ্রৌপদীর পদধূলি লইয়া দণ্ডীরাজাকে আত্রয় দান বৃত্তান্ত বলিতে লাগিলেন। দ্রৌপদা স্বভারার কথা শুনিয়া বিস্ময়ের সহিত বলিলেন "তোমার দাদার বিরুদ্ধে যুদ্ধ, ইহা পাণ্ডবদের পক্ষে অসম্ভব।" স্বভদ্রা বলিলেন—"কৃষ্ণ আমার দাদা—আমি পারিলে কি পাণ্ডবগণ পারিবেন না ?"

দ্রোপদী বলিলেন—"তোমাদের সকলই অদ্ভূত। যেমন দাদা—তেমনই তাহার ভগ্নীটি! যাহা করিবেন তাহা যেমন বিচিত্র তেমনই অলোকিক। তোমাদের মহিমা বুঝিবার সাধ্য আমার নাই।"

দ্রোপদী তথন ভীমসেনকে সংবাদ দিলেন।



স্থভদার মুখে সমস্ত বৃত্তান্ত শুনিবার জন্য যুথিন্ঠির সহ অর্জ্জ্ন অন্তঃপুরে গেলেন। স্থভদার মুখে সমস্ত শ্রবণ করিয়া অর্জ্জ্ন বিস্মিত হইয়া বলিলেন "ব্রহ্মা, বিষ্ণু, শিব ঘাঁহাকে আশ্রেয় দিতে অসমর্থ, তুমি কোন সাহসে তাঁহাকে আশ্রয় দিলে ?"

মুজ্জার ব্যবহারে স্তম্ভিত হইলেন। তাঁহারা এখন কুরুক্ষেত্র-যুদ্ধের আয়োজন করিতে ব্যস্ত আছেন। এই যুদ্ধে কৃষ্ণই একমাত্র বল ভরসা— এখন তাঁহার বিরুদ্ধে কিরুপে যুদ্ধে প্রবৃত্ত হন ? স্ভদা বলিলেন "শ্রীকৃষ্ণের ভগ্নী—পাণ্ডবকুলবধূ—মধ্যম পাণ্ডবের পঞ্লী—অভিমন্যুর
মাতা স্থভদা কখনও ক্ষাত্রধর্ম জলাঞ্চলি দিতে
পারেনা। নিরাশ্রয়কে আশ্রয় দেওয়া ক্ষত্রিয়ের
সর্ববপ্রধান ধর্ম। আমি তাহাই করিয়াছি।
এই ধর্মাযুদ্ধে দাদা শ্রীকৃষ্ণ কেন,—সমস্ত পৃথিবী
সমবেত হইলেও, স্থভদা পশ্চাৎপদ হইবেনা।"

যুখিন্ঠির বলিলেন—"সম্মুখে ভীষণ কুরুক্ষেত্র ।
যুদ্ধ উপস্থিত, এ সময়ে আমাদের একমাত্র ভরসা
শ্রীক্ষের সহিত শক্রতা স্থাপন করা কি কর্ত্তব্য ?"

স্থভদা দেখিলেন ধর্ম্মরাজ্বেরও মতিবিশ্রম ঘটিয়াছে, তিনি ধর্ম অপেক্ষা রাজ্যলোভে অধিকতর লুক্ক হইয়াছেন। বিনীত ভাবে বলিলেন—"আমি আপনাদিগকে, আপনাদের স্থার বিরুদ্ধে, যুক্ক করিতে বলিতেছি না। আপনারা অমুগ্রহ পূর্বক অধিনীসহ দণ্ডীকে রাধিবার জন্ম একটুকু স্থরক্ষিত স্থান প্রদান করুন এবং দূরে দাঁড়াইয়া দেখুন,—আমরা মাতা পুত্রে গঙ্গাতীরে বাঁহাকে

আশ্রয়দান করিয়াছি, কিরূপে তাঁহাকে রক্ষা করি—যিনি 'আমাদের অস্ত্র শিক্ষার গুরু, কিরূপে 'তাঁহাকে ধর্ম্মযুদ্ধে পরাজিত করি। নিশ্চয় জানিবেন—ধর্মের বিরুদ্ধে ত্রিভূবন একত্রিত হইলেও জয়লাভ করিতে পারিবে না। আমি অতিবিনীত ভাবে ইহাও বলিতেছি—কৃষ্ণ ধর্ম্ম-আশ্রিত, স্বধর্ম রক্ষা না করিলে কৃষ্ণের অনুগ্রহ পাওয়া যায় না।"

মুভদার কথা শুনিয়া ভীম প্রতিজ্ঞা করিয়া বলিলেন "আপনি নিশ্চিন্ত থাকুন, আমি একাকী দণ্ডীকে রক্ষা করিব।" অজ্জুন চল চল নেত্রে যুধিষ্ঠিরের দিকে চাহিয়া রহিলেন। যুধিষ্ঠির বলিলেন,—"হাঁ মা সত্যই বলিয়াছ—কৃষ্ণ ধর্ম্মের আশ্রিভ, স্বধর্ম্ম রক্ষা না করিলে, কৃষ্ণের অনুগ্রহ পাওয়া যায় না। তুমি আমাদের কুললক্ষী, তুমি যে ভাবে কৃষ্ণকে চিনিতে পারিয়াছ, আমরা এখনও সে ভাবে চিনিতে পারি নাই, মা আজ তুমি ধর্ম্মের মর্ম্ম বুঝাইয়া দিলে। আমারও

প্রতিজ্ঞা-পাণ্ডববংশ নির্মাল না হইলে কেহ দণ্ডীরাজের কেশাগ্রও স্পর্শ করিতে পারিবে না।" তখন যুদ্ধের আয়োজন হইল। কুরুকুল পাণ্ডবদের সহিত যোগদান করিল। শ্রীকৃষ্ণ ব্রকা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি দেবগণকে সমবেত পূর্ববক যুদ্ধক্ষেত্রে অগ্রসর হইলেন। দেবগণসহ মহাদেব পুনঃ পুনঃ পরাজিত হইলেন। তাহাতে ক্রুদ্ধ হইয়া, ভগবতী পাণ্ডব বিনাশে খড়গ হস্তে যুদ্ধক্ষেত্রে প্রবেশ করিলেন। অফটবজ্র সম্মিলিত হইল। অশ্বিনী শাপ মুক্ত হইয়া উর্ববসী মূর্ত্তি ধরিলেন। 'স্বভদ্রা শ্বেতপতাকা হস্তে উভয় দলের মধ্যে দণ্ডায়মান হইয়া অশ্বিনীর মুক্তি ঘোষণা করিলেন। যুদ্ধ ক্ষান্ত হইল। সমস্ত **८** एन वर्ग भारत पार्थ पार्य ধর্ম্মযুদ্ধে ত্রিজগতে তাঁহাদের অতুল গৌরব রহিয়া গেল। কৃষ্ণ সহাস্থবদনে পাণ্ডবদের সম্বৰ্দ্ধনা করিলেন, ভগ্নীর গৌরবে নিজেও গৌরবাশ্বিত হইলেন।




## ় অফীদশ অধ্যায় অভিমন্ত্যুর যুদ্ধযাত্রা।

কুরুক্ষেত্র নামক বিস্তৃত প্রাস্তরে কুরুসৈতা ও পাণ্ডব সৈত্য সমবেত হইয়াছে। ভারতের বিভিন্ন প্রদেশের রাজত্যবর্গ, কেহ পাণ্ডব পক্ষে, কেহ তুর্ব্যোধনের পক্ষে, সদৈত্যে যোগ দিয়াছেন। শ্রীকৃষ্ণ উভয় পক্ষের মন স্তৃত্তির জন্ত, একদিকে তাঁহার নারায়ণী সেনা রাখিয়া ও অপর দিকে নিজে নিরন্ত্র থাকিয়া কহিলেন যাহার যাহা ইচ্ছা গ্রহণ কর। তুর্যোধন মহাহর্ষে যমোপম নারায়ণী সেনা লইলেন এবং অর্জ্জুন ভক্তিভরে নিরন্ত্র শ্রীকৃষ্ণকে লইয়া নিজ রথের সারথি করিলেন।


উভয়পক্ষের সৈত্য সমবেত হইয়াছে।

ক্রীকৃষ্ণ অব্দুর্নের রথ উভয় পক্ষের সৈত্যের মধ্য
ভাগে স্থাপন করিলেন। অব্দুন চতুর্দ্দিক
নিরীক্ষণ করিয়া দেখিলেন—কুরু পাণ্ডবদের
রাজ্য রক্ষার জত্য ভারতের অসংখ্য রাজা ও সৈত্য



শ্রীকৃষ্ণ, যুদ্ধের প্রারম্ভেই অর্জ্জুনের এইরূপ
চিত্ত-দৌর্বল্য লক্ষ্য করিয়া, চিন্তিত হইলেন। যুদ্ধ-ক্ষেত্রে তাঁহাকে উপদেশ দিতে আরম্ভ করিলেন।
অর্জ্জুনের প্রত্যেক সন্দেহাত্মক প্রশ্নের মীমাংসা
করিয়া তাঁহার সকল সন্দেহ দূরীভূত করিলেন।
শ্রীকৃষ্ণের এই উপদেশাবলী সঙ্কলন করিয়া
বেদব্যাস "গীতা" নামে ধর্ম প্রস্থ প্রচার করি-লেন। ইহাতে কর্ম্মযোগ, জ্ঞানযোগ, ভক্তিযোগ,
বৈরাগ্য প্রভৃতি ধর্মা ব্যাখ্যা স্থান পাইয়াছে।


স্তদ্রা ও অভিমন্থ্য গীতার উৎকৃষ্ট ব্যাখ্যা করিয়া, কি কুরু, কি পাওব, উভয় পক্ষীয় সেনা-পতি হইতে সামান্ত সৈনিক পর্যান্ত সকলকে ধর্ম মুদ্ধে উত্তেজিত করিতে লাগিলেন।



এমন সময়ে যুধিষ্ঠিরের দূত আসিয়া অভিমন্ত্রাকে সংবাদ দিলেন—কুরুসেনাপতি দ্রোণ
চক্রবুহে নির্মাণ করিয়া ভরানক যুদ্ধ করিতেছেন। স্বয়ং অর্জ্জুন সংসপ্তকযুদ্ধে প্রবুত্ত।
পাণ্ডব পক্ষে আপনি ভিন্ন চক্রবুহে ভেদ করিবার
কৌশল জানেন, এমন দ্বিতীয় ব্যক্তি নাই। এই
জন্ম মহারাজ যুধিষ্ঠির আপনাকে পাণ্ডব পক্ষের
সেনাপতি পদে বরণ করিয়া, এই রাজমুকুট ও
দিব্য অন্ত্র পাঠাইয়াছেন।

ষোড়শবর্ষবয়স্ক বালক, অপ্রত্যাশিত সেন-পতির পদে বরিত হইবার কথা শুনিয়াই শর শধ্যা শায়িত ভীম্মদেবের পাদমূলে প্রণত





অভিমন্যু স্বীয় শিবিরে আসিয়া দেখেন— উত্তরা মলিন বদনে বসিয়া আছেন। তিনি গত রাত্রে স্বপ্ন দেখিয়াছেন—সাতটা বাঘ এককালে অভিমন্যুকে আক্রমণ করিয়া বিনাশ করিয়াছে। সেই অবধি তাঁহার অশ্রুপাতের বিরাম নাই। কত বলিয়া কহিয়া আজ অভিমন্যুর যুদ্ধে যাওয়া বন্ধ রাখিয়াছিলেন। কিন্তু মহারাজ কর্তৃক সেনা-পতিপদে বরণের কথা শুনিয়া, তাঁহার ছশ্চিন্তা আরও বাড়িয়াছে।

অভিমন্যু উত্তরাকে দেখিয়াই বলিলেন—





"উত্তরা আজ তোমার পরম সোভাগ্য। নহারাজ্ঞ আজ আমাকে পাণ্ডব সৈন্থের সেনাপতি-পদে বরণ করিয়াছেন। বল দেখি কাহার স্বামী এত অপ্লবয়সে এমন গৌরবজনক পদ লাভ করিয়াছে?"

উত্তরা অভিমন্মার পায়ে ধরিয়া কাঁদিতে কাঁদিতে বলিলেন "আমি সে সোভাগ্য চাহি না। আজ কিছুতেই তোমাকে যুদ্ধে যাইতে দিব না। আজই বুঝিবা আমার সোভাগ্যের শেষ দিন—আজ যুদ্ধে গমনে ক্ষান্ত দাও।"

অভিমন্তা সম্নেহে উত্তরাকে উঠাইরা, তাঁহার চক্ষের জল মুছাইয়া বলিলেন, "তুমি ক্ষত্রিয় ক্যা, তোমার কি, এ দৌর্বলা শোভা পায় ? তোমার কথায় যুদ্ধে যাইব না ঠিক করিয়াছিলাম। কিন্তু মহারাজ যখন সেনাপতি করিয়াছেন, তখন তাঁহার আদেশ উপেক্ষা করি কেমনকরিয়া? অসংখা পাণ্ডব সৈক্য বিনাশ পাই-ভেছে। কেহই চক্রব্যুহ ভেদ্ধ করিতে

পারিতেছেন না। আমি যুদ্ধক্ষম হইয়া এ দৃশ্য শিবিরে বসিয়া কিরূপে দেখিব ? ,আমি অভি অল্প সময়ের মধ্যেই চক্রবাহ ভেদ করিয়া, পাণ্ডব সৈন্যের যুদ্ধের স্থবিধা করিয়া দিয়া, ভোমার নিকট চলিয়া আসিব। তুমি ততক্ষণ মায়ের নিকট থাকিয়া গীতার ধর্ম্ম-ব্যাখ্যা শুনিয়া শান্তি লাভ কর।"

তখন রাজমুকুট ও দিব্য অস্ত্রের সহিত হুভদ্রা সেই শিবিরে প্রবেশ করিলেন। উত্তরা তাঁহার পায়ে পড়িয়া, অভিমন্যুকে অগুকার যুদ্ধে গমনের নিষেধ জন্ম প্রার্থনা জানাইলেন। গত রাত্রের স্বপ্লের বিবরণ ও বলিলেন।

স্থভদা সম্নেহে উত্তরকেে উঠাইয়া বলিলেন
—"মা সকলই ভগবানের হাত। কেহই
নিয়তির বাধা জন্মাইতে পারে না। যদি নিয়তি
সেই রূপই হয়, তবে তুমি অভিকে শিবিরে বদ্ধ
করিয়া রাখিলেও তোমার স্বপ্নে দৃষ্ট সপ্তব্যাত্মের
হাত হইতে তাহাকে রক্ষা করিতে পারিবে না।

আর যদি নিয়তি প্রসন্ন থাকেন, তবে সপ্ত কেন—
সমস্ত কুরুসৈত্য সমবেত যুদ্ধ করিয়াও, আমার
বাছার কেশ স্পর্শ করিতে পারিবে না। তুমি
হাষ্টচিত্তে কুমারের যুদ্ধ যাত্রার আয়োজন কর।
সব অন্ত্র শস্ত্র আনিয়া দাও। আমি নিজ হাতে
কুমারকৈ যুদ্ধ সাজে সাজাইয়া দিতেছি।"

স্থভনার নির্দেশ অমুসারে উত্তরা বর্ম্ম, চর্ম্ম,
অসি, ধমু প্রভৃতি ক্রমে ক্রমে আনিতে লাগিলেন।
মুভদ্রা একে একে সমস্ত পরাইলেন। পরে
মঙ্গল ঘট স্থাপন পূর্বেক কুমারকে বিদায় দিলেন।
বলিলেন "বৎস অভি, মনে রাখিও—তুমি
জগতের অদ্বিতীয় বীর অর্জ্জুনের পুত্র—স্বয়ং
ভগবান শ্রীকৃষ্ণের ভাগিনেয় ও শিষ্য—আর আমি
তোমার মা—তোমাকে আদেশ করিতেছি,
মহারাজ যে কার্য্য সাধন করিতে অন্ত এই আশাতীত গৌরবজনক পদে বরণ করিয়াছেন, সেই
কার্য্য সাধন না করিয়া, প্রাণ থাকিতে শিবিরে
ফিরিও না। যুদ্ধক্ষেত্রে পৃষ্ঠপ্রদর্শন করিয়া



পিতার নামে, মাতুল গোবিন্দের নামে, কলক্ষ লেপন করিও না।" স্কুজ্ঞা এই বুলিয়া অভি-মন্মুর শিরত্রাণ লইয়া বিদায় দিলেন। কর্যোড়ে সজল নয়নে ভগবানের নিকট প্রার্থনা করিলেন —"দাদা, আজ প্রাণের ধন অভিকে, তোমার পদে অর্পণ করিলাম, তোমার ইচ্ছাই যেন পূর্ণ হয়।"

এই বলিয়া, স্থভদ্রা উত্তরার সহিত নিজ শিবিরে প্রবেশ করিলেন। গীতার নিক্ষাম ধক্ষ ব্যাখ্যা করিয়া উত্তরাকে শান্ত করিতে লাগিলেন এবং নিজেও শান্তি লাভের চেফা করিলেন।

### উনবিংশ অধ্যায় পুত্রশোক।

আজ কুরুশিবিরে হাহাকার ধ্বনি উঠিয়াছে। অভিমন্মার অলোকিক বীরত্বে, কুরুদৈন্য নিঃশেষ হইবার উপক্রম দেখিয়া, ছুর্য্যোধন প্রভৃতি সপ্ত মহারথী, একসঙ্গে অভিমন্মাকে আক্রমণ করিল। কিন্তু সেই সমবেত সপ্ত-শক্তিও, বালক অভিমন্ত্যার নিকট সপ্তবার পরাজিত হইল। যখন অভিমন্ত্য নিরস্ত্র, অবিরাম যুদ্ধে অবসন্ন, তাঁহার সাহায্যার্থ, একজন পাণ্ডব সৈন্তত্ত প্রবেশ করিতে পারে নাই। তখন অবসন্ন সিংহশাবককে অসংখ্য কুরুসৈন্ত একত্রিত হইয়া বিনাশ করিল। সন্ধ্যাসমাগ্যে কুরুসেন্তের জয়ধ্বনি উপিত হইল।

এদিকে সংসপ্তক যুদ্ধে জয়লাভ করিয়া, জয়ধ্বনির সহিত অর্জ্জন শিবিরে ফিরিতেছিলেন। উভয়
পক্ষে জয়ধ্বনি শুনিয়া সকলেই বিস্মিত।
আর্জ্জন শিবিরে প্রবেশের পূর্বেনই, অভিমন্মার
মৃত্যু সংবাদ পাণ্ডব শিবিরে আসিয়াছিল। আজ
কেহই অর্জ্জনকে পূর্বব পূর্বব দিনের মত
অভার্থনা করিতেছে না। সকলেই যেন শোকসাগরে মৃয়মাণ। অর্জ্জনের চিত্ত উদ্বেলিত হইয়া
উঠিল। শ্রীকৃষ্ণের নিকট বিনীত ভাবে ইহার
কারণ জানিতে চাহিলেন।

প্রীকৃষণ, অভিমন্মার যুদ্ধ যাত্রার কথা অবগত


ছিলেন। তিনিই যুধিষ্ঠিরকে বলিয়াছিলেন—
"অভিমন্মই চক্রবাহ ভেদ করিতে সমর্থ, তাহাকেই
সেই কার্যো নিযুক্ত করুন। অর্জ্জনের সংসপ্তক
যুদ্দ পরিত্যাগ করিয়া যাইবার সম্ভাবনা নাই।"
শীকৃষ্ণ বুঝিয়াছিলেন—আজ অভিমন্মকে বধ
করিয়াই কুরুগণের এত জয়গরনি।

পিতামহকে শরশযায় পাতিত করিয়া—
পুনর্বার অর্জ্জনের অবসাদ জন্মিয়াছিল। শ্রীক্রন্ধ
অর্জ্জনকে উত্তেজিত করিবার স্ত্যোগ খুঁজিতে
ছিলেন। অর্জুন যাহাতে পুত্রশোকে কাতর
না হইয়া—পুত্র হন্তাদের প্রতিশোধ দানে প্রবৃত্ত
হন, সেই ভাবে উত্তেজিত করিতে প্রস্তুত হইলেন।
রথ ফিরাইয়া, যুদ্ধক্ষেত্র—যেখানে অভিমন্যুর মৃত্ত
দেহ আছে—সেই খানে লইয়া গেলেন। দেখিলেন
—অভিমন্যুর মৃতদেহ কোলে লইয়া, স্কৃত্রা স্থির
দৃষ্টিতে চাহিয়া আছেন। উত্তরা, পতির পদতলে
মূর্চিছতা।

কৃষ্ণাৰ্জ্নকে দেখিয়া, স্ভদার শোকাবেগ

উথলিয়া উঠিল। দরবিগলিত ধারায়, অশ্রু, গণ্ড বাহিয়া পড়িটে লাগিল। কুষণাৰ্জ্জন রথ হইতে অবতরণ করিতে না করিতেই, স্বভদ্রা অভিমন্থাকে কোলে করিয়া, নরনারায়ণের পদ প্রান্তে স্থাপন করত বলিলেন,—"দাদা আজ অভাগিণীর চির বাঞ্জিত ধন তোমার চরণে অর্পণ করিয়া কুতার্থ হইলাম।" এই বলিয়া একবার অজ্জুনের দিকে চাহিলেন। অজ্জুন অভিমন্তুরে মৃতদেহ দেখিয়া, শোকে অভিভূত হইয়া, "বাবা অভি" "বাবা অভি" বলিতে বলিতে, ছিন্নমূলতকর স্থায় পড়িয়া গেলেন। মৃতদেহ বক্ষে করিয়া, আকুল প্রাণে কাঁদিতে লাগিলেন। এমন সময়, যুধিষ্ঠির, ভীম প্রভৃতি সেখানে উপস্থিত হইলেন। শোক সাগর যেন উদ্বেলিত হইয়া উঠিল। স্থাং তুঃখে. নির্বিকার শ্রীকৃষ্ণ বুঝিয়াছিলেন—ভায়যুদ্ধে অভিমন্থাকে বিনাশ করিতে পারে—কুরুপক্ষে এমন বীর নাই। কে, কি উপায়ে অভিকে বধ করিয়াছে, জানিবার জন্ম ব্যগ্র হইলেন।


তখন ভগ়দূত, একে একে অভিমন্থার অতুল বীরত্বের কথা বলিতে লাগিল—সকলে শোক সন্তাপ ভূলিয়া গিয়া সেই বীরত্ব-কাহিনী-রূপ অমূতরাশি পান করিতে लाशित्वन । সপ্তমহারথীর সম্মিলিত আক্রমণ ও তাহাদিগের সপ্তবার পরাজ্যের কথা শুনিলেন, তখন অজ্ন, অভিকে স্নেহে আলিঙ্গন করিয়া বলিলেন,—"ধন্য অভি, তুমি জগতে অতুল কীর্ত্তি রাখিয়া গেলে। এই সপ্তমহারথীর সমবেত আক্রমণ হইতে, বোধ হয় আত্মরক্ষার শক্তি জগতে কাহারও নাই।" শীকৃষ্ণ বলিলেন—"কি অধৰ্মণু কি অধৰ্মণু ক্ষত্রিয়ে কি এই রূপ অধর্ম্ম-যুদ্ধ করিতে পারে ?" দৃত বলিল "অবিশ্রান্ত যুদ্ধ করিতে করিতে অবসন্ধ কুমার যখন অস্ত্র শস্ত্রশৃত্যহইয়া, যুদ্ধক্ষেত্রে বসিয়া-ছিলেন, তখন লুকাইত-সপ্তর্থী একত্রে মিলিয়া, তাঁহাকে পুনর্বার আক্রমণ করিয়া নিধন করিয়াছে। হায়, এই ভীষণ যুদ্ধে, কুমারের সাহায্য করিবার জন্ম,পাণ্ডব পক্ষে একজন সেনানীও ছিলেন না।"



শ্রীকৃষ্ণ আবার বলিলেন—"ধিক্, ধিক্, যাহারা এইরূপ নিরস্ত্র, নিঃসহায় শিশুকে বিনাশ করে, তাহাদের জীবনে ধিক্, তাহারা বীরের কলক্ষ পৃথিবীর আবর্জ্জনা—তাহাদিগকে পৃথিবী হইতে বিতাড়িত করাই উচিত।"

অজ্ন, শ্রীকুম্ণের কথায় যোগ দিয়া বলিলেন "সত্য, এইরূপ বীর-কলঙ্ক দিগকে পৃথিবী হইতে বিতাড়িত করিতেই হইবে।" শ্রীকৃষ্ণ বলিলেন "সাধু, সাধু, তোমার মত বীরের, পুত্র দোকে কাতর না হইয়া, পুত্রহন্তাদের প্রতিশোধে বন্ধপরিকর হওয়াই উচিত।" শ্রীকৃষ্ণের কথা শেষ হইতে না হইতেই, অর্জ্জুন উৎসাহের সহিত, পুত্রহস্তাদের বিনাশসাধনে প্রতিজ্ঞাবন্ধ হইলেন। শ্রীকৃষ্ণ তাঁহাকে আরও উত্তেজিত করিতে লাগিলেন।

অর্জ্ন, ক্রমে জয়দ্রথ, দ্রোণ, কর্ণ, প্রভৃতির বিনাশ সাধন করিলেন। ভীম, দুর্ব্যোধনাদি নিরানববই প্রাতার বিনাশ সাধন করিলেন। কেবল



এইরূপ, অফ্টাদশ দিনের যুদ্ধে, উভয় পক্ষের অফ্টাদশ অক্ষোহিনী সৈন্ম বিনাশ পাইল। পাওবপক্ষে পঞ্চপাণ্ডব ও শ্রীকৃষ্ণ, কুরুপক্ষে সাত্যকি, অশ্বপামা, কুপাচার্যা ও দুর্ব্যোধনের এক ল্রাতা, এই দশজন জীবিত রহিলেন।

যুধিষ্ঠির হস্তিনার সিংহাসনে উপবেশন করিয়া ভারতের একছত্র সমাট হইলেন। শ্রীকৃঞ্চের বাঞ্জিত ধর্মারাজ্য স্থাপিত হইল। ধর্মারাজ যুধিষ্ঠিরের স্থাশনে ভারতের সকলেই স্থথে কাল কাটাইতে লাগিলেন।

#### বিংশ অধ্যায় লীলাবসান।

যুদ্ধান্তে একিঞ, শান্তিগীতার বর্ণনা করিয়া পুত্র-শোকাতুরা স্থভদার প্রাণে শান্তি আনিলেন। স্থভদাও, শান্তিগীতার ব্যাখ্যা করিয়া, পুত্রহীনার পুত্রশোক, প্রতিহীনার প্রতিশোক, পতিহীনার পতিশোক ভুলহিতে লাগিলেন। তাঁহার ব্যবহারে সকলেই মুগ্ধ। তিনি যে, কেবলই শান্তিগীতার ব্যাখ্যা করিয়াই সকলকে শান্তি দেন, এমন নহে। সন্তানহীনাকে "মা" ডাকিয়া, সন্তানের মত সেবা শুশ্রমায় তাহার তুটি বিধান করেন। যাহার যে অভাব, তিনি তাহা জানিতে পারিয়া, প্রাণপণে তাহার প্রতিবিধান করেন। যখন শ্রীকৃষ্ণ দেখিলেন—স্কভ্রা পুত্র শোক ভুলিয়া-ছেন, তখন তিনি দ্বারকায় ফিরিয়া আসিলেন।

শ্রীকৃষ্ণ, একদিকে ষেমন ধর্ম্মরাজ্যের চির
শাস্ত্রির আভাস পাইয়া প্রফুল্ল হইতেছেন, অন্যদিকে
তেমনি যাদবগণের উচ্ছুম্খল ব্যবহারে, ভয়ঙ্কর
মশান্তির আশঙ্কা করিতে লাগিলেন। তিনি
ভাবিলেন—অসংখ্য যাদব জীবিত থাকিলে, ধর্মন রাজ্যে অশান্তির আবির্ভাব হইতে পারে। যাদব-দের মধ্যে মদিরার প্রচলন হইয়াছে । বিলাস বৈভবে সকলেই মন্ত্র। আজ্য-স্থুখ সাধনের জন্ম পরস্পরে আত্মকলহ চলিতেছে। শ্রীকৃষ্ণ ভাবিয়া আকুল। কোন উপ্পায়েই যতুবংশে শান্তি স্থাপন করিতে পারিলেন না। তথন ভাবিলেন,— তুর্ববাসার অভিশাপে যতুবংশের ধ্বংসই অনিবার্যা। সেই জন্ম তিনি প্রভাসে যত্তের অনুষ্ঠান করিলেন। সমস্ত ভারতে যত্তের অনুষ্ঠান করিলেন। সমস্ত ভারতে যত্তের ঘোষণা হইল। কৃষ্ণ-ভক্তগণ একে এভাসে সমবেত হইলেন। কৃষ্ণগুণ গানে, অনন্ত আকাশ, অসীম সমৃদ্র, উৎফুল্ল হইয়া উচিল। কৃষ্ণবলরাম ভক্তসঙ্গে নৃত্যগীতে বিভোর রহিলেন। যাদবগণের কথা ভাবিবার অবসর রহিল না।

এদিকে, যাদবগণ নানা প্রকার বিভৎস কার্য্যেরত হইলেন। মদমত অবস্থায়, পরস্পর আজ্ব-কলহে বিনাশ প্রাপ্ত হইতে লাগিলেন। ক্রমে ক্রমে যতুবংশ ধ্বংস হইতে লাগিল।

বলরাম, যতুবংশের তুরাবস্থা দর্শনে, ব্যথিত হৃদয়ে দেহ ত্যাগ করিবার সক্কল্প করিয়া, সমুদ্র কুলে উপবেশন করিলে, তাঁহার নাসিকা হইতে এক অজগর বাহ্নির হইয়া অনন্তফণা বিস্তারপূর্বিক সমুদ্রের দিকে প্রসারিত হইতে লাগিল।

শ্রীকৃষ্ণ, দাদার শোকে ব্যথিত হইয়া, নিম্ব বৃক্ষমূলে ধ্যানস্থ হইলেন। এক ব্যাধ, মৃগভ্রমে তাঁহার পদে বাণ বিদ্ধ করিল্লেন। এইরূপে শ্রীকৃষ্ণের লালিরি অবসান হইল।

অর্জ্জুন ও স্থৃভদ্রা, প্রভাসযুক্তের সংবাদ পাইরাই, দ্বারকায় আসিতে প্রস্তুত হইরাছিলেন। কিন্তু ঘটনা বশতঃ, আসিতে তাঁহাদের কালবিলম্ব ঘটিল। তাঁহারা পথে পথে, কত অপরূপ দৃশ্য দেখিতে লাগিলেন। ভক্তগণ কৃষ্ণগুণ গানে বিভার হইরা পথে চলিতেছেন—তাঁহাদের পথ শেষ হইতেছে না। স্থভদ্রা ও অর্জ্জুন, তাঁহাদের কৃষ্ণগুণ গানে বিমুগ্ধ, স্থৃতরাং তাঁহা-দিগকে ছাড়িয়া আসিতে পারিতেছেন না। কত যাত্রী, পথশ্রান্ত ও ক্ষুৎপিপাসায় কাতর হইয়া, পথপ্রান্তে পড়িয়া, "কৃষ্ণ কৃষ্ণ" বলিতেছেন।



স্থভদ্রা, দৈখিবামাত্রেই, তাঁহাদের শুশ্রাষায় নিযুক্ত হইতেছেন। অর্জ্জন জল অন্বেষণে ছুটিতেছেন। জলদানে তাঁহাদের শান্তি বিধান করিতেছেন। এইরূপে, পথে পথে, তাঁহাদের অনেক বিলম্ব ঘটিল। যখন তাঁহারা প্রভাসের নিকটবর্তী হইলেন, তখন দেখিলেন—প্রভাসের যাত্রীগণ, কৃষ্ণগুণ গান করিতে করিতে ফিরিতেছেন। তাহাদের মুখে শুনিলেন, প্রভাসযক্ত শেষ হইয়াছে—যতু বংশ ধ্বংস হইয়াছে। বলরাম দেহত্যাগ করিয়াছেন। শ্রীকৃষ্ণ সকলকে প্রভাস ছাড়িয়া যাইতে আদেশ দিয়া, স্বয়ং ধ্যানস্থ রহিয়াছেন।

এই কথা শুনিয়া ভদ্রাৰ্জ্জন উদ্ধশ্যসে ছুটিলেন। প্রভাসে পৌছিয়া যাহা দেখিলেন, তাহাতে উভয়ে স্তম্ভিত হইলেন। যাদবগণের স্থপীকৃত মৃত দেহ দেখিয়া, তাঁহারা শিহরিয়া উঠিলেন। অনন্তনাগ-ভূষিত অনন্তদেবের দেহ দেখিয়া বিশ্মিত হইলেন। ধ্যানস্থ শ্রীকৃষ্ণের

উদ্দেশে ছুটিলেন। দেখিলেন—তিনি প্রাণ শূন্য। স্বভদ্রা এ দৃশ্য দেখিয়া মর্মাহত হইলেন।

স্বভদ্রা আর এ শোকভার দহ্য করিতে পারিলেন না। তিনি অর্জুনের চরণে কাতর প্রার্থনা জানাইলেন—"প্রভু ক্সামার সব গেল। দাদারা গেলেন—তাঁহাদের চিহ্নও গেল। একান্ত বাসনা ছিল--আমার ত্রিদেবতা-কৃষ্ণ, বলরাম ও অজ্জু নের মূর্ত্তি, একাসনে স্থাপন করিয়া তাঁহাদের পূজা জগতে প্রচার করিব। আমার সে বাসনা বেন পূর্ণ হয়। আমার ত্রিদেবতার দারুমূর্ত্তি, এমন স্থানে স্থাপন করিও, যেন ভারতের সমস্ত নরনারী তাঁহাদের পূজা করিয়া চরিতার্থ হয়। আমার শেষ প্রার্থনা।" স্থভদ্রা ইহাই অজ্বনের মুখের দিকে চাহিয়া, উত্তরের অপেক্ষা রহিলেন। অজুন বলিলেন "মুভদ্রা, অ' তোমার প্রার্থনা পূর্ণ করিব, কিন্তু আমি 🔞 বলরামের সঙ্গে একাসনে স্থান উপযুক্ত নহি। আমি ছই দেবভাতার মধ্য



স্থলে, তাঁহাদের প্রাণের ভগিনী দেবী স্বভদ্রার মূর্ত্তি স্থাপন করিয়। তাঁহাদের সেকা করিব।" অর্জ্জুনের কথা শেষ হইতে না হইতেই, স্বভদ্রা, তাঁহার পদধূলি মস্তকে লইয়া, শ্রীক্ষণ্ডের চরণে পতিত হইলেন। তাঁহারও লীলা অবসান হইল। অর্জ্জুন শোকসন্তপ্ত চিত্তে, পবিত্র নিম্বরক্ষ ছেদন করিয়া, শিল্পীসাহায্যে কৃষ্ণবলরাম ও স্বভদ্রার মূর্ত্তি প্রস্তুত করিলেন। ভারতের পূর্বন

প্রান্তবাসীগণ, তখনও কৃষ্ণভক্তির সাদ পান নাই। তাই তিনি ভারতের পূর্বন প্রান্তে, সমুদ্র তীরস্থ

ব্যবস্থা করিলেন। ভারতের সর্বব সম্প্রাদায়ের লোক, আজও সেই কৃষ্ণ-বলরাম সহ, স্বভ্রদার

পুরীধামে, এই ত্রিমৃত্তি স্থাপন





# খোকাখুকুদের জন্য

১। খোকাবাবুর ক্থ

e) 3

২। খুকুরাণীর খেল।

1/2

## বালকবালিকা ও যুবকযুবতীর জন্য সতী-কথা গ্রন্থাবলী

